The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 902 | 26 December 2025 | শুক্রবার ১১ পৌষ অগ্রহায়ণ ১৪৩২



Mamdani endorses Diana Moreno to replace his former Assembly seat

→ Page 19



Elise Stefanik Drops Out of NY Governor's Race and Is Leaving Congress

→ Page 18



New York minimum wage increasing again January

→ Page 19



Trump Backs Blakeman for NY Governor After Stefanik Drops Out

→ Page 18



# বাংলার লুথার কিং'র ঐক্যের ডাক

## তারেক রহমান দিলেন বার্তা বিএনপি দেখাল জনসমর্থন

আজকাল রিপোর্ট

'অস্থিরতা ও বিশৃঙ্খলা' কমিয়ে গণতন্ত্রের উত্তরণে তারেকের ফেরাকে গুরুত্বপূর্ণ হিসেবে দেখছেন দেশের রাজনীতিকরা। বিভিন্ন মিডিয়ায় তারা বলেছেন, সমগ্র এরপর ৩৯ পৃষ্ঠায়

হাসান মাহমুদ

দেশ যখন ধ্বংসস্তূপের দ্বারপ্রান্তে, দিনদুপুরে মানুষ ঘর থেকে যখন বের হতে ভয় পায়, অফিস ও রাজপথে মব সন্ত্রাস; গুলি-বিশৃঙ্খলা তখন দেশকে রক্ষার জন্য জনতার প্রিয় নেতা তারেক রহমান (৬০) লন্ডনে ১৭ বছরের নির্বাসন শেষে ফিরেছেন। তিনি ঢাকার পূর্বাচলের ৩শ' ফিট সড়কের বিশাল জনসমুদ্রে দাঁড়িয়ে শান্তির ডাক দিয়েছেন ২৫ ডিসেম্বর বিকেলে। ভাষণে তিনি কোন বিদ্বেষ, হিংসা, প্রতিশোধ না ছড়িয়ে দেশের অর্থনীতির উন্নয়ন, আইন শৃঙ্খলা রক্ষা, নিরাপদ দেশ গড়া নিয়ে লাখ লাখ জনতার উদ্দেশ্যে বলেন, 'আই হ্যাভ এ প্ল্যান'। যুক্তরাষ্ট্রের নাগরিক অধিকার আন্দোলনের বিখ্যাত নেতা মার্টিন লুথার কিংয়ের কথা স্মরণ করে তারেক রহমান বলেন, 'তাঁর একটি বিখ্যাত ডায়ালগ আছে- 'আই হ্যাভ অ্যা ড্রিম। আজ এরপর ৩৮ পৃষ্ঠায়



## যুক্তরাষ্ট্রের স্টুডেন্ট ভিসা হঠাৎ করেই হ্রাস

আজকাল রিপোর্ট

বাংলাদেশি শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের ভিসা পাচ্ছেন না। অথচ গত ২০২৩ ও ২০২৪ সালে প্রায় ২৫ হাজার বাংলাদেশি শিক্ষার্থী স্টুডেন্ট ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে এসেছেন। লেখাপড়া করছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে। কিন্তু ২০২৫ সালের শেষ ৬ মাসে ভিসা প্রাপ্তির এরপর ৩৮ পৃষ্ঠায়

## প্লাস্টিকের চেয়ারে বসলেন তারেক

আজকাল রিপোর্ট

১৭ বছরের নির্বাসিত জীবন শেষে আজ বৃহস্পতিবার দেশে ফিরেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বেলা ৩টা ৫০ মিনিটে রাজধানীর পূর্বাচলে গণসংবর্ধনা মঞ্চে ওঠেন তিনি। এরপর ৩৯ পৃষ্ঠায়

## বিশ্ব গণমাধ্যমে তারেককে 'সম্ভাব্য প্রধানমন্ত্রী' বলে উল্লেখ

আজকাল রিপোর্ট

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ১৭ বছর পর যুক্তরাজ্যের লন্ডন থেকে দেশে ফিরেছেন। বাংলাদেশ সময় বৃহস্পতিবার বেলা ১১টা ৩৯ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি উড়োজাহাজে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন তিনি। এরপর ৩০০ ফুটের জুলাই-৩৬ এক্সপ্রেসওয়েতে গণসংবর্ধনায় লাখ লাখ কর্মী ও সমর্থকদের উদ্দেশে বক্তৃতা করেন। এরপর ৩৯ পৃষ্ঠায়

## জানুয়ারি থেকে নিউইয়র্কে আবারও বাড়ছে বেতন

আজকাল রিপোর্ট

২০২৬ সালের ১লা জানুয়ারি নিউইয়র্ক রাজ্যে সর্বনিম্ন মজুরি ৫০ সেন্ট বাড়তে চলেছে। নিউইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং এরপর ৩৮ পৃষ্ঠায়
































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416



# 'হৃদয়ে বাংলাদেশ'র বিজয় দিবস উৎযাপন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রঙ্কসের বাংলাদেশিদের সংগঠন 'হৃদয়ে বাংলাদেশ' ২০ ডিসেম্বর বর্ণাঢ্য বিজয় উৎসব ২০২৫ আয়োজন করেছে। দিবসের আয়োজনের মধ্যে ছিল বিজয় শোভাযাত্রা, আলোচনা সভা, শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, মুক্তিযোদ্ধা সম্মাননা ও মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা।

বিকেলে স্টার্লিং-বাংলাবাজার এলাকায় অনুষ্ঠিত বর্ণিল বিজয় শোভাযাত্রা যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া ও অন্যান্য সংগঠনের মানুষ অংশ নেন। সন্ধ্যায় ১৮৯১ ম্যাকগ্র এভিনিউর চার্চ মিলনায়তনে দ্বিতীয় পর্বের অনুষ্ঠানে সমবেত এরপর ৩৪ পৃষ্ঠায়

# হাদি'র জন্য লিগ্যাল নেটওয়ার্ক এর দোয়া মেহফিল

আজকাল রিপোর্ট

বাংলাদেশে আততায়ীর গুলিতে নিহত জুলাই বিপ্লবের অন্যতম নায়ক ও কোটি জনতার প্রিয় নেতা শরিফ ওসমান হাদির আত্মার মাগফেরাত কামনা করে এক দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে নিউইয়র্কে। গত ১৯ ডিসেম্বর শুক্রবার বাদ মাগরিব জ্যাকসন হাইটসের ইসলামিক সেন্টারে উক্ত দোয়ার আয়োজন করেন আইনি প্রতিষ্ঠান 'লিগ্যাল নেটওয়ার্কের' সিইও জ্যাকব মিল্টন। দোয়া ও মোনাজাত পরিচালনায় ছিলেন মসজিদের ইমাম সাদিক আহমেদ। এ সময় মাহফিলে উপস্থিত থেকে দোয়ায় অংশ নেন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি সহ বিপুল সংখ্যক মুসুল্লিগণ। দোয়ার প্রাক্কালে এক সংক্ষিপ্ত আলোচনায় জ্যাকব মিল্টন বাংলাদেশের অতীত ও বর্তমান রাজনীতি ও নেতাদের চরিত্র সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। তিনি বলেন, দেশের এরপর ৩৮ পৃষ্ঠায়

পেন্টাগনের প্রতিবেদন কংগ্রেসে

# ভারতের অরুণাচলকে যুক্ত করতে চায় চীন

আজকাল রিপোর্ট

চীনের দীর্ঘমেয়াদি 'জাতীয় পুনরুজ্জীবন' কৌশলের অংশ হিসেবে অরুণাচল প্রদেশকে নিজেদের 'মূল স্বার্থ'-এর অন্তর্ভুক্ত করেছে বেইজিং। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর পেন্টাগনের সাম্প্রতিক এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। যুক্তরাষ্ট্রের কংগ্রেসে গত ২৩ ডিসেম্বর জমা দেওয়া ওই প্রতিবেদনে অরুণাচলকে তাইওয়ান ও দক্ষিণ চীন সাগরের মতো গুরুত্বপূর্ণ সামুদ্রিক বিরোধপূর্ণ এলাকার সঙ্গে এক কাতারে রাখা হয়েছে। পেন্টাগনের প্রতিবেদনে বলা হয়েছে, চীনা নেতৃত্ব তাদের 'মূল স্বার্থ'-এর পরিধি সম্প্রসারিত করেছে। এর মধ্যে রয়েছে তাইওয়ান, দক্ষিণ চীন সাগরে সার্বভৌমত্ব দাবি, সেনকাকু দ্বীপপুঞ্জ এবং




অরুণাচল প্রদেশ। এসব লক্ষ্যকে ২০৪৯ সালের মধ্যে 'চীনা জাতির মহান পুনরুজ্জীবন' অর্জনের কেন্দ্রীয় উপাদান হিসেবে দেখা হচ্ছে।

প্রতিবেদন অনুযায়ী, চীনা কর্মকর্তারা দেশটির একীকরণ এবং বিতর্কিত ভূখণ্ডগুলো, বিশেষ করে তাইওয়ান দখলকে জাতীয় পুনরুজ্জীবনের 'স্বাভাবিক প্রয়োজন' হিসেবে বর্ণনা করেছেন। এই লক্ষ্য পূরণে একটি পুনরুজ্জীবিত চীন বিশ্বমঞ্চে আরও প্রভাবশালী ভূমিকা নেবে এবং 'যুদ্ধ করতে ও জিততে সক্ষম' একটি বিশ্বমানের সামরিক শক্তি গড়ে তুলবে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। একই সঙ্গে সার্বভৌমত্ব, নিরাপত্তা ও উন্নয়ন স্বার্থ কঠোরভাবে রক্ষার কথাও বলা হয়েছে। ভারত-চীন সম্পর্ক প্রসঙ্গে প্রতিবেদনে বলা হয়, ২০২৪ সালের এরপর ৩৮ পৃষ্ঠায়

# কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের বিজয় দিবস পালন

আজকাল রিপোর্ট

একাত্তরে স্বাধীনতা যুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বাংলাদেশের মহান বিজয় দিবস পালন করেছে কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন নর্থ আমেরিকা ইনক। এ উপলক্ষ্যে গত ১৬ ডিসেম্বর সন্ধ্যায় নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের একটি রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের চেয়ারম্যান মোহাম্মদ এবাদুল হক এবাদ।

অনুষ্ঠানের শুরুতে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর পরিবেশিত হয় জাতীয় সঙ্গীত। আলোচনায় অংশ নেন এসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবিএম ওসমান গণি, ভাইস চেয়ারম্যান মফিজুর রহমান দুলাল ও প্রফেসর মিজানুর রহমান, ট্রাস্টি বোর্ডের এরপর ৩৪ পৃষ্ঠায়



# সাউথ জার্সি মেট্রো আ. লীগের বিজয় দিবস উদযাপন

আজকাল রিপোর্ট

বাঙালির গৌরবোজ্জ্বল বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করেছে নিউজার্সি অঙ্গরাজ্যের সাউথ জার্সি মেট্রো আওয়ামী লীগ।

মহান বিজয় দিবস উপলক্ষে সংগঠনটি আটলান্টিক সিটির ২৭০৯, ফেয়ারমাউন্ট এভিনিউতে অবস্থিত 'বাংলাদেশ কমিউনিটি সেন্টার' এর মিলনায়তনে গত ২৩ ডিসেম্বর, মঙ্গলবার রাতে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন আলহাজ্ব মওলানা আবদুল হাই ও গীতা থেকে পাঠ করেন জলি দাশ। এরপর এরপর ৪৫ পৃষ্ঠায়

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই'র বিজয় দিবস উদযাপন

আজকাল রিপোর্ট

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশন উত্তর আমেরিকা ইনকের উদ্যোগে এবং সম্মিলিত বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সহযোগিতায় গত ১৪ ডিসেম্বর নিউইয়র্কে "শহীদ বুদ্ধিজীবী ও বিজয় দিবস" উপলক্ষে এক স্মরণসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ আয়োজনে প্রবাসী বাংলাদেশিদের ব্যাপক উপস্থিতি ছিল। অনুষ্ঠানে শহীদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করা হয়।

জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। সেই সুরে সুরে মিলনায়তন যেন মুহূর্তেই ফিরে যায় একাত্তরের ৭ এরপর ৩৪ পৃষ্ঠায়



# সোনোগ্রাফার সোসাইটির মহান বিজয় দিবস পালন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে মহান বিজয় দিবস উপলক্ষে 'ইউএসএবিডি সোনোগ্রাফার সোসাইটি ইনক'-এর উদ্যোগে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষে নিউইয়র্কের বৈশাখী রেস্টুরেন্টে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। ইউএসএবিডি সোনোগ্রাফার সোসাইটি ইনক-এর উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে ডা: খালেদ ইকবাল ডা: আইয়ুব হোসেন ডা: সাকির বকুল বিজয় দিবসের বিভিন্ন দিক তুলে ধরে এরপর ৩৪ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ■ ব্যাংক্র্যাপসি ■ ক্রেডিট কার্ড মেটার ■ ডিভোর্স ■ চাইল্ড কাস্টডি ■ চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন ■ সিটিজেনশিপ ■ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999


Suryia Rahman, Esq

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# মব সৃষ্টির অভিযোগে অভিযুক্ত প্রবাসীরা!

ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে পিনাকী,ইলিয়াস,কনক ও শাহেদ আলমদের ভূমিকা খাটো করার সুযোগ নেই। বাংলাদেশে যখন কলম ও মুখ সবই বন্ধ। স্বৈরাচারের অত্যাচার ও হুকুমে নাস্তানাবুদ মিডিয়া। প্রবাসে বসে ফ্যাসিবাদ বিরোধী জনমত গঠনে তাদের অবদান গণতন্ত্রমনা জনগোষ্ঠী অবশ্যই স্বীকার করবেন। ফ্যাসবাদ বিরোধী সংগঠক ও সাংবাদিক তাইকে না পেয়ে নিরাপরাধ বোনকে জেলখানায় মাসের পর মাস আটকে রাখা হয়েছে। ইলিয়াস, কনক ও শাহেদ আলমদের দেশে বাড়িতে বারবার ফ্যাসিবাদের আজ্ঞাবহরা হাজির হয়েছে। প্রবাসেও স্বৈরাচারের দোসরদের হাতে তারা নিগৃতি হয়েছেন। স্যালুট জানাই স্বৈরাচার পতন পুর্ব তাদের অবদান ও ত্যাগের জন্য। ৫ আগষ্ট ২০২৪ ফ্যাসিবাদের পতন হয়েছে। দৃশ্যপটের বিবর্তন হয়েছে। প্রবাসের কলম ও বাকযোদ্ধাদের মতান্তর ঘটেছে। নিজেদের মধ্যেই পচা ডিম ছুড়তে শুরু করেছেন। রাজনৈতিক ও স্বার্থের দ্বন্দে তারা নানা অবস্থানে। জুলাই চেতনা রক্ষার নামে অনেকে হাঁটছেন হাবিয়া দোজখের পথে। দেশটাকে জাহান্নাম কিংবা বেহেস্ত বানানোতে তাদের ভূমিকা খাটো করে দেখবার নয়। তাদের ভিডিও ও ইউটিউবের আশীবাদে মব সৃষ্টি হচ্ছে বলে অভিযোগ আসছে। অর্জিত স্বাধীণতা আজ বিপন্নের পথে। গণতন্ত্র প্রতিষ্ঠার অগ্রযাত্রা হুমকির মুখে। 'আগেই ভালো ছিলাম' এমন কথাটি শুনতে চাই না। আসুন ফেব্রুয়ারির নির্বাচন অবাধ ও নিরপেক্ষ করতে সহায়তা করি। জনগনের নির্বাচিত প্রতিনিধিরাই দেশ পরিচালনার নিয়ামক শক্তি হোক। আমরাতো রাজনীতিবিদ নই। আসুন দেশ গঠনের সহায়ক ভূমিকা পালন করি। আর রাজনীতি করতে চাইলে দেশেই যেতে হবে। বিদেশে বসে বাগাড়ম্বর নয়। দেশ সবাইকে ডাকছে। প্রবাসে বসে ষড়যনেত্রর ক্রিড়াণক হতে চাই না।

দেশের বিভিন্ন জায়গায় অরাজকতা শুরু হয়েছে। সবাইকে সজাগ থাকতে হবে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, সরকারের দুর্বলতার কারণেই মবতন্ত্র প্রশ্রয় পেয়েছে। এটি কঠোর হাতে দমন করা প্রয়োজন। আলোর সম্পাদক মতিউর রহমান বলেছেন, 'দেশে একটা রাজনৈতিক শূন্যতা চলছে। এটা বিএনপির জন্যও বিপজ্জনক'

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন যত এগিয়ে আসছে, নির্বাচন নিয়ে ষড়যন্ত্র এবং নির্বাচনী পরিবেশ নষ্ট করার অপচেষ্টা তত বৃদ্ধি পাচ্ছে। আর এ ক্ষেত্রে নির্বাচন বানচালের অপচেষ্টাকারীরা প্রধানত টার্গেট করছে আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে। তাই নির্বাচনের পরিবেশ বিনষ্টকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কঠোর নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রধানদের এবং অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সঙ্গে আয়োজিত সভায় ইসি নির্দেশনা দেয়েছে।

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেছেন, 'শহীদ শরিফ ওসমান হাদির শোককে আমরা শক্তিতে পরিণত করব। নির্বাচনী উৎসব আবার ফিরে আসবে।' তিনি বলেন, 'মেসেজ ক্লিয়ার, কাউকে সন্ত্রাসী কার্যকলাপ করতে দেওয়া হবে না। যারা দস্যুতা করতে চায়, যারা আমার ভাইকে হত্যা করতে চায়, যারা ভোটে বিশৃঙ্খলা করতে চায়, তাদের প্রতি মানবিক হব না। বিশৃংখলার ইন্ধন দেশের ভেতর ও বাইরে থেকেও আসছে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীকে নির্দেশ দেওয়া হবে। যারা আবেগ ব্যবহার করে অপকর্ম করেছে, তার প্রতিদান তারা পাবে।'

ঢাকা-৮ আসনের সম্ভাব্য প্রার্থী এবং ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদির হত্যাকাণ্ড ছাড়াও সম্প্রতি প্রথম আলো ও ডেইলি স্টার অফিসে হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ, দেশের প্রধানতম দুটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান ছায়ানট ও উদীচী অফিসে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। ময়মনসিংহে মব সৃষ্টি করে দীপু দাসকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যা করা হয়েছে। লক্ষ্মীপুরে বিএনপি নেতা বেলাল হোসেনের ঘরে তালা লাগিয়ে আগুন দেওয়ার ঘটনায় তাঁর এক শিশুসন্তানের মৃত্যু হয়েছে এবং আরো দুই সন্তানসহ তিনি অগ্নিদগ্ধ হয়েছেন। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, সামনের দিনগুলো খুব ভালো নয়। দেশের বিভিন্ন জায়গায় অরাজকতা শুরু হয়েছে। সবাইকে সজাগ থাকতে হবে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, সরকারের দুর্বলতার কারণেই মবতন্ত্র প্রশ্রয় পেয়েছে। এটি কঠোর হাতে দমন করা প্রয়োজন। আলোর সম্পাদক মতিউর রহমান বলেছেন, 'দেশে একটা রাজনৈতিক শূন্যতা চলছে। এটা বিএনপির জন্যও বিপজ্জনক।'

# সে দিন বেশী দূরে নয়

মাহবুবুর রহমান



আগে একবার লিখেছিলাম, ইউনুস, আমাদের সর্বনাশের আর কি বাকী রাখলেন? আজ তারই বর্ধিত অংশ। ডক্টর ইউনুসের সিনেমায় সবকিছু আছে। কাহিনী, সাসপেন্স, নাটক, ফাইট, শঠতা, নায়ক, ভিলেন, কমেডিয়ান। নায়ক অবশ্য দৃশ্যমান নয়। মহাজন নিজেই আছেন এতে। দিনশেষে মাখনটাতো যাবে তার ঘরেই। পুরো সিনেমায় ভিলেনদের দাপট দেখার মতো।

এক ভিলেন, মওলানা কাজী ইব্রাহিম বিজয় দিবসকে বলেছেন 'কালো দিবস'। তিনি এই স্বাধীনতা মানেন না। একাত্তরের প্রজন্মকে তিনি বলেছেন 'নিকৃষ্ট প্রজন্ম'। বিজয় দিবস পালিত হলো। কাহিনীর জট ধীরে ধীরে খুলছে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন গুছিয়ে বলেছেন, একাত্তরে দু'টি পক্ষ ছিল, যারা পরাজিত হয়েছিল জুলাই অভ্যুত্থানে তারা হাজির হয় বিজয়ী রূপে। ইউনুস একাত্তরের পরাজিতদের পক্ষ বেছে নেন।' একাত্তরের সেই দুই পক্ষ এখন আবার মুখোমুখি।

বর্তমান ক্ষমতাসীন ও তার দোসর রাজাকাররা মুক্তিযুদ্ধের সকল স্মৃতি মুছে দিচ্ছে। বঙ্গবন্ধু জাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যানের স্মৃতিসৌধ, মেহেরপুরের মুজিবনগর স্মৃতি স্তম্ভ (যেখানে প্রথম স্বাধীন বাংলা সরকার গঠিত হয়েছিল), জেলায় পাড়ায় মুক্তিযুদ্ধের স্মৃতিগুলো ধ্বংসের খেলায় মেতে উঠেছে। 'আমি একজন মুক্তিযোদ্ধা' এ কথা এখন গর্ব করে বলা যায় না। 'জয় বাংলা' শ্লোগান দিয়ে একাত্তরে মুক্তিযোদ্ধারা যুদ্ধ করেছে। এখন জয় বাংলা শ্লোগান দিলে পিটুনি খেতে হয়। খবরে দেখেছি, ঈশ্বরদীতে এক বৃদ্ধ মুক্তিযোদ্ধা 'জয় বাংলা' শ্লোগান দেয়ার সাথে সাথে তাঁর উপর হামলা হয়। দুনিয়ার ইতিহাসে এমন কোন দেশ নাই, যে দেশে স্বাধীনতার নেতৃত্ব দেয়া দলের কার্যক্রম নিষিদ্ধ। এ এক অদ্ভুত দেশ, তার চেয়ে অদ্ভুত, মানুষ।

ইউটিউবে দেখলাম, বিজয় দিবসকে এক ব্লগার বলেছেন 'বা-- - দিবস'! জামায়াতের সেক্রেটারী জেনারেল মিয়া গোলাম পরওয়ার শহীদ বুদ্ধিজীবী দিবসে বড় গলায় বলেছেন, পাকিস্তান নয়, ভারতীয় সেনাবাহিনী বুদ্ধিজীবীদের হত্যা করেছে! চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য মোহাম্মদ শামীমউদ্দিন বলেছেন, বুদ্ধিজীবীদের পাকিস্তানী মিলিটারীরা হত্যা করেনি। এ সময় তারা পলায়নরত ছিল। পাকিস্তানীরা হত্যা করেছে, এ কথা অবান্তর!' সময় পাল্টেছে। এখন ইউনুসের সময়। আরো কত আজব আজব কথা শুনতে হবে। আল বদররা বাসায় বাসায় নক করে বুদ্ধিজীবীদের ডেকে ডেকে এনেছে, শহীদদের পরিবারগুলো এখনো বেঁচে আছে, তারাই বলবেন, সত্য কোনটি।

ইউনুস সাহেবের মাত্রাতিরিক্ত পাকিস্তানপ্রীতি সবাই জেনে গেছে। তিনি দেশটাকে বিপদের মধ্যে ঠেলে দিয়েছেন। বঙ্গবন্ধুর স্বাধীন পররাষ্ট্রনীতি সর্বত্র প্রশংসিত হয়েছিল। সবাই এটা মেনেও এসেছে। ইউনুস হঠাৎ করে ভারতবিরোধী ভূমিকায় অবতীর্ণ হয়ে গোলমাল বাধিয়েছেন। তাঁর অনুসারী 'কালাপাঠা' নাকি সেভেন সিস্টারে হামলা করবে! করুক, তার পেটে অনেক ক্রিমি জমেছে।

কথা হচ্ছে, ইতিহাস রচিত হয় বিজয়ীর সম্মতি দিয়ে। এখন ইউনুসের ইচ্ছাই প্রতিফলিত হচ্ছে। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস মুছে রাজাকারের পছন্দের ইতিহাস রচিত হচ্ছে। রেসকোর্সে নিয়াজীর সারেন্ডারে বাঙালি নেই কেন? এ প্রশ্ন জামায়াত বারবার তুলছে। যেভাবে দেশ চলছে, কিছুদিন পর মুক্তিযুদ্ধের কথা মুখেও আনা যাবে না! আর মিডিয়া? প্রেস ফ্রিডম? ৫৫ বছরের ইতিহাসে সবচেয়ে কঠিন সময় যাচ্ছে। সাংবাদিকদের ধরে ধরে জেলে ভরা হচ্ছে। সর্বশেষ শিকার আনিস আলমগীর। ট্রাইবুনালের চীফ প্রসিকিউটর জানিয়েছেন জুলাই বিপ্লবকে কেউ 'তথাকথিত' বললে অপরাধ হিসেবে গণ্য করা হবে। অথচ যারা আমাদের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ নিয়ে নোংরা জঘন্যতম মন্তব্য করে চলেছে তারা আছে জামাই আদরে। অবশ্য ইউনুসের এ ইতিহাস টিকবে না। প্রকৃতি তাই বলে। এবং তার সকল কুকর্মের জবাবদিহি একদিন তাকে করতেই হবে। সেদিনও অবশ্য দেরী নয়।

এর পরই আসে ফারুকীর এ বক্তব্য। এসব মাওলানাদের কেউ এক লাইন গান লিখেছেন, শুনিনি। ফারুকীর উপদেষ্টাকালীন সময়ে লালন, হাসনরাজা, রাধারমণ, শাহ আব্দুল করিম বেঁচে থাকলে কি লিখতেন, জানি না। তবে ফারুকী আগামীতে 'পেয়ারে রাজাকার', 'জিন্দেগী ফানা ফানা' মুভি বানাতে পারেন বলে জল্পনা-কল্পনা করা যায়। কথা একটাই। একাত্তরের পক্ষ-বিপক্ষ শক্তির মধ্যে যে যুদ্ধ চলমান, সে যুদ্ধে আমাদের জয়ী হতেই হবে

সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সারওয়ার ফারুকী বাউলদের পরামর্শ দিয়েছেন, তারা যেন মওলানা আজহারী, মওলানা তারেক মনওয়ার, মওলানা ইব্রাহিমের মতো মাওলানাদের সাথে পরামর্শ করে গান লিখেন। সম্প্রতি 'আল্লাহ অবমাননার' অভিযোগে এক বাউল শিল্পীকে গ্রেফতার করা হয়। এর পরই আসে ফারুকীর এ বক্তব্য। এসব এরপর ২৪ পৃষ্ঠায়

# যে জীবন মৃত্যুতে হারায় না বরং ইতিহাস হয়ে ওঠে

জীবনের প্রতিটি কথা ও কাজ অর্থবহ হোক। প্রতিটি পদক্ষেপ ও আচরণে মানুষের কল্যাণচিন্তা থাকুক। সৎকর্ম কাকে কতদূর পৌঁছে দেবে- তা কেবল স্রষ্টাই সময়ের মাধ্যমে নির্ধারণ করেন। তিনি সৎকর্মশীলকে এত অধিক দান করেন যে আত্মা পরিতৃপ্ত না হয়ে উপায় থাকে না। মৃত্যুর পরেও সম্মানিত হওয়া, অচেনা মানুষের দোয়া পাওয়া, কোনো এক পথিকের চোখের পানি ঝরা-এসবও জাগতিক সৌভাগ্যের অংশ, যার হিস্যা জান্নাত পর্যন্ত পৌঁছে যায়।
হে আত্মা, খোদার অনুগ্রহ পেতে আগ্রহী হয়ে ওঠো-যেমনটা লাভ করেছেন আমাদের প্রিয়ভাজন ওসমান হাদি ভাই

রাজু আহমেদ



দুনিয়ায় গাড়ি-বাড়ি, পয়সা-কড়ি কিংবা চাকরি- এসব কিছুই নয় সেই সফলতার সামনে, যখন প্রশান্ত আত্মা ধীরে ধীরে হেঁটে আল্লাহর দরবারে উপস্থিত হয়। দুনিয়ার সুখ-শান্তি ক্ষণস্থায়ী, বড়জোর দু'দিনের; কিন্তু আল্লাহ একবার সন্তুষ্ট হয়ে গেলে সেই জীবনই হয়ে ওঠে মহা সৌভাগ্যের। যে জীবন মানুষের ভালোবাসা ও দোয়ার ভেতর দিয়ে শেষ হয়- তেমন মৃত্যুর জন্য কাঙালের মতো অপেক্ষা করাই শ্রেয়। কতদিন বাঁচলে তা মুখ্য নয়; কীভাবে বাঁচলে- সেটাই আসল। অর্থবহ জীবনের জন্য সত্যের পক্ষ নিতে হয়, অধিকারবঞ্চিতের পাশে দাঁড়াতে হয়, আর জীবনকে আল্লাহর হাতে উৎসর্গ করতে হয়।

যে রবকে পেতে চায় এবং যাঁর প্রতি রবও সন্তুষ্ট হয়ে যায়- তার কাছে দুনিয়ার বাকি সবকিছু তুচ্ছই হয়। যারা জমিনে কেবল বেঁচে থাকার জন্য জন্মায়নি বরং মৃত্যুকে আলিঙ্গন করতে প্রস্তুত থেকেছে-তাদের কাছে শাহাদাতের তামান্না অধরা থাকে না। এমন একটি জীবন, যেখানে কারও ঋণের প্রতি অকৃতজ্ঞতা নেই, বিনীত হতে শরম নেই, ভুল স্বীকার করতে লজ্জা নেই, শিখতে কার্পণ্য নেই, ক্ষমা প্রার্থনা করতে দেরি নেই, কারও ক্ষতির ষড়যন্ত্র নেই, কিংবা কাউকে আঘাত করার ইতিহাস নেই- সে জীবনের পরিসমাপ্তিতে যখন আত্মা খোদার দরগাহে হাজিরা দেয় তখন সেখানে নেমে আসে প্রশান্তি।

কেউ কেউ মহৎ জীবনের সন্ধান পায়। মানুষের ভালোবাসা ও দোয়ায় তার জীবন ভরে ওঠে। যার বেদনায় প্রকৃতি কেঁদে ওঠে। আত্মীয় না হয়েও সে সবার পরমাত্মীয় হয়ে ওঠে। শিশু-কিশোর, তরুণ-বৃদ্ধ- যার কল্যাণের জন্য হাত তোলে, খোদা তাকে আপন না করে পারেন না। যার জন্য সবাই কাঁদে তাকে খোদা আপন করে নেন, চির আপন। যে জীবন নিজের জন্য নয়, দেশ ও দশের জন্য উৎসর্গ হয়ে যায়- সে জীবন শ্রদ্ধা ছাড়া আর কিছুই পায় না। যে একবার মানুষের নিঃস্বার্থ ভালোবাসা আর অকুণ্ঠ দোয়া পেয়েছে, দুনিয়ার কাছে তার আর কোনোই প্রত্যাশা থাকে না। সে রবের প্রিয়জনদের একজন হয়ে যায়।

অর্থহীনতায় বহু বছর বেঁচে থাকার মাঝে কোনো কৃতিত্ব নেই। যে জীবন ইমপ্যাক্ট তৈরি করতে পারে না, যে জীবন শাহাদাতের তামান্না বুকে ধারণ করে না- সে জীবন গরু-ছাগলের জীবনের মতোই; খাওয়া, ঘুমানো আর বংশবিস্তারের মাঝেই সীমাবদ্ধ। কিন্তু যে অন্যায়ের বিরুদ্ধে কথা বলে, মানুষের অধিকার রক্ষায় লড়াই করে এবং ইমানের সাথে জীবন উৎসর্গ করে- সে জীবন চিরন্তন উৎসব ও সন্তুষ্টির অধিকার অর্জন করে। যাদের মনে খোদার সামনে সন্তুষ্ট চিত্তে দাঁড়ানোর আকাঙ্ক্ষা জাগে না, তারা কেবল জীবিত-মানুষ নয়।

জীবনের প্রতিটি কথা ও কাজ অর্থবহ হোক। প্রতিটি পদক্ষেপ ও আচরণে মানুষের কল্যাণচিন্তা থাকুক। সৎকর্ম কাকে কতদূর পৌঁছে দেবে- তা কেবল স্রষ্টাই সময়ের মাধ্যমে নির্ধারণ করেন। তিনি সৎকর্মশীলকে এত অধিক দান করেন যে আত্মা পরিতৃপ্ত না হয়ে উপায় থাকে না। মৃত্যুর পরেও সম্মানিত হওয়া, অচেনা মানুষের দোয়া পাওয়া, কোনো এক পথিকের এরপর ২৪ পৃষ্ঠায়

হাদির যত ভুল-ত্রুটি ছিল, মানুষের দোয়া ও ভালোবাসার বদৌলতে সেগুলো তিনি মুছে দিয়েছেন। আল্লাহ যার প্রতি সন্তুষ্ট হয়ে যান, ইহকাল ও পরকালে তার আর কোনো পাথেয় লাগে না। স্বয়ং খোদাই যার রাহবার, তাকে জান্নাতের ফুলবাগিচায় কল্পনায় আঁকতে মন চায়।
বিদায়, ওসমান হাদি -
ওসমান হাদি-
বাংলাদেশের গল্পে পরিণত হওয়া এক মহাপুরুষ

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# কেবল চেতনা নয়, চাই ঐক্য ও কাজ: কোন পথে বাংলাদেশ?

ড. মাহরুফ চৌধুরী

বাংলাদেশ আজ এক গভীর দ্বন্দ্বের মধ্য দিয়ে যাচ্ছে। এই দ্বন্দ্ব উন্নয়ন বনাম অনুন্নয়নের নয়, ধর্ম বনাম ধর্মনিরপেক্ষতারও নয়। বরং এটি চেতনা ও আকিদার নামে রাষ্ট্র ও সমাজকে বিভক্ত করে ফেলার রাজনীতি বনাম মানুষের বাস্তব জীবনঘনিষ্ঠ প্রয়োজনের রাজনীতির দ্বন্দ্ব। এই দ্বন্দ্বের কেন্দ্রবিন্দুতে রয়েছে সাধারণ মানুষের দৈনন্দিন জীবন-জীবিকা, নিরাপত্তা, ন্যায়বিচার, শিক্ষা, স্বাস্থ্য ও মর্যাদাপূর্ণ ভবিষ্যতের প্রশ্ন। কিন্তু দুঃখজনকভাবে এসব মৌলিক প্রশ্নকে এড়িয়ে গিয়ে দীর্ঘদিন ধরে সমাজকে টেনে নেওয়া হয়েছে পরিচয়ভিত্তিক ও বিশ্বাসকেন্দ্রিক সংঘাতের দিকে। ইতিহাস সাক্ষ্য দেয়, যখন রাজনীতি মানুষের বাস্তব প্রয়োজন থেকে বিচ্ছিন্ন হয়ে চেতনা বা আকিদাকে ক্ষমতা দখলের হাতিয়ার বানায়, তখন রাষ্ট্র দুর্বল হয় এবং সমাজ ভেতর থেকে ভেঙে পড়ে। গ্রীক দার্শনিক প্লেটো (৪২৭-৩৪৮ খ্রিষ্টপূর্ব) থেকে শুরু করে আধুনিক রাষ্ট্রচিন্তকরা বারবার স্মরণ করিয়ে দিয়েছেন যে, রাষ্ট্র টিকে থাকে নাগরিকের কল্যাণ নিশ্চিত করার মধ্য দিয়েই, সুনাগরিক গড়ে তোলার মধ্য দিয়ে, কোনো একক মতাদর্শ চাপিয়ে দেওয়ার মাধ্যমে নয়।

বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে এই বাস্তবতা আরও প্রকট। কর্মসংস্থানহীন তরুণ, দ্রব্যমূল্যের চাপে নাকাল পরিবার, ভেঙে পড়া শিক্ষা ও স্বাস্থ্যব্যবস্থা এসব বাস্তব সংকটের সমাধান কেবল চেতনার স্লোগানে কিংবা আকিদার হুঙ্কারে হয় না। হয় দায়িত্বশীল নীতিমালা প্রণয়ন, ন্যায়ভিত্তিক শাসন প্রতিষ্ঠা ও সম্মিলিত কর্মপ্রচেষ্টার মাধ্যমে। ফরাসী সাহিত্যিক আলবেয়ার কামু (১৯১৩-১৯৬০) যেমন বলেছেন, মানুষের বিদ্রোহ শেষ পর্যন্ত ন্যায় ও মর্যাদার দাবিতেই কেন্দ্রীভূত হয়; বিভাজনের রাজনীতি সেই দাবিকে বিলম্বিত করে মাত্র। এই কারণে আজকের রাজনৈতিক দ্বন্দ্ব আসলে আদর্শের সংঘাত নয়, বরং নাগরিক অধিকার প্রতিষ্ঠায় অগ্রাধিকার নির্ধারণের প্রশ্নে হওয়া উচিত। আমাদের দেশে আমরা কি বিভক্তির রাজনীতিকে টিকিয়ে রাখব, নাকি মানুষের জীবনঘনিষ্ঠ প্রয়োজনকে রাজনীতির কেন্দ্রে এনে রাষ্ট্র ও সমাজকে নতুন করে ঢেলে সাজাব- এই সিদ্ধান্তই নির্ধারণ করবে আগামীর বাংলাদেশ কোন পথে এগোবে। আমাদের চারপাশে তাকালেই দেখা যায়, নানা চেতনা ও আকিদা নিয়ে চিৎকার আর গুঞ্জরণের অভাব নেই। সভা-সমাবেশ, সামাজিক যোগাযোগমাধ্যম কিংবা গণমাধ্যম, বিশেষ করে টে- লিভিশনের টকশো সবখানেই নানা শ্রেণি ও পেশার মানুষের উচ্চকণ্ঠ অবস্থান। নানা কায়দায় তুলতাল বা মিথ্যা তথ্য আর তত্ত্বে একে অন্যের মতকে অস্বীকার অথবা ভ্রান্ত প্রমাণ করার প্রতিযোগিতায় মত্ত। কিন্তু জাতি ও রাষ্ট্রের সমস্যা সমাধানে কাজের জায়গায় রয়েছে ভয়াবহ রকমের শূন্যতা। শিক্ষা ব্যবস্থার গুণগত ও প্রশাসনিক অবক্ষয়, স্বাস্থ্যখাতে বৈষম্য ও অনিয়ম, কর্মসংস্থানের সংকট ও অব্যবস্থাপনা, ন্যায়বিচারের দীর্ঘসূত্রতা ও আইনি জটিলতা, প্রশাসনে আমলাতান্ত্রিক জটিলতা ও জবাবদিহির অভাব এবং সর্বস্তরে দুর্নীতির প্রাতিষ্ঠানিক রূপ- এসব মৌলিক প্রশ্নে রাজনৈতিক ও সামাজিক শক্তিগুলো যতটা নীরব, মতাদর্শের প্রশ্নে তারা ততটাই সোচ্চার ও সরব। এই বৈপরীত্য কেবল অদক্ষতার নয়, এটি এক ধরনের উদ্দেশ্যপ্রণোদিত ও পরিকল্পিত বিচ্যুতি। রাষ্ট্রবিজ্ঞান বলে, যখন ক্ষমতার রাজনীতি বাস্তব সমস্যার মোকাবিলায় ব্যর্থ হয়, তখন তা প্রতীক, আবেগ ও পরিচয়কে সামনে এনে জনগণকে বিভ্রান্ত করে ও ব্যস্ত রাখে। ফলে কল্যাণমুখি সমাজ ও রাষ্ট্র গঠনের কাজের রাজনীতি সরে যায় আড়ালে, আর চেতনার রাজনীতি হয়ে ওঠে কেন্দ্রীয় মঞ্চের আলোচনা ও উদ্দীপনার বিষয়।



আমাদের মনে রাখতে হবে যে, ইতিহাসে এধরণের কূটকৌশলের ফল কখনোই শুভ হয়নি। রোম সাম্রাজ্যেও শেষভাগ থেকে শুরু করে আধুনিক বহু রাষ্ট্রের অভিজ্ঞতা দেখায়, বাস্তব সমস্যাকে উপেক্ষা করেও আদর্শিক উত্তেজনা বাড়ালে রাষ্ট্রের ভিত ক্ষয়ে যায়। এর ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় রাষ্ট্রের সাধারণ মানুষ। তারা বিভ্রান্ত হয়, কোনটি আসল লড়াই আর কোনটি কৃত্রিম উত্তেজনা, তাদের পক্ষে তা আলাদা করে বোঝা কঠিন হয়ে পড়ে। একদিকে জীবনযাত্রার ব্যয় বাড়ে, অন্যদিকে ন্যায্য অধিকার আদায়ের পথ সংকুচিত হয়। পোলিস বংশোদ্ভূত ব্রিটিশ সমাজবিজ্ঞানী জিগমুন্ড বাউমান (১৯২৫-২০১৭), যিনি একজন যায়নবাদ বিরোধী ইয়াহুদী ছিলেন, যেমন বলেছেন, অনিশ্চয়তার সময়ে মানুষ সহজ ব্যাখ্যার দিকে ঝুঁকে পড়ে। আমাদের দেশের প্রেক্ষাপটে চেতনা বা আকিদার চিৎকার সেই সহজ ব্যাখ্যাই দেয়, কিন্তু বাস্তব সমাধান দেয় না। কার্যত আমাদের রাষ্ট্রযন্ত্র ধীরে ধীরে দুর্বল হয়ে পড়েছে। কারণ শক্তিশালী রাষ্ট্র গড়ে ওঠে কার্যকর প্রতিষ্ঠান, দায়িত্বশীল রাজনীতি ও নাগরিক আস্থার ওপর; সস্তা স্লোগান, বক্তৃতার চিৎকার বা মতাদর্শিক উচ্চারণের ওপর নয়। কাজের জায়গায় এই শূন্যতা যতদিন থাকবে, ততদিন চেতনার অতিরিক্ত আওয়াজ ও আকিদার ঝঙ্কার আমাদের সমস্যাগুলোকে ঢেকে রাখবে, সমাধানের পথ দেখাবে না।

চেতনা বা আকিদা মূলত ব্যক্তির বিশ্বাসের জায়গা; তার সামষ্টিক বোধ, বুদ্ধি ও উপলব্ধির উৎস। সে কারণে এটি অনেকের জন্য আত্মিক শক্তি হতে পারে, নৈতিক অনুপ্রেরণা জোগাতে পারে, এমনকি ব্যক্তিগত জীবনে সৎ ও দায়িত্বশীল হওয়ার প্রেরণাও দিতে পারে। কিন্তু এই বিশ্বাস রাষ্ট্র পরিচালনার একমাত্র হাতিয়ার হতে এরপর ২৬ পৃষ্ঠায়



কিন্তু স্বীকার করলেই কি সব মিটে যাবে? ২৪-এ যাঁদের অঙ্গহানি হয়েছে, যাঁরা শহীদ হয়েছেন, তাঁদের নিকটজনেরা কি আওয়ামী লীগকে কখনো ক্ষমা করে দিতে পারবে? একইভাবে মুক্তিযুদ্ধে যাঁরা শহীদ হয়েছেন রাজাকার কিংবা পাকিস্তানি বাহিনীর হাতে, তাঁদের স্বজন-বন্ধুরা কি জামায়াতকে ক্ষমা করতে পারবেন? আমরা চেয়েছিলাম যুদ্ধাপরাধের সুষ্ঠু বিচার হোক, আওয়ামী লীগ সেই পথ চিরতরে বন্ধ করে দিয়ে বাংলাদেশের রাজনীতিতে জামায়াত প্রশ্নটাকে জটিল করে তুলেছে। বিচারহীনতা জামায়াতকে একাধারে হত্যাযোগ্য এবং ভিকটিম করে তুলেছিল। কোনো মানুষকেই যেমন হত্যাযোগ্য করে তোলা যায় না, তেমনই কারও বর্তমানের ভিক্টিমহুড তাকে তার অতীত কর্মের দায় হতে মুক্তি দেয় না। পাশ কাটানো নয়, জামায়াত নেতৃত্বকেই ভাবতে হবে কী করে তাঁরা ১৯৭১-এর মুখোমুখি হবেন

# শঙ্কা যেন পিছু ছাড়তে চাইছে না

অরুণ কর্মকার

নির্বাচনপূর্ব সময়ে দুই দেশের মধ্যে আন্তসীমান্ত উত্তেজনা বৃদ্ধি পেলে, কূটনৈতিক টানাপোড়েন বৃদ্ধি পেলে, তা সুষ্ঠু নির্বাচনের বিষয়ে জনমনের অস্বস্তি বাড়াবে কি না, সেটাও বিবেচনার বিষয়। কেননা, আমাদের এখন প্রধান লক্ষ্য সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে একটি নির্বাচন অনুষ্ঠান। অবশ্য যেকোনো অজুহাতে নির্বাচন বিঘ্নিত করার কোনো প্রয়াস যে নেই, তা-ও মানুষ বিশ্বাস করে না। কারণ, মানুষ অন্তর্বর্তী সরকারকে অস্থিতিশীল করার মতো নানা কর্মকাণ্ডও দেখতে পাচ্ছে। তবে সবার জানা এবং বোঝা দরকার যে আগামী নির্বাচন বিঘ্নিত হলে দেশ অনেক বড় ধরনের অস্থিতিশীলতার মুখোমুখি হতে পারে। তাই সংশ্লিষ্ট সব পক্ষেরই সংযত আচরণ করা প্রয়োজন। অন্যথায় আমাদের বড় কোনো বিপর্যয়ের সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। সেই পরিস্থিতি বোধ হয় আমাদের কারও জন্যই সুফল বয়ে আনবে না। দেশের জন্য তো নয়ই

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং রাষ্ট্র সংস্কারের প্রশ্নে গণতন্ত্রের দিনক্ষণ যত এগিয়ে আসছে, দেশের সামগ্রিক পরিস্থিতি ততই যেন জটিলতর হয়ে উঠছে। সন্ত্রাস, সহিংসতা, হত্যাকাণ্ড চলেছে অব্যাহতভাবে। ফলে জনমনে প্রতিদিনই নতুন নতুন শঙ্কা, সংশয় দানা বাঁধছে। এই শঙ্কা ও সংশয় শুধু শহর-নগরবাসী মানুষের মধ্যে নয়, গ্রামাঞ্চলের মানুষের মধ্যেও সমানভাবে বিরাজ করছে। গত সপ্তাহে পাঁচ দিন ব্যক্তিগত প্রয়োজনে কয়েকটি জেলা-উপজেলা শহর ও বেশ কিছু গ্রামাঞ্চলে গিয়েছি। পরিচিত-অপরিচিত অনেক মানুষের সঙ্গে কথা হয়েছে। তাতে এটা স্পষ্ট হয়েছে যে কোনো মানুষ স্বস্তিতে নেই।



মফস্বল শহর এবং গ্রামগঞ্জের মানুষের এই অস্বস্তি যে কেবল রাজনৈতিক অস্থিতিশীল পরিস্থিতির কারণে, তা নয়। আয়-উপার্জনে গভীর মন্দা থেকে ব্যক্তিগত ও পারিবারিক নিরাপত্তার বিষয়ও এই অস্বস্তির কারণ। শত্রুতা করে মামলায় ফাঁসানো, ব্যক্তিগত শত্রুতাকে রাজনৈতিক রং দিয়ে পুলিশে ধরিয়ে দেওয়া-এগুলো বন্ধ হয়নি। আর্থিক টানাপোড়েনের মধ্যে আছে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ মানুষ। তার মধ্যে আছে নির্বাচন ঘিরে সম্ভাব্য সহিংস পরিস্থিতি সৃষ্টির আশঙ্কা, যা আমাদের দেশের যেকোনো নির্বাচনকালীন বৈশিষ্ট্যের মধ্যে পড়ে। এবারও পরিস্থিতি অন্য রকম হওয়ার কোনো লক্ষণ সাধারণ মানুষ দেখছে না। বরং কোনো কোনো ক্ষেত্রে তা অতীতকে ছাড়িয়ে যেতে পারে বলেও তাদের আশঙ্কা। যদিও অন্তর্বর্তী সরকার মানুষকে অব্যাহতভাবে আশ্বস্ত করে যাচ্ছে।

ঢাকাসহ দেশের প্রধান প্রধান নগরকেন্দ্রিক এবং রাজনৈতিক দল ও নেতৃত্বকেন্দ্রিক পরিস্থিতির দিকে তাকালেও ভিন্ন কোনো চিত্র দেখা যায় না। সম্প্রতি জাতীয় পার্টি আশঙ্কা প্রকাশ করেছে যে আগামী নির্বাচনটি একটি 'পাতানো' নির্বাচন হতে পারে। দলটির মহাসচিব শামীম হায়দার পাটোয়ারি অনেক রকম আশঙ্কার কথা বলেছেন। যেমন 'ইলেকশন ইঞ্জিনিয়ারিং হতে পারে। ভোটের নির্ধারিত সময়ের পরে ভোট হতে পারে। মিডিয়া ভোট হতে পারে। কোনো আশঙ্কাই উড়িয়ে দেওয়া যায় না।' যদিও তাঁরা ৩০০ আসনেই প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছেন। তবে সরকার এবং নির্বাচন কমিশন দলের নেতা-কর্মীদের নিরাপত্তা দিতে না পারলে তাঁরা নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন বলেও বলে রেখেছেন। এর চেয়েও ভয়ানক এবং স্পর্শকাতর যে বিষয়টি ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারি তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন তা হলো, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন যদি সুষ্ঠু না হয়, গ্রহণযোগ্য না হয়, ক্রেডিবল না হয়, রিফ্লেক্টিভ না হয় তাহলে ভবিষ্যতে দেশে গৃহযুদ্ধ হতে পারে।



জুলাই অভ্যুত্থান-পরবর্তী পরিস্থিতিতে জাতীয় পার্টির এসব বক্তব্য হয়তো রাজনৈতিক বিবেচনায় বিবেচিত হবে। কারণ, তাদের ওপর স্বৈরাচারের দোসর ট্যাগ লাগানো রয়েছে। কিন্তু জুলাই অভ্যুত্থানের একেবারে কেন্দ্রীয় শক্তি হিসেবে যাদের অবস্থান, তারাও তো স্বস্তিতে নেই! তাদের মধ্যেও তো কেউ কেউ নিরাপত্তাহীনতায় ভুগছে। যেমন আমার বাংলাদেশ (এবি) পার্টির সাধারণ সম্পাদক ও বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনে দলের প্রার্থী ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ গত বুধবার নির্বাচন কমিশনে উপস্থিত হয়ে নিরাপত্তাহীনতার অভিযোগ করে বলেছেন, পুলিশ তাঁকে প্রয়োজনীয় সহযোগিতা করছে না।

আরেকজন, কিশোরগঞ্জ-৪ আসনের সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থী কাজী রেহা কবির সিগমাও নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছেন ওই বুধবারই। তিনি নির্বাচন কমিশনকে দেওয়া লিখিত অভিযোগে বলেছেন, 'আসন্ন ত্রয়োদশ সংসদ নির্বাচন পক্ষপাতমুক্ত, সুষ্ঠু ও সবার জন্য নির্বিঘ্ন করা অন্তর্বর্তী সরকার, নির্বাচন কমিশন ও প্রশাসনের অঙ্গীকার ও প্রত্যয়। কিন্তু এসব প্রশ্নবিদ্ধ ও বাধাগ্রস্ত করার প্রক্রিয়া ইতিমধ্যে শুরু হয়ে গেছে। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করে অবিলম্বে জড়িত ও দায়ীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার আবেদন করছি।' পরে সাংবাদিকদের রেহা কবির বলেন, 'পুলিশ ভীতি সৃষ্টি করছে। আমার কর্মী ও আমি নিরাপত্তাহীনতায় ভুগছি। তাই ইসি ও প্রশাসনের কাছে সার্বিক সহযোগিতা চেয়েছি।'

দেশের বিভিন্ন স্থানে নির্বাচন কার্যালয়ে আগুন দেওয়ার ঘটনা শুরু হয়েছে। রাজনৈতিক কর্মীদের ওপর হামলা, হত্যাকাণ্ড চলছে। নির্বাচনের আগে আগে এসব ঘটনা জনমনে উদ্বেগ বাড়াচ্ছে। সরকার অবশ্য এসব ঘটনার জন্য কার্যক্রম নিষিদ্ধঘোষিত আওয়ামী লীগকেই দায়ী করছে। কিন্তু তাদের এসব কর্মকাণ্ড প্রতিহত করার কার্যকর কোনো উপায় খুঁজে পাচ্ছে বলে মনে হয় না। যদি তা-ই হয় এবং আওয়ামী লীগ এ রকম কর্মকাণ্ড চালাতেই থাকে, যা বর্তমান পরিস্থিতিতে তাদের পক্ষে হয়তো স্বাভাবিক-সে ক্ষেত্রে সরকার নির্বাচনটা কীভাবে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারবে, সেই প্রশ্ন মানুষের মনে ঘুরপাক খাচ্ছে।

আরেকটি বিষয় বোধ হয় সরকারের ভেবে দেখা দরকার। তা হলো কোনো কায়েমি স্বার্থবাদী গোষ্ঠী পর্দার অন্তরালে থেকে সরকারের নাকের ডগায় বসে অস্থিতিশীলতা সৃষ্টির কোনো অপচেষ্টা চালাচ্ছে কি না। ইনকিলাব মঞ্চের শরিফ ওসমান বিন হাদির ওপর প্রাণঘাতী হামলার পর এই প্রশ্নটি আরও গভীরভাবে সামনে এসেছে। এরপর ২৪ পৃষ্ঠায়

# ওসমান হাদি হত্যাঃ এটা কি আমার বাংলাদেশ?

ময়মনসিংহে এক হিন্দু ব্যক্তিকে পিটিয়ে হত্যার ঘটনায় সরকার স্পষ্ট করে বলেছে যে, নতুন বাংলাদেশে সাম্প্রদায়িক সহিংসতার কোনো স্থান নেই। শেষ কথা: ওসমান হাদির হত্যাচেষ্টা ও তার মৃত্যুকে কেন্দ্র করে বাংলাদেশে যা ঘটছে। এটা আমার বাংলাদেশের পরিচয় হতে পারে না। আমার বাংলাদেশ মানে ভিন্নমতের প্রতি সহনশীলতা আর প্রতিবাদের ভাষায় শালীনতা। পরিবর্তনের পথে শান্তিপূর্ণ দৃঢ়তাই আমাদের এনে দিতে পারে চূড়ান্ত সফলতা। হাদি আমাদের শিখিয়ে গেছেন অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে, অন্যায়কারী হয়ে উঠতে নয়। আজ যদি আমরা তার সেই শিক্ষা ভুলে যাই, তবে আমরা একজন হাদিকে কেবল আত্মিকভাবেই হারাবো না বরং আমরা গভীর সংকটে ফেলবো আমাদের ভবিষ্যৎ, আমাদের গণতন্ত্র, আমাদের বাংলাদেশকে। সুতরাং আমার বাংলাদেশ কিছুতেই এমন হতে পারে না

আহসান হাবিব বরুন



বাংলাদেশের ইতিহাস মূলত সম্প্রীতির ইতিহাস। ধর্ম, বর্ণ, ভাষা ও মতের ভিন্নতা সত্ত্বেও এই ভূখণ্ড যুগের পর যুগ সহাবস্থানের এক অনন্য দৃষ্টান্ত সৃষ্টি করেছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনে এই দেশের মানুষ প্রমাণ করেছে যে সহিংসতা নয়, ঐক্যই আমাদের সবচেয়ে বড় শক্তি। কিন্তু সাম্প্রতিক সময়ে ওসমান হাদির হত্যাকাণ্ডকে কেন্দ্র করে যে সহিংসতা, ভাঙচুর ও অগ্নিসংযোগের চিত্র আমরা দেখছি। তা বড় বেশি অচেনা-গোলমেলে মনে হচ্ছে। তাই মনে প্রশ্ন জাগছে। এটা কি সত্যিই আমার বাংলাদেশ? আমার সম্প্রীতির বাংলাদেশ কি করে এমন হতে পারে?

শরীফ ওসমান হাদি ছিলেন জুলাই অভ্যুত্থানের সম্মুখসারির একজন যোদ্ধা। তিনি শুধু একটি রাজনৈতিক আন্দোলনের অংশ ছিলেন না বরং তিনি ছিলেন দীর্ঘদিন ধরে জমে থাকা দুর্নীতি, চাঁদাবাজি, দখলবাজি ও ভোগবাদী রাজনীতির বিরুদ্ধে এক শক্তিশালী প্রতিবাদী কণ্ঠস্বর। গত ১২ই ডিসেম্বর জুমার নামাজের পর রাজধানীর বিজয়নগর কালভার্ট রোডে খুব কাছ থেকে গুলি করে তাকে হত্যার চেষ্টা করা হয়। সেই মুহূর্ত থেকেই শুরু হয় তার জীবন-মৃত্যুর লড়াই। প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, পরে এভারকেয়ার হাসপাতাল এবং সর্বশেষ উন্নত চিকিৎসার জন্য সরকার এয়ার এম্বুলেন্সে করে তাকে সিঙ্গাপুর পাঠায়। টানা সাতদিন মৃত্যুর সঙ্গে লড়েছেন হাদি। অবশেষে সেখানকার চিকিৎসকরা বৃহস্পতিবার রাত সাড়ে ৯টায় তাকে মৃত ঘোষণা করেন। এর মধ্যদিয়ে থেমে যায় একটি তরুণ প্রতিবাদী কণ্ঠ। কিন্তু প্রশ্ন থেকে যায় যে, তার মৃত্যুর পর আমরা কি করছি?

ওসমান হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর দেশের বিভিন্ন স্থানে সহিংসতার ঘটনা ঘটে। ঢাকায় প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। ঢাকার বাইরেও নানা স্থানে অরাজকতা সৃষ্টির চেষ্টা চলছে। সবমিলিয়ে একটি উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হয়েছে।

সেনাবাহিনী সময়মতো প্রতিরোধ গড়ে না তুললে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারতো।

সাংবাদিকদের ওপর হামলা, সাধারণ মানুষের চলাচলে বাধা, জানমালের ক্ষয়ক্ষতি। এসব কি কোনো ন্যায়সংগত প্রতিবাদের ভাষা হতে পারে?

প্রতিবাদ কখনোই সহিংস হতে পারে না। কারণ সহিংসতা শেষ পর্যন্ত আঘাত করে সেই রাষ্ট্রকেই, সেই সমাজকেই। যার পরিবর্তনের জন্য একজন ওসমান হাদি আজীবন কথা বলেছেন।



সুতরাং এখানে সঙ্গত কারণেই প্রশ্ন তোলা যায় যে, এই হত্যাকাণ্ডের দায় কার? সরকারের, কোনো অভ্যন্তরীণ গোষ্ঠীর, নাকি এর পেছনে রয়েছে বৃহত্তর কোনো ষড়যন্ত্র?

আমি মনে করি জুলাই চেতনায় বিশ্বাসী কারও পক্ষে এমন সহিংসতা করা সম্ভব নয়। নিশ্চয়ই এখানে জুলাই চেতনাবিরোধীদের অনুপ্রবেশ ঘটেছে। তারা ওসমান হাদিকে হত্যার আবেগকে পুঁজি করে একটি বিশেষ পরিস্থিতির সৃষ্টি করতে চায়। যাতে করে পতিত ফ্যাসিস্টের পুনরাগমন আরও দ্রুত ও সহজ হয়। এখানে আরেকটি বাস্তবতা হলো, জুলাই অভ্যুত্থানের শুরু থেকেই পতিত ফ্যাসিস্ট শেখ হাসিনা এবং তার প্রশ্রয়দাতা প্রতিবেশী রাষ্ট্র ভারত এই গণ-আন্দোলনের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। গত সাড়ে ১৫ বছরে শেখ হাসিনা সরকার কার্যত ভারতের একান্ত অনুগত সরকার হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিল। এ কথা অস্বীকার করার কোনো সুযোগ নেই।

বাংলাদেশের চেয়ে ভারতের স্বার্থ রক্ষা করাই ওই সরকারের অন্যতম বৈশিষ্ট্যে পরিণত হয়েছিল। ফলে হাসিনার পতন ভারতের জন্য শুধু একটি সরকার পতন নয়; এটি ছিল তাদের দীর্ঘদিনের রাজনৈতিক ও ভূ-রাজনৈতিক স্বার্থে আঘাত। সেই ক্ষোভ ও হতাশার বহিঃপ্রকাশ নানাভাবে ঘটছে। আমি এই সম্ভাবনাকে উড়িয়ে দিতে পারি না।

কিন্তু এখানে এই প্রশ্ন তোলাও খুব স্বাভাবিক যে, সেই ক্ষোভের প্রতিক্রিয়ায় নিজের দেশের সম্পদ ধ্বংস করে, নিজের দেশের মানুষের নিরাপত্তা বিঘ্নিত করে কার লাভ? এই সহিংসতা কি ওসমান হাদির আত্মাকে শান্তি দেবে? তিনি কি এতে ফিরে আসবেন?

এই সহিংসতার মাধ্যমে কি আমরা সেই শত্রুদের হাতে অস্ত্র তুলে দিচ্ছি না?

ওসমান হাদি সবসময় কথা বলেছেন অব্যবস্থাপনার বিরুদ্ধে। তিনি বিশ্বাস করতেন ন্যায়বিচার, স্বচ্ছতা ও গণতান্ত্রিক উত্তরণ। আজ তার নামে যে সহিংস আন্দোলন হচ্ছে, তা কি তার স্বপ্ন বাস্তবায়ন করবে, নাকি সেই স্বপ্নকে আরও ক্ষতিগ্রস্ত করবে?

ভাঙচুর, অগ্নিসংযোগ, ভয়ভীতি এসব দিয়ে কি দুর্নীতি বন্ধ হয়? চাঁদাবাজি নির্মূল হয়? নাকি উল্টোভাবে আন্দোলনকে বিতর্কিত করে তোলা হয়? বাস্তবতা হলো, এই সহিংসতা কোনোভাবেই হাদির আদর্শের সঙ্গে মোটেও সঙ্গতিপূর্ণ নয়। আমি মনে করি, হাদির ঘটনা শুধু একজন ব্যক্তিকে হত্যার ঘটনা নয়; এটি বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে থামিয়ে দেয়ার একটি সুপরিকল্পিত প্রচেষ্টা। আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে প্রশ্নবিদ্ধ করার জন্য এই ষড়যন্ত্রের বীজ বহু আগে থেকেই বপন করা হয়েছে। আন্দোলনকারী প্রতিটি মানুষকে এই বাস্তবতা উপলব্ধি করতে হবে। সুতরাং আবেগ নয়, সময় এখন বিবেক দিয়ে সিদ্ধান্ত নেয়ার।

যারা সহিংস আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন, তাদের নিজেদেরই প্রশ্ন করা উচিত যে, হাদির জন্য কোনটা বেশি প্রয়োজন? শান্তিপূর্ণ, নৈতিক ও দীর্ঘস্থায়ী এরপর ২৬ পৃষ্ঠায়


SECI Secure, Fast, Reliable.
Sonali Exchange Co. Inc.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1096789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
CORPORATE 212-808-0790 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081 | JAMAICA 347-644-5150 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590
আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।




AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**




**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**

**বিনামূল্যে পরামর্শ**

**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION** (Consultation fee applies)





**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

# অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার খ্যাপাটে যুবক

মানে গড়ে প্রতি বছর একবার করে নতুন সরকার। ঘন ঘন সরকার পরিবর্তনে তিউনিসিয়ায় ব্যবসা-বিনিয়োগে ধস নামে। অর্থনৈতিক মন্দার সঙ্গে বেকারত্বও বাড়তে থাকে। এতে জনঅসন্তোষও বাড়তে থাকে। এ সুযোগ নিয়ে ২০১৯ সালে কাইস সায়িদ নামের এক অধ্যাপক ক্ষমতা দখল করেন। তিউনিসের এক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। টিভির টক শোগুলোর জনপ্রিয় মুখ ছিলেন। পরবর্তী সময়ে তিউনিসিয়ার অভিজাতদের সমর্থন নিয়ে তিনি ক্ষমতা দখল করেন। ২০২১ সালে সংবিধান স্থগিত করে নতুন সংবিধান রচনা করে আবারও দেশে একনায়কতন্ত্র কায়েম করেন। তিউনিসিয়া আবার সেই বেন আলির যুগে ফিরে যায়। আর ধাপে ধাপে মৃত্যু, কারাবাস, দেশান্তরী হয়ে জীবন বাঁচানো হয়ে ওঠে সেই জেসমিন বিপ্লবের সম্মুখভাগের তরুণ-যুবকদের বিধিলিপি

মোস্তফা কামাল



জেন-জিদের জুলাইকে 'ঝুলাই' বলে খোঁচানোর লোকের অভাব ছিল না। কারও কাছে চব্বিশের বাতি পঁচিশে নিভিয়ে দেওয়ার হুকও ছিল। এর মাঝেই ঢাকায় গুলিবিদ্ধ ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদির চিকিৎসাধীন অবস্থায় সিঙ্গাপুরে মৃত্যু। একই দিনে কিছু সময়ের তফাতে রাজধানীর ঝিগাতলায় এনসিপির আলোচিত নেত্রী জান্নাত আরা রুমির ঝুলন্ত লাশ উদ্ধার-এ দুই ঘটনার আগে রয়েছে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় এনসিপির কয়েক নেতার বেদম মার খাওয়ার ঘটনা। হাদির মৃত্যুতে শোক জানিয়ে জাতির উদ্দেশে তাৎক্ষণিক ভাষণে সবাইকে ধৈর্য ধরতে বলেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। আহ্বান জানিয়েছেন কাউকে হঠকারী কাজে না জড়াতে। কিন্তু এ আহ্বানের প্রতিফলন ঘটেনি। বৃহস্পতিবার রাতে ইনকিলাব মঞ্চের ফেসবুক পেজে তার মৃত্যুর খবর জানানোর পর ক্ষোভে উত্তাল হয়ে ওঠে গোটা দেশ। রাত ১০টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়, শাহবাগ মোড়সহ ঢাকার বিভিন্ন জায়গায় জড়ো হতে থাকে তরুণরা। শাহবাগ হয়ে ওঠে বিক্ষোভে উত্তাল। স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ, ফ্যাসিস্ট আওয়ামী লীগ নেতাকর্মীদের গ্রেপ্তার, ভারতের আধিপত্যবাদের প্রতিবাদে স্লোগান পর্যন্তই নয়, কারওয়ান বাজারে দৈনিক প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ের সামনে বিক্ষোভ ও তাণ্ডবে চলে। ৩২ নম্বর আবার হয় হামলার লক্ষ্যবস্তু। ঘোষিত নির্বাচনের আগে এমন অবস্থা প্রত্যাশিত ছিল না।

হাদি মাস কয়েক ধরে নানা আশঙ্কার কথা বলে আসছিলেন। জুলাইয়ের ফ্রন্টলাইনাররা একটা সময় একলা হয়ে যাবেন, তাদের বাঁচতে দেওয়া হবে না-এ ধরনের কথাও বলেছিলেন। এও বলেছিলেন, তার কিছু হলে নিজের সন্তানকে যেন দেখে রাখা হয়। ওসমান হাদি বরাবরই ব্যতিক্রম স্বভাব-বৈশিষ্ট্যের। অন্যায়ের বিরুদ্ধে ভীষণ সোচ্চার। অল্প সময়ে তার কণ্ঠ হয়ে ওঠে প্রতিবাদী ভাষা। শুধু ফ্যাসিবাদের বিরুদ্ধে নয়, বিএনপি-জামায়াত-এনসিপি কাউকে ছাড়েননি এ খ্যাপাটে যুবক। ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে ব্যাপক ভাইরাল হাদির গণঅভ্যুত্থানে ছিল অসামান্য অবদান। গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ে গঠন করেন ইনকিলাব মঞ্চ। তিনি হন এর মুখপাত্র।



হাদির জন্ম ঝালকাঠিতে। ছোটবেলা থেকে ধর্মীয় শিক্ষায় অনুরাগী ও ভদ্র প্রকৃতির। দেশের প্রধান রাজনৈতিক দলগুলো, বিশেষ করে পুরোনো ধারার রাজনীতির কঠোর সমালোচনায় ছিলেন তীব্রতায় পারঙ্গম। ঢাকা-৮ আসনের সংসদ সদস্য প্রার্থী হয়ে বাড়তি দৃষ্টি আকর্ষণ করেন। ১২ ডিসেম্বর দুপুর আড়াইটার পরে দুর্বৃত্তদের গুলিতে গুরুতর আহতের পর তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে রাজধানীর এভারকেয়ারে নেওয়া হয়। সেখান থেকে সিঙ্গাপুরে। গোটা দেশকে কাঁদিয়ে সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় জীবন শিখা নিভে গেল হাদির।

প্রায় একই ফ্রেমে নেপাল-শ্রীলঙ্কা-বাংলাদেশে দুঃশাসকের পতনসহ রাজনৈতিক পটপরিবর্তন। ঘটনাপ্রবাহ কাছাকাছি। কিন্তু শাসনতন্ত্রের ধারাবাহিকতায় নেপাল-লঙ্কার সঙ্গে ব্যাপক তফাত বাংলাদেশের। দেশ দুটিতে বাংলাদেশের মতো সংস্কার, ঐকমত্য, রব-গুজব, আন্দোলনকারী ফ্রন্টফিগারদের নানা ক্রিয়াকর্মের ক্যারিকেচার পর্ব নেই। আগে সংস্কার না নির্বাচন বিতর্ক বাধেনি। জাতীয় নির্বাচনের আগে স্থানীয় বা ছাত্রসংসদ নির্বাচনের বাহাসও জমেনি। সংস্কারের নামে প্রশাসনে রদবদলের হিড়িক, মিল-কলকারখানায় হামলে পড়ার সিরিজও দেখতে হয়নি। লাইফ সাপোর্টে চলে যায়নি তাদের অর্থনীতি। নেপালের এক প্রধানমন্ত্রী পালিয়ে, নতুন সরকারও চলে এসেছে। জাতীয় নির্বাচনের তারিখও দিয়েছে। বাংলাদেশে নির্বাচনের তপশিল ঘোষণার এক দিন পরই হাদির ওপর হামলা। রাজনৈতিক পরিস্থিতিতে টালটলে অবস্থা। শ্রীলঙ্কায় বিপ্লবের কয়েক দিনের মধ্যে সেখান থেকে দুর্নীতি অনেকটা 'নাই' হয়ে গেছে। দেশটিতে মিছিল-মিটিংসহ উত্তেজনা চলতে থাকলেও কোনো মিল-ফ্যাক্টরিতে হামলা, কোনো দোকানপাট দখলের তথ্য নেই। মব বলতে কিছু হয়নি। যদিও চরম রাজনৈতিক সংকটের মধ্যেই নেপালের অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হয়েছেন সাবেক প্রধান বিচারপতি সুশীলা কার্কি। দায়িত্ব নেওয়ার দিনই জানিয়ে দেওয়া হয়েছে, আগামী বছর ৫ মার্চ দেশটিতে হবে পরবর্তী জাতীয় নির্বাচন।

জেন-জি প্রজন্মের তরুণদের ব্যাপক বিক্ষোভের মুখে নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা অলি পদত্যাগের পর দেশটিতে রাজনৈতিক সংকট সাংবিধানিক সংকটকে বেশিক্ষণ পোক্ত করতে পারেনি। সংকট সমাধানে বিক্ষোভকারী তরুণদের প্রতিনিধিরা দফায় দফায় বৈঠক করেন প্রেসিডেন্ট পৌদেল ও সেনাপ্রধান অশোক রাজ সিগদেলের সঙ্গে। দ্রুত ফয়সালাও বের করে ফেলেন। ছয় মাসের মধ্যেই নির্বাচন নিশ্চিত করা, সংবিধান সমুন্নত রাখতে এবং জাতীয় ঐক্য এগিয়ে নিতে শর্টকোর্স পন্থা নেন তারা। অন্য কোনো বিষয় সামনে এনে জটিলতা পাকাননি। গুণগতভাবে তা বাংলাদেশের একদম বিপরীত। অবশ্য নেপালে দুর্নীতি কম, টাকা পাচার কম, স্থানীয় পর্যায়ে রাজনৈতিক দখল নেই বললেই চলে। স্থানীয় নির্বাচন, ছাত্রসংসদ নির্বাচন, প্রশাসনের পদপদবি ভাগাভাগির দুষ্কর্ম আমাদের মতো নয়। নির্বাচন দ্রুত হলে লাভ বেশি না পরে হলে সুবিধা বেশি-এ ধরনের বিষয়ে বহুমত-বহুপথের বালাইও নেই। তাই

এরপর ২৮ পৃষ্ঠায়

# হাদি হত্যা এবং আগামী নির্বাচন

এম গোলাম মোস্তফা ভুইয়া

এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পরদিন রাজধানীতে প্রকাশ্য দিবালোকে গুলি করা হয়েছে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদিকে। বিভিন্ন সময়ে দেশ-বিদেশের নানা প্রান্ত থেকেই তাঁকে হত্যার হুমকি দেওয়া হলেও তিনি তাতে ভীত হননি। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও বার্তায় নিজের অবস্থান পরিষ্কার করে বলেছেন, 'ভয় পেয়ে ৫০ বছর বেঁচে থেকে লাভ নেই, যদি এই বেঁচে থাকা সমাজে কোনো ইতিবাচক পরিবর্তন আনতে না পারে।'

অবশেষে ওসমান হাদি সাত দিন মৃত্যুর সঙ্গে লড়ে মারা গেছেন। হাদিকে এভাবে হত্যা করে নির্বাচন বানচালের ষড়যন্ত্র দেশের সব রাজনৈতিক দলের জন্য একটি রেড অ্যালার্ট। তবে রাষ্ট্র ও সরকার জুলাই যোদ্ধা ও অনুভোতের কণ্ঠস্বরগুলোকে রক্ষা করতে ব্যর্থ হলে দেশটা গভীর সংকটে নিপতিত হতে বাধ্য।

বহু জল্পনা-কল্পনা-আলোচনার পর দেশ যখন নির্বাচনমুখী

জাতীয় নির্বাচন সামনে রেখে চোরাগোপ্তা হামলা, অবৈধ অস্ত্রের ব্যবহার ও নাশকতার আশঙ্কাও আছে। তবে সরকার আগামী জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সামনে রেখে পুলিশের পক্ষ থেকে সব রাজনৈতিক দলের জন্য নিরাপত্তা প্রটোকল দেওয়ার ঘোষণা দিয়েছে। চলতি বছরের প্রথম ৯ মাসে রাজধানীতে ৩৫২টি খুনের ঘটনা ঘটেছে। শুধু রাজধানীতেই নয়, ঢাকা বিভাগেও গড় হিসাব করলে গত বছরের তুলনায় এ বছর বেশি খুন হয়েছে। এই খুনের হার বৃদ্ধির কারণ হিসেবে দেখা যাচ্ছে, দেশে আইন প্রয়োগকারী সংস্থার যথাযথ কার্যকর পদক্ষেপের অভাব



ঠেলে, ঠিক তখন নির্বাচনে সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থীকে আততায়ীরা নিশানা করল কেন? যার ফলে উত্তপ্ত পুরো দেশ। প্রশ্নের মুখে পড়েছে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি। সন্দেহ নেই, উদ্ভূত পরিস্থিতি সঠিকভাবে নিয়ন্ত্রণ সম্ভব না হলে এটি আসন্ন নির্বাচনের জন্য অশনিসংকেত হয়ে উঠতে পারে। নির্বাচন ইস্যুতে বিভিন্ন দলের মধ্যে বিতর্ক দেখা দিয়েছে। এর মধ্যে এই হত্যাকাণ্ড পরিস্থিতি জটিল করার ইঙ্গিত দিচ্ছে। তবে হাদির ওপর হামলাকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির জন্য আরও শক্তিশালীরূপে ফিরে এসেছে জুলাই আন্দোলনের পর লুণ্ঠিত অস্ত্রের বিষয়টি। সে সময়ে এই অস্ত্রগুলো উদ্ধার করা গেলে এখনকার উদ্ভূত পরিস্থিতি সৃষ্টি নাও হতে পারত বলে অনেকের ধারণা।

এখন এই নৃশংস হত্যাকাণ্ডের পর অনেকের মনে প্রশ্ন তুলেছে, নির্বাচন কি আদৌ হবে? নাকি নির্বাচন বানচালের অপতৎপরতা আরও জোরালো হয়ে উঠেছে?

এ ঘটনা নিঃসন্দেহে প্রার্থীদের আতঙ্কিত করে তুলছে। এই আতঙ্কের কারণেই বিজয় দিবসের দিন নারায়ণগঞ্জ-৫ আসনের বিএনপির ঘোষিত প্রার্থী নিজেকে নির্বাচন থেকে প্রত্যাহার করে নিয়েছেন সংবাদ সম্মেলনের মাধ্যমে। ভয়ের ছায়া তাঁদের গ্রাস করছে। এরই মধ্যে হাদির ওপর আততায়ীর হামলার ঘটনা জনপ্রতিনিধি তো বটেই; জনমনেও একধরনের শঙ্কা তৈরি করেছে, যা ভালো নির্বাচন অনুষ্ঠানের জন্য অন্তরায়। ফলে জনমনে স্বস্তি ফেরাতে এ পরিস্থিতির উন্নতি একমাত্র পথ।

শুধুই কি নির্বাচন বানচাল করা, নাকি এর পেছনে আরও বড় কোনো রহস্য লুকিয়ে আছে? নির্বাচন বানচাল হলে কার লাভ আর কার ক্ষতি? নির্বাচন বানচাল হলে বা দীর্ঘ সময়ের জন্য ঝুলে গেলে যাদের লাভ, হাদির ওপর হামলায় তাদের কোনো ইন্ধন রয়েছে কি না বা রাজনৈতিক বিভক্তির সুযোগ নিয়ে তৃতীয় কোনো পক্ষ এই ঘটনা ঘটিয়ে ঘোলা পানিতে মাছ শিকার করতে চাইছে কি না? বা দেশি-বিদেশি কোনো শক্তি চরম অস্থিরতা তৈরি করে তাদের স্বার্থ সিদ্ধি করতে চায়?

জাতীয় নির্বাচন ঘিরে দেশজুড়ে সহিংসতা বিরাজ করছে, তার সমাধান কী? কোনো কোনো

এরপর ২৮ পৃষ্ঠায়

সবাইকে মনে রাখতে হবে, এই নির্বাচনটি বানচাল হয়ে গেলে বা দীর্ঘ সময়ের জন্য ঝুলে গেলে দেশ এখন যে সংকটে আছে, তার চেয়ে অনেক বেশি সংকট ঘনীভূত হবে। সুতরাং রাজনৈতিক আদর্শ, দর্শন ও কর্মসূচি ভিন্ন হলেও এই মুহূর্তে ক্রিয়াশীল সব রাজনৈতিক দলের মধ্যে ঐক্য জরুরি। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই বারবার জাতীয় ঐক্যের কথা বলা হচ্ছে, সেই ঐক্যে যে বড় ধরনের ফাটল ধরেছে, তা নানা ঘটনায় স্পষ্ট। কিন্তু এখন অন্তত হাদির এই ঘটনার পরে সেই ফাটল দূর করা খুবই গুরুত্বপূর্ণ। আমাদের প্রত্যাশা, যথাযথ পদক্ষেপের মধ্য দিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অচিরেই উন্নতি ঘটবে। দূর হবে আস্থার সংকট। দেশ এগিয়ে যাবে একটি সুষ্ঠু ও উৎসবমুখর নির্বাচনের দিকে





দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ্ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
আমরা IATA অনুমোদিত
আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# শহীদ হাদির জন্য শ্রদ্ধাঞ্জলি

ড. মাহবুব উল্লাহ্

মাও জে দং বলেছেন, কোনো কোনো মৃত্যু পাখির পালকের চেয়ে হালকা, আবার কোনো কোনো মৃত্যু থাই পাহাড়ের চেয়েও ভারী। শরিফ ওসমান হাদির মৃত্যু ছিল থাই পাহাড়ের চেয়েও ভারী। তার মৃত্যু ছিল শহীদি মৃত্যু। এমন মৃত্যু, যা মৃত্যুকে জয় করে মৃত্যুঞ্জয়ী হয়ে ওঠে, তেমন মৃত্যু কয়জনের কপালে জোটে! ঘাতক পিস্তলের গুলি ছুড়ে হাদির মৃত্যু নিশ্চিত করেছে। গুলিবিদ্ধ হওয়ার ফলে তার মস্তিষ্কের সবচেয়ে স্পর্শকাতর এলাকাটি ছিন্নভিন্ন হয়ে যায়। এমন অবস্থায় বেঁচে থাকলে অলৌকিক ঘটনা হতো। আমাদের দুর্ভাগ্য, অলৌকিক ঘটনা ঘটেনি।

মস্তিষ্কে গুলিবিদ্ধ শরিফ ওসমান হাদিকে বাঁচানোর জন্য সর্বাত্মক চেষ্টা করা হয়েছে। তার চিকিৎসা হয়েছে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, এভারকেয়ার হাসপাতাল ও সিঙ্গাপুরের জেনারেল হাসপাতালে। আল্লাহতায়ালা বাংলাদেশের লক্ষ-কোটি মানুষের আকুতির প্রতি সাড়া না দিয়ে, হাদিকে তুলে নিয়ে গেছেন। বিধাতার এই বিধানকে রুদ্ধ করে এমন সাধ্য কার? আমরা শুধু আল্লাহর দরবারে প্রার্থনা করব, আল্লাহ যেন তাকে শহীদি মৃত্যুর মর্যাদা প্রদান করেন এবং বেহেশতের সর্বোচ্চ মাকামে তাকে ঠাঁই দেন।

হাদি ছিলেন ২০২৪-এর জুলাই অভ্যুত্থানের অন্যতম নায়ক। তিনি এই অভ্যুত্থানে মুহূর্তের উত্তেজনা ও আবেগে যোগদান করেননি। তার ছিল একটি সুগঠিত রাষ্ট্রচিন্তা ও মতাদর্শ। তিনি চেয়েছিলেন, দেশটি যেন তার স্বপ্নের দেশ হয়। তার মধ্যে কোনো স্বার্থপরতা ছিল না। তার ধ্যান ও জ্ঞান সবই ছিল দেশ ও দেশের মানুষের জন্য নিবেদিত। বিরল প্রতিভার অধিকারী ছিলেন তিনি। চমৎকার আবৃত্তি করতেন। নজরুলের বিদ্রোহী কবিতাটি ছিল তার অত্যন্ত প্রিয়। এই কবিতা তিনি অনবদ্যভাবে আবৃত্তি করতেন বইয়ের প্রতি চোখ না রেখে। কবি নজরুল ইসলামকে এক সময় ধর্মান্ধ মোল্লারা কাফের উপাধি দিয়েছিল। কবি ইকবালের ভাগ্যেও এমন তকমা জুটেছিল। সমাজে যদি তমসাবাদীরা রাজত্ব করে, তাহলে এমনটিই হয়। কোনো মহৎ সৃষ্টিকে সম্যকভাবে বোঝার ক্ষমতা এদের নেই। বিদ্রোহী কবিতায় এমন কিছু উচ্চারণ রয়েছে, যার প্রতি তমসাবাদীদের চরম বিতৃষ্ণা থাকার কথা; কিন্তু হাদি ছিলেন ভিন্ন প্রকৃতির এক মানুষ। তিনি স্বাচ্ছন্দ্যে মুক্তকণ্ঠে বিদ্রোহী কবিতাটি আবৃত্তি করতেন, একজন খাঁটি বিদ্রোহী হিসাবে।

হাদি ছিলেন অনলবর্ষী বক্তা। তার বক্তৃতায় ভাস্বর হয়ে উঠত প্রতিবাদ, প্রতিরোধ ও দেশপ্রেমের অগ্নিমন্ত্র। তিনি অযৌক্তিক কোনো কথা বলতেন না। দৈনিক পত্রিকা প্রথম আলোর সমালোচকদের প্রতি তিনি পরামর্শ দিয়েছিলেন, পারলে নিজেদের মতো করে আরও ১০টি প্রথম আলো পত্রিকা বের করুন। তিনি এ পত্রিকার অফিস জ্বালিয়ে-পুড়িয়ে দেওয়ার আহ্বান জানাননি। তিনি প্রসঙ্গ এলেই শহীদ জিয়া ও তার সহধর্মিণীর দেশপ্রেম ও স্বচ্ছ রাজনীতির অকুণ্ঠ প্রশংসা করতেন। তিনি আরও বলেছিলেন, জিয়াউর রহমান সামরিক বাহিনীর লোক হওয়া সত্ত্বেও শেখ মুজিবের হাতে বন্ধ হওয়া গণতন্ত্রের অর্গল খুলে দিয়েছিলেন, যে দৃষ্টান্ত ইতিহাসে বিরল।

জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় হাদির জানাজা অনুষ্ঠিত হয়েছে। জানাজায় কোনো কোনো হিসাবমতে ১২ লাখ মানুষের সমাবেশ ঘটেছিল। স্মরণকালে এত বড় জানাজা হয়তো হয়নি। প্রশাসন আশঙ্কায় ছিল জানাজাকে ঘিরে উদ্বেগজনক কিছু ঘটতে পারে। না, তার ধারেকাছেও কিছু ঘটেনি। জনগণকে নিষেধ করা হয়েছিল, ভারী কোনো ব্যাগ বহন যেন না করে। মানুষ সর্বোচ্চ শৃঙ্খলার পরিচয় দিয়ে তেমন কিছু করেনি। বিপুল মানুষের সমাবেশ সত্ত্বেও কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেনি। এ দৃশ্য দেখে আশান্বিত হয়েছি। ভেবেছি, বাংলাদেশের ভবিষ্যৎ হারিয়ে যায়নি। এ জাতি ঐক্যবদ্ধ ও সুশৃঙ্খল থাকলে, অনেক কিছু অর্জনে সক্ষম।



হাদির জানাজায় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস এবং তিন বাহিনীর প্রধানসহ রাষ্ট্রের গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। প্রফেসর ইউনূস তার সংক্ষিপ্ত ভাষণে কণ্ঠরোধ করা স্বরে বলেছেন, হাদি তুমি আমাদের ছেড়ে যাওনি। তুমি রয়েছ আমাদের হৃদয়ে। মৃত্যুর পরও মানুষের হৃদয়ে থেকে যাওয়া পরম প্রাপ্তি। হাদির ভাগ্যে তাই ঘটেছিল।

হাদির জানাজায় বিশাল জনসমাগম কী বার্তা দিল? যে বার্তা আমরা পেয়েছি, তা ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। জুলাই অভ্যুত্থানের পর ১৮ মাস কেটে গেলেও জনতা এখনো ঐক্যবদ্ধ। জুলাইয়ের চেতনা এখনো অত্যন্ত উজ্জ্বল। এই ঔজ্জ্বল্য বিন্দুমাত্র হ্রাস পায়নি। এই চেতনা জাগ্রত আছে বলেই কোনো আধিপত্যবাদী শক্তি বাংলাদেশের প্রতি দন্ত-নখর বিস্তার করতে সাহস পাবে না। মওলানা ভাসানী বলতেন, ঐক্যবদ্ধ জনতার শক্তি অ্যাটম বোমার চেয়েও শক্তিশালী। একটি জাতি যত ক্ষুদ্রই হোক না কেন, সে যদি স্বাধীনতা চায়, তাহলে দুনিয়ার কোনো পরাশক্তি তাকে দমন করতে পারবে না। ভিয়েতনাম তার প্রকৃত প্রমাণ। দুই দশক প্রতিরোধযুদ্ধ করে ভিয়েতনামিরা ফরাসি ও মার্কিন সাম্রাজ্যবাদীদের কবল থেকে স্বাধীনতা ও মুক্তি ছিনিয়ে এনেছে। বাংলাদেশের ইতিহাসও তাই বলে। আমাদের জনগণের আকাঙ্ক্ষা ও এরপর ৩৬ পৃষ্ঠায়



> বুঝতে হবে, সম্ভবত একই অপশক্তি হাদিকে হত্যা করেছে এবং দুটি পত্রিকার অফিসে অগ্নিসংযোগ করেছে। এ অপশক্তির একটি মাত্র লক্ষ্য এবং তা হলো, বাংলাদেশে তাদের হারানো স্বর্গ পুনরুদ্ধার। এটি আমরা কোনো মতেই ঘটতে দিতে পারি না। আততায়ীর হাতে হাদির মৃত্যু আমাদের মনে সেই আশঙ্কাই জাগায়, যা আরও অনেক দেশপ্রেমিককে গুপ্তহত্যার শিকার হওয়ার সম্ভাবনা। এখন চিরন্তন সচেতনতা ছাড়া আমরা আমাদের স্বাধীনতা রক্ষা করতে পারব না। তবে হামলার সময় সরকারের নীরবতা ছিল বিস্ময়কর। দেশের এ সংকটকালে রাষ্ট্রশক্তি যদি দোদুল্যমান ঝেড়ে ফেলে সঠিক অবস্থান নিতে না পারে, তাহলে দেশের জন্য সমূহ বিপদ অপেক্ষা করছে। আল্লাহ আমাদের সব মুছিবত থেকে রক্ষা করুন, এটাই সময়ের প্রার্থনা

# নির্বাচন বানচালের ষড়যন্ত্র ও উগ্রবাদের চ্যালেঞ্জ: কোন পথে বাংলাদেশ

নিয়াজ মাহমুদ

> বাংলাদেশের সামনে এখন তিনটি মৌলিক চ্যালেঞ্জ স্পষ্ট- অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করা, ধর্ম বা মতাদর্শের নামে উগ্র সহিংসতার বিরুদ্ধে জিরো টলারেন্স দেখানো এবং সংবাদমাধ্যম ও সাংস্কৃতিক পরিসরের নিরাপত্তা নিশ্চিত করা। এই তিন ক্ষেত্রেই ব্যর্থতা মানে শুধু একটি নির্বাচন নয়, বরং পুরো রাষ্ট্রকাঠামোর জন্য হুমকি। ছোট্ট আয়শার পুড়ে যাওয়া শরীর, দিপু দাসের ঝুলন্ত মরদেহ, পত্রিকা অফিসে আগুন- এসব কেবল সংবাদ নয়, এগুলো ভবিষ্যতের অশনিসংকেত। নির্বাচন বানচাল হোক বা না হোক, যদি সহিংসতার এই রাজনীতি থামানো না যায়, বাংলাদেশ হারাবে তার সবচেয়ে বড় অর্জন-মানবিকতা ও সহাবস্থান। প্রশ্ন এখন একটাই- রাষ্ট্র কি সময়মতো সাহসী হবে, নাকি ইতিহাস আবারও লিখবে আমাদের ব্যর্থতার গল্প?

"অতিরিক্ত স্বাধীনতা, ব্যক্তি বা রাষ্ট্র-উভয় ক্ষেত্রেই-শেষ পর্যন্ত দাসত্ব ডেকে আনে।"
- প্লেটো, দ্য রিপাবলিক

প্লেটো আড়াই হাজার বছর আগে যে সতর্কবার্তা উচ্চারণ করেছিলেন, আজকের বাংলাদেশে তা যেন অস্বস্তিকর বাস্তবতায় রূপ নিয়েছে। গণতন্ত্রের নামে লাগামছাড়া সহিংসতা, মতাদর্শের নামে নৃশংসতা এবং রাজনৈতিক স্বার্থে রাষ্ট্র ও সমাজকে জিম্মি করার প্রবণতা-সব মিলিয়ে দেশ দাঁড়িয়ে আছে এক গভীর সংকটের মোড়ে। সাম্প্রতিক ঘটনাগুলো বিচ্ছিন্ন নয়; বরং আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে একটি পরিকল্পিত অস্থিরতার ইঙ্গিত বহন করে।



শুক্রবার মধ্যরাতে লক্ষ্মীপুরের চরমনসা গ্রামে বিএনপি নেতা বেলাল হোসেনের বাড়িতে তালা লাগিয়ে আগুন দেওয়া কেবল রাজনৈতিক সহিংসতা নয়-এটি মানবতার বিরুদ্ধে অপরাধ। আগুনের মধ্যে আটকে পড়ে ছোট্ট আয়শার "আব্বু আমাকে নাও" আর্তচিৎকার সত্য সমাজকে স্তব্ধ করে দেয়। রাজনৈতিক বিরোধ কি শিশু হত্যার পর্যায়ে পৌঁছাতে পারে? যদি পারে, তবে আমরা কোন পথে হাঁটছি?

এর আগে বৃহস্পতিবার রাতে ভালুকায় পোশাকশ্রমিক দিপু চন্দ্র দাসকে প্রকাশ্যে পিটিয়ে হত্যা, বিবস্ত্র করে ঝুলিয়ে মরদেহে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনা আমাদের আরও স্পষ্ট করে দেখিয়ে দেয়-রাষ্ট্রের অনুপস্থিতিতে উগ্রবাদ কতটা নিষ্ঠুর রূপ নিতে পারে। অভিযোগের সত্যতা যাচাই বা আইনের আশ্রয় না নিয়ে ধর্মীয় আবেগের নামে প্রকাশ্য হত্যাকাণ্ড সভ্যতার বিপরীত মেরুতে অবস্থান করে। প্রশ্ন তাই একটাই-রাষ্ট্র কোথায়, আইন কোথায়, আর এই উন্মত্ততাকে কারা উসকে দিচ্ছে?

বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে ফেরার ঘোষণা এবং নির্বাচন ও গণভোটের সময়সূচি ঘোষণার পরপরই সহিংসতার মাত্রা বেড়ে যাওয়া কাকতালীয় বলে মনে হয় না। বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসের ভাষায়, একটি মহল পরিকল্পিতভাবে নির্বাচন বানচালের লক্ষ্যে অস্থিরতা তৈরি করছে। এই অস্থিরতার উদ্দেশ্য দ্বিমুখী-একদিকে নির্বাচন প্রশ্নবিদ্ধ করা, অন্যদিকে সমাজে ভয় ও বিভাজন ছড়িয়ে গণতান্ত্রিক প্রক্রিয়াকে অকার্যকর করে তোলা।

এই প্রেক্ষাপটে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশের বিভিন্ন স্থানে অরাজকতা সৃষ্টির চেষ্টার বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, সামনের দিনগুলো সহজ নয়, এবং সবাইকে সজাগ থাকতে হবে। একই সুরে বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ প্রশ্ন তুলেছেন-"আমরা তো চেয়েছিলাম ডেমোক্রেসি, কেন হয়ে যাবে মবোক্রেসি?" তার মতে, রাষ্ট্রের দুর্বলতাই মবতন্ত্রকে উৎসাহিত করছে। সালাহউদ্দিন আহমেদ বলেন, প্রথম আলো, ডেইলি স্টার জ্বালিয়ে দেয়া হয়েছে, পুড়িয়ে দেয়া হয়েছে। এ দৃশ্য সারাবিশ্ব দেখেছে। সেটা আমাদের জন্য লজ্জার। এটা কোনোভাবে আমরা শুধুমাত্র দুঃখ প্রকাশ করে, ক্ষমা প্রার্থনা করে সমাপ্ত করতে পারবো না।

উদ্বেগ শুধু রাজনৈতিক মহলে সীমাবদ্ধ নয়। মানবজমিন-এর প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরী সতর্ক করে বলেছেন, আমরা ঐক্যবদ্ধ না হলে রাষ্ট্রই বিপন্ন হয়ে পড়বে। রাষ্ট্রের যদি অস্তিত্ব বিপন্ন হয়ে যায়, তাহলে আমরা কেউই থাকবো না'। আর প্রথম আলো সম্পাদক মতিউর রহমান উদ্বেগ প্রকাশ করে বলেছেন, দেশে একটা রাজনৈতিক শূন্যতা চলছে সেটা বিপজ্জনক। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান যদি আরও আগে দেশে আসতে পারতেন তাহলে দেশে একটা ভালো পরিবেশ তৈরি হতে পারতো। উনার অনুপস্থিতিতে কিছু বিভ্রান্তি তৈরি হওয়ার সুযোগ হয়েছে।

আন্তর্জাতিক মহলেও এই পরিস্থিতি গভীর উদ্বেগ সৃষ্টি করেছে। ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলারের ভাষায়, প্রথম আলো ও ডেইলি স্টারে হামলা মানে গণমাধ্যম ও মতপ্রকাশের স্বাধীনতার ওপর সরাসরি আঘাত-যা বাংলাদেশের গণতন্ত্রের জন্য এক ভয়াবহ মুহূর্ত। এর মধ্যেই দিল্লিতে বাংলাদেশের দূতকে হুমকি দেওয়ার অভিযোগ ঘিরে বাংলাদেশ-ভারত সম্পর্ক নতুন করে উত্তপ্ত হওয়ার ইঙ্গিত দিচ্ছে।

ওসমান হাদি হত্যাকাণ্ডকে কেন্দ্র করে প্রথম আলো, ডেইলি স্টার, ছায়ানট, উদিচি ও বিভিন্ন সাংস্কৃতিক কেন্দ্রে হামলা স্পষ্ট করে দেয়-এটি কোনো বিচ্ছিন্ন ক্ষোভ নয়, বরং মুক্তচিন্তা, সংস্কৃতি ও স্বাধীন সাংবাদিকতার বিরুদ্ধে সুপরিকল্পিত আক্রমণ। যে সমাজে সংবাদপত্রের অফিসে আগুন লাগে এবং সংস্কৃতির পরিসরে হামলা হয়, সেখানে গণতন্ত্র শব্দটি ক্রমে ফাঁপা স্লোগানে পরিণত হয়।

সব সন্ত্রাসের বিরুদ্ধে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের প্রকাশ্য নিন্দা রাজনৈতিক দায়িত্বশীলতার পরিচয় দিলেও প্রশ্ন থেকেই যায়-এই সহিংসতার শেকড় উপড়ে ফেলতে এরপর ৪০ পৃষ্ঠায়




Flatbush Driving School
FLATBUSH DRIVING SCHOOL
GROW WITH US
SECURED INVESTMENT OPPORTUNITY
EARN $8,000 TO $10,000 MONTHLY - BY INVESTING ONLY $30,000
REQUIREMENTS: MINIMUM 2 YEARS VALID DRIVING LICENSE
RESPONSIBILITIES
PROVIDE LESSONS & ROAD TESTS TO DRIVING SCHOOL STUDENTS
BENEFIT
NEW CAR WITH COMMERCIAL INSURANCE
LEARN MORE
917-634-0002
FLATBUSHDRIVINGSCHOOL@GMAIL.COM


বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?
সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়
আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।
আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েডরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।
কামরুজ্জামান বাচ্চু
KAMRUZ ZAMAN BACCU
Licensed Real Estate Salesperson
347.465.3220
kamruzbaccu1@gmail.com
Buying/Selling:
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned & Short Sale.
Rental:
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 & other programs
MLS
ISLAND ADVANTAGE REALTY


HAPPY NEW YEAR 2026
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন নর্থ আমেরিকা ইনক্-এর নতুন কার্যকরী কমিটির পক্ষ থেকে সকলকে ইংরেজি নববর্ষ ২০২৬ এর
শুভেচ্ছা ও অভিনন্দন!
CHITTAGONG UNIVERSITY ALUMNI ASSOCIATION NORTH AMERICA INC
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এ্যাসোসিয়েশন নর্থ আমেরিকা ইন্ক
ESTD. 1993 | REG. NO. 488263
নব-নির্বাচিত কার্যকরী কমিটি
২০২৬-২০২৭
সামসুদ্দিন আজাদ
সভাপতি
মোহাম্মদ আবু নোমান সরকার
সাধারণ সম্পাদক
সিকান্দার চৌধুরী (টেক্সাস)
সিনিয়র সহ-সভাপতি
সালেহ আহমেদ (নিউজার্সি)
সহ-সভাপতি
মোহাম্মদ আনোয়ারুল করিম
সহ-সভাপতি
সফিকুল আনোয়ার চৌধুরী (ববি)
সহ-সভাপতি
সৈয়দ আসিফ আহমেদ
কোষাধ্যক্ষ
শিবলী ছাদেক
সহ-সাধারণ সম্পাদক
সুমিত্রা সেন
সাংগঠনিক সম্পাদক
আবদুল্লাহ আল মাহের
শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক
সাদিয়া আফরোজ
প্রচার ও প্রকাশনা সম্পাদক
প্রসূন রায়
ক্রীড়া সম্পাদক
কার্যকরী সদস্য
মাহমুদ আহমেদ
মোঃ মোশারফ হোসেন
কাজী সোহরাব
রেজা কামাল
বিষ্ণু দোল
দেলোয়ার এম হাসান
মোস্তাক হোসাইন (বকুল)
এম রফিকুল ইসলাম
হাসান মাহমুদ
ইলেকশন কমিশন
অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী
প্রধান নির্বাচন কমিশনার, ৯১৭-৩৩০-০৩৭৪
অধ্যাপক নোয়াব মিয়া
নির্বাচন কমিশনার, ৬৪৬-৬৪২-৭৭৯৫
মোঃ মনজুর হাসান (নসু)
নির্বাচন কমিশনার, ৯১৭-২৫১-৮৭২১




ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ, ইন্‌ক্‌-এর পক্ষ থেকে আমাদের সম্মানিত কাস্টমার ও শুভানুধ্যায়ীদের জানাচ্ছি **ইংরেজি নববর্ষ ২০২৬** উপলক্ষে প্রানঢালা

**অভিনন্দন এবং শুভেচ্ছা!**

**এষ্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ**

Open 24 Hours

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
**N.Y.S. Inspection**

Low Price & Fully Guaranteed

REPAIR

# United
## Auto Repair & Body Shop, Inc.

**Contact: Azam** **Tel: 718-786-6677**

Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন




# ইউনাইটেড অটো রিপেয়ার

ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়

38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101

# এই সপ্তাহের কবিতা



## এই ভবনে রবীন্দ্রনাথ থাকে...

*(উৎসর্গ : পরম শ্রদ্ধেয় সৈয়দ হাসান ইমাম ও লায়লা হাসান প্রিয়জনেষু)*

লুৎফর রহমান রিটন

একটা ভবন আলোর কুসুম
এই ভবনে রবীন্দ্রনাথ থাকে,
সূর্যোদয়ের আবীর আভা
এই ভবনে রবির আলো মাখে।
সনজীদা আর ওয়াহিদুলের
সন্তানেরা এই ভবনে যায়,
সম্মিলিত কণ্ঠে ওরা
কী অপরূপ বাংলার গান গায়।
রোদের নাচন পাতায় পাতায়
এই ভবনে আলোর কুসুম ফোটে,
ঘনকালো ঘোর কৃষ্ণপক্ষে
এই ভবনেই নতুন সূর্য ওঠে।
ধর্মান্ধের অশুভ দানব
পরাভূত হয় এখানেই রোজ, নিতি।
বাঙালি এখানে দৃঢ় প্রত্যয়ে
হাতে হাত রেখে গড়ে তোলে সম্প্রীতি।
মানবিকতার মোহন বাঁশিতে
স্নাত হয় হেথা কোটি প্রাণ,
জনে জনে,
বাংলা এবং বাঙালির জয়
ধ্বনিত এখানে নূপুরের নিক্কণে।
বাংলার মাটি বাংলার জল
নিত্য এখানে রচে নয়া রামায়ণী,
একটি জাতির প্রাণাকাঙ্ক্ষায়
নির্মিত হয় অপরূপ সিম্ফনি।
বাংলার গান বাঙালির গান
সহস্রতার অভগ্রতায় গীত,
ধর্মান্ধরা মৌলবাদীরা
রবি ঠাকুর আর ছায়ানট ভয়ে ভীত...
তাই এ ভবনে হামলা অগ্নি
ধ্বংসযজ্ঞ নতুন কিছু তো নয়!
ভবন পোড়ালে মনন পোড়ে না
বাঙালি গাইবে মুক্ত করো হে ভয়...

লেখক: ছড়াকার, অটোয়া
১৯ ডিসেম্বর ২০২৫।



## একতাই বল

সুজন দাশ

একতা থাকলে কোন অনিয়ম বসতে পারে না ফোঁকে,
প্রশ্রয় দিলে বাড়ে দশগুন কষ্টকে দেয় রেখে।
যদি কর তুমি দু'চোখ বন্ধ,
থামেনা প্রলয়,-মিটে না দ্বন্দ্ব ;
পাশ কাটালেই আসবে বিপদ আঁধারে আসবে ঢেকে।
একা বাঁচলেই খাবে এসে বাঘ মরণ আনবে ডেকে।

অর্থ বিত্ত কিছুই তোমাকে বাঁচাবে না কাছে এসে,
এগুলো বরং ডাকবে বিপদ কষ্ট দাঁড়াবে ঘেঁষে।
না আসলে কাছে বন্ধু স্বজন,
গাইবে কে বলো তোমার ভজন?
দুর্বৃত্তের কঠিন আঘাতে স্বপ্নরা যাবে ভেসে,
যন্ত্রণা জ্বালা ঘিরবে তোমাকে অভিশাপ হয়ে এসে।

যতই দম্ভ মোহের বশেতে নিজেকে বন্দী কর,
একা একা কভু মানুষ কখনো হতেই পারে না বড়।
বড় হতে গেলে ছোট হও আগে,
ভেসে যাও তুমি প্রেমপ্রীতি রাগে!
না হলে তোমার যত অর্জন বলবে তোমাকে সর,
এ মহা সত্য ভুল নেই তাতে নিজেকে ভেবো না বড়।

একতাবিহীন মানুষ কখনো থাকতে পারে না বেঁচে,
একতা মানুষে যোগায় শক্তি প্রেরণাও দেয় যেচে।
পাশে না থাকলে আপনার জন,
মুছে যাবে খ্যাতি যত অর্জন;
খেয়ে নেবে এসে সুবিধাবাদীরা ফেলবে তোমারে প্যাঁচে,
হবে অসহায় একা নির্জনে সমস্যা যাবে নেচে!



## নববর্ষ

সুমন বিপ্লব

২০২৫ সাল যেতে যেতে
অবশেষে আবির্ভাব ২০২৬ সাল
স্মৃতির পাতায় স্মৃতির পাহাড়
কখনো আনন্দ কখনো দুঃখ
নদীর স্রোতের মতো প্রবাহিত স্মৃতি ।
২০২৬ সাল ক্রমান্বয়ে গড়ে উঠবে
হাসি - কান্নার স্মৃতির পাহাড়
নববর্ষ সাজাবো নববর্ষ দিয়ে
প্রচেষ্টায় করব স্বপ্ন বাস্তবায়ন ।
২০২৫ সালের সব ব্যর্থতা মুছে ফেলব
নববর্ষে উঠব সফলতার সিঁড়িতে
আমরা হারতে আসনি পৃথিবীতে।



## বিজয় আমার

সুফিয়ান আহমদ চৌধুরী

বিজয় আমার তাধিন ধিন
খুশির সীমা নাই,
বিজয় পতাকা উড়ছে ঘরে
বিজয় মিছিলে যাই।

বিজয় আমার উড়ছে পাখি
উড়ছে ফড়িং ঘাসে,
সবুজ শোভায় রাঙায় মন
স্বদেশ রাঙা হাসে।

বিজয় আমার করছে খেলা
শিশুর দল সুখে,
কলসি কাঁখে সরল বধূ
কতই হাসি মুখে।

বিজয় আমার বাজছে গান
জয়ের গান বাজে,
সোনার বরণ স্বদেশ কত
রঙিন সাজে সাজে।

বিজয় আমার দুঃখটা ভুলে
বিজয় সুখে দেশ,
উজালা মন সবার কী যে
বিজয়ে বাংলাদেশ।



## বাংলাদেশ আমার মাতৃভূমি

মোহাম্মদ মহিবুর রহমান

আমি গর্ববোধ করি
হৃদয়ে তোমায় স্মরি।
নিঃশ্বাসে বিশ্বাসে তুমি
ওগো আমার মাতৃভূমি।
তোমার আলোয় আলোকিত
তোমার বিজয়ে আন্দোলিত।
তোমার হাসিমাখা মুখ
এতে পাই সুখ।
মানচিত্রে না এলে
ডাকতাম কি বলে?
উনিশশো একাত্তর সাল
বিজয়ের গাঁথা কাল।
সবার সম্মিলিত অবদান
গাই স্বাধীনতার গান।
শ্রদ্ধাভরে স্মরণ করি
তোমরাই আমাদের পূর্বসূরি।
বাংলাদেশ আমার মাতৃভূমি।
স্নেহ মমতায় তুমি।
আজীবন করব লালন
তোমাকে বুকে ধারণ।



## একজন ওসমান হাদির জন্য

মহসিন আলম মুহিন

হাদি হলো নেতা পথপ্রদর্শক ওসমান হলো শক্তিশালী,
হায়রে কুলাঙ্গার তাকেই মারতে কেন করলি গুলি।।

মুক্তির মিছিলে বুক উঁচিয়ে এনে দিলো অধিকার,
ফিরে পেলি যে সাহসের দামে নব্য স্বাধীনতার।।

হাজারো মানুষ এক করলেও হবে না যার দাম,
তারই কণ্ঠ কেড়ে নিতে গুলি বড়ই শয়তানী কাম।।

পাবি না ক্ষমা এই জগতে পরপারে খাবি ধরা,
মানুষ নামের অমানুষ তোরা, পাপী-জালিম হতচ্ছাড়া।।

সামান্য স্বার্থের কারণে করলি এতো বড় অন্যায়,
দেশ জাতি করবে না ক্ষমা আনবে বিচারের আওতায়।।

জনদরদী, দেশবাসী আজ জেগে উঠো ঘুম থেকে,
নয়তো অমানুষেরা ধ্বংস করে দিবে সোনার বাংলা টাকে।।

এরা আবু সাঈদকে মারে, মুগ্ধকে মারে, শিহাব-সিয়ামকে করে গুলি,
এই সেই চক্রেরাই ঠাণ্ডা মাথায় হাদিকে ছোঁড়ে গুলি।।

দেশ ও দেশের মানুষকে কাঁদায় এরা বড় শয়তান,
যত দ্রুত পারো নিপাত করো নিরাপদ হোক ময়দান।।

চারিদিক থেকে এদেরকে ধরো আবার জুলাই-যোদ্ধাদের নিয়ে,
জঞ্জাল মুক্ত করতে শপথ করো হাদির রক্ত ছুঁয়ে।।



## মানবতার পথে আবার যীশু

ড. মনোরঞ্জন দাস

মানবতার পথে আবার-এসো যীশু মানুষ হয়ে,
দুঃখের ভার হালকা করো-আশার বাতি হাতে নিয়ে।

ক্ষুধার্ত কণ্ঠে অন্ন দাও-মুছে দাও অশ্রু-বেলা,
অসহায়দের সান্ত্বনায়-করুণা হোক অনুক্ষণেলা।

বিদ্বেষের অন্ধকার ভেঙে-প্রেমের শিখা জ্বালো,
হিংসার বিষ জমাট ভেঙে-শান্তির সুধা ঢালো।

বৈষম্যের শেকল ছিঁড়ে-সমতা দাও সকলায়,
ধনী-দরিদ্র এক হয়ে-মানুষ হোক সমান ধায়।

যুদ্ধের আগুন নিভিয়ে দাও-মমতার জলে ভিজে,
কোনো শিশুর মুখে আর নয়-কেঁদে ওঠা রাত নিনিয়ে।

নারীর মান-সম্মান রাখো-বীরের দৃঢ় শক্তি হয়ে,
শ্রমিক-কৃষকের রক্ত-ঘাম-ন্যায্যতায় মর্যাদা পেয়ে।

ধর্মের নামে বিভেদ নয়-মানবতার মশাল জ্বালো,
বর্ণ-জাতির গণ্ডি পেরিয়ে-একতার রথ চালাও।

অরণ্য-নদী রক্ষা করো-জীবনের সুর বাঁচিয়ে,
প্রকৃতি আর মানুষ মিলুক-সবুজ সাথি সাজিয়ে।

চুরি-ডাকাতি-মিথ্যা-লোভ-ধূলায় মিশুক আজ,
সত্য-ন্যায়ের বাণী বেজে-ভালোবাসা পাক সাজ।

শেষে উঠুক স্বাধীন সূর্য-মুক্তির বাণী বয়ে,
মানবতার পথে আবার-এসো যীশু মানুষ হয়ে।

লেখক: কবি-অধ্যক্ষ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজ, ত্রিপুরা, ভারত।



## মুক্তির জন্য যুদ্ধ

মো. নজরুল ইসলাম

অস্ত্র হাতে যুদ্ধ করে মুক্তিযোদ্ধা যাঁরা
মুক্তিসেনা মুক্তিযুদ্ধে স্বাধীনতা আনে,
এ জনতা সব জানে মুক্তিযোদ্ধা কারা?
শিল্পী-কবি কাব্য গানে বলে তার মানে।

রক্ত স্রোত বন্যা বেগে দূর্গ গড়ে তাঁরা
স্বদেশ বাঁচাবে বলে দেশে যুদ্ধ হানে,
দেশ ও জাতির শক্তি বিহঙ্গের তাড়া
মুক্ত স্বাধীন বিহঙ্গ উড়ে শূন্য পানে।

স্বাধীনতা জন্য যুদ্ধ বেড়াজালে বন্দী
একাত্তরে ও চব্বিশে দ্বি-মুখী স্বভাব,
ভূ-খণ্ডের স্বাধীনতা মুক্তি লাভে সন্ধি
বাঙালার বুকে আনে ভিন্নতা প্রভাব।

পতাকা আমার স্বপ্ন সোনালী স্বদেশ
সাহসের কল-রব অসীম আকাশে,
বিশ্বাস আর মর্যাদা তীব্রতা অশেষ
সবুজাভ বাঙালার কল্লোল বাতাসে ।

যুদ্ধের ফলে বিজয় পতাকা অর্জন
মুক্তি লাভের আশায় লড়ে মুক্তিযোদ্ধা,
স্বাধীনতা পেলো সত্য বিজয়ী গর্জন
স্বাধীনতাকামী সব জ্ঞানী-গুণী-যোদ্ধা।



## মুক্তিযোদ্ধা স্মরণে

ভীষ্মদেব মণ্ডল

তোমাদের কথা হৃদয়ের মাঝে
অবিরাম জেগে রয়,
মুক্তিযুদ্ধে নেমে ছিলে যারা
ভুলিয়া সকল ভয়।
জীবনের মায়া সুখ ও স্বজন
সকল তুচ্ছ করে,
এনে দিলে যারা স্বাধীন পতাকা
দেশ ও জাতির তরে।
সালাম সালাম হাজার সালাম
সালাম হৃদয় হতে,
আঁধার ঘুচিয়ে আমাদের যারা
চড়ালে আলোর রথে।
তোমরা কবিতা তোমরা গল্প
তোমরাই গীত হবে,
আমাদের মনে রবে চিরকাল
বীরের আসন লবে।
স্বাধীন জাতির সেরা সন্তান
তোমরা অমর রবে,
কাল হতে কালে তোমাদের গাথা
সেরা ইতিহাস হবে।




বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Elise Stefanik Drops Out of NY Governor's Race and Is Leaving Congress

**Ajkal Desk**



Congress woman Elise Stefanik (R-NY) announced Friday that she is dropping out of the New York gubernatorial race and will not seek re-election to Congress.

In a statement posted online Friday afternoon, Stefanik reaffirmed her belief that she would have won the Republican primary, but concluded that her campaign "is not an effective use of our time or your generous resources." Stefanik continued:

While spending precious time with my family this Christmas season, I have made the decision to suspend my campaign for Governor and will not seek re-election to Congress. I did not come to this decision lightly for our family.

I am truly humbled and grateful for the historic and overwhelming support from Republicans, Conservatives, Independents, and Democrats all across the state for our campaign to Save New York.

However, as we have seen in past elections, while we would have overwhelmingly won this primary, it is not an effective use of our time or your generous resources to spend the first half of next year in an unnecessary and protracted Republican primary, especially in a challenging state like New York.

And while many know me as Congresswoman, my most important title is Mom. I believe that being a parent is life's greatest gift and greatest responsibility. I have thought deeply about this and I know that as a mother, I will feel profound regret if I don't further focus on my young son's safety, growth, and happiness – particularly at his tender age.

I am incredibly grateful to the people of New York's 21st District for entrusting me to represent you in the United States Congress. Thank you to my dedicated staff over the past decade. I am proud of the significant results that we successfully delivered for the hardworking families in our district and across America. It has been a tremendous professional honor to serve as your Congresswoman over the past eleven years.

The first year of President Donald Trump's second term has been troublesome for Stefanik. She was initially chosen to be the U.S. ambassador to the United Nations, but Trump later pulled the nomination to protect the GOP's thin advantage in the House.

In November, Stefanik announced she was running for governor. The launch of her campaign came a few days after Assemblyman Zohran Mamdani — a Democratic Socialist — won the New York City mayoral race. Some also viewed it as a win for Republicans, as it would help fuel anti-socialism messaging ahead of the 2026 midterm elections.

A little over two weeks after Mamdani's win, however, was his surprisingly cordial meeting with Trump. Strategists argued the meeting undermined the GOP's midterm plans, and it was especially harmful to Stefanik's campaign. The congresswoman has repeatedly attacked Mamdani as a "communist" and a "jihadist," but Trump shot down those claims when the press brought them up.

## Bangladeshi content creator RobinRafan joins Creators Guild of America



**Anik Raj**

Bangladeshi content creator RobinRafan has officially been approved as a member of the Creators Guild of America (CGA), one of the world's leading organisations dedicated to supporting and empowering digital creators, said a press release. The Creators Guild of America is a nonprofit organisation that represents and protects creators across digital platforms, from filmmakers and educators to influencers and designers. RobinRafan has become Bangladesh's first representative within this influential organisation, the press release added.

Speaking about the recognition, RobinRafan said, 'Alhamdulillah. Being approved as a member of the Creators Guild of America is a huge honour for me as a content creator. I hope this recognition will inspire more creators from Bangladesh to dream bigger and reach the global platform.'

He shared that the membership, earned after a rigorous evaluation process, will strengthen his creative journey by providing global exposure, legal protection for his work, and new opportunities for international collaboration.



## US cities gird for World Cup rush hour

### Are American transit systems ready for millions of soccer fans?

**Ajkal Desk**

American cities are scrambling to build bus systems from scratch, overhaul rail lines and ensure trains don't catch fire as they prepare to welcome soccer fans to next summer's World Cup.

The tournament, which spreads matches across 16 North American cities in three countries, will be a test of U.S. mass transit — from robust to barely existent — as transportation agencies still struggling to recover from pandemic-era changes are forced to gear up for the global games.

Nowhere is what transit planners call the "crush load" likely to be as much of a challenge as the 450-mile stretch shared by local *Continued on page 26*



## Trump Backs Blakeman for NY Governor After Stefanik Drops Out

**Ajkal Desk**

President Donald Trump endorsed Nassau County Executive Bruce Blakeman for New York governor on Saturday, one day after GOP Representative Elise Stefanik announced she would suspend her gubernatorial campaign and not seek reelection to Congress.

The endorsement, delivered via Trump's Truth Social platform, positions Blakeman as the leading Republican candidate in the 2026 gubernatorial race against Democratic incumbent Governor Kathy Hochul.

Newsweek reached out to Blakeman's office outside of normal business hours via email on Saturday for comment.

**Why It Matters** : Trump's swift endorsement significantly strengthens Blakeman's position and could discourage other serious Republican contenders from entering the race, potentially clearing his path to the GOP nomination.

The development marks a pivotal moment in New York Republican politics, as the party seeks to challenge Hochul in a state where Republicans have not held the governorship since George Pataki left office on December 31, 2006.

Stefanik's withdrawal, citing family priorities and concerns about a divisive primary, eliminates what was expected to be a competitive contest between two Trump allies.

**What To Know** : Blakeman serves as executive of Nassau County on Long Island and has cultivated a political profile closely aligned with Trump's agenda. He has gained attention for implementing controversial policies, including a ban on transgender athletes using county sports facilities and creating a volunteer law enforcement unit that critics have characterized as a militia. Most recently, Blakeman directed county detectives to collaborate with federal immigration authorities in Trump's mass deportation efforts.

"As Nassau County Executive, he is working tirelessly with the Brave Heroes of ICE, Border Patrol, and Law Enforcement to Keep Our Border SECURE, Stop Migrant Crime, Safeguard our Community, and Ensure LAW AND ORDER," Trump wrote in his endorsement on Truth Social. "As your next Governor, Bruce will continue to fight hard to Grow the Economy, Cut Taxes, and Regulations, Promote MADE IN THE U.S.A., Champion American Energy DOMINANCE, Strengthen our Military/Veterans, Advance Election Integrity, and Protect our always under siege Second Amendment!"

Stefanik announced her decision Friday after spending time with her family, stating that being a mother to her 4-year-old son is "life's greatest gift and greatest responsibility." She cited concerns about spending resources on "an unnecessary and protracted Republican primary, especially in a challenging state like New York." The congresswoman, who has been a steadfast Trump ally, had been nominated to serve as ambassador to the United Nations before Trump withdrew the nomination due to concerns about the GOP's narrow House majority.

Just days before Stefanik's announcement, Trump had declined to take sides between the two Republicans when Blakeman formally announced his candidacy, telling reporters: "He's great, and she's great. They're both great people."

# New York minimum wage increasing again January



**Shah Nawaz**

Shah Nawaz
The minimum wage in New York state is set to increase by 50 cents on Jan. 1, 2026. The state's minimum wage will increase from $16.50 an hour to $17 per hour in New York City, Long Island and Westchester County. For the rest of the state, it will increase from $15.50 to $16 an hour. The adjustment is part of an agreement made in 2023 by Gov. Kathy Hochul and the state Legislature to index minimum wage to inflation. The legislation dictates that the minimum wage will increase by another 50 cents in 2026 and then increase annually starting in 2027 at a rate determined by the Consumer Price Index for Urban Wage Earners and Clerical Workers (CPI-W) for the Northeast Region, a regional measure of inflation. However, the minimum wage does not increase if there is an increase in unemployment.
"From the tip of Montauk to Niagara Falls, this increase reflects our promise to put money back in New Yorkers pockets and uplift our hard workers," Hochul said in a statement Monday. "By continuing these investments and indexing wages to inflation, we're making sure New Yorkers can keep up with rising costs by taking home more money." The federal minimum wage in the United States has stayed at $7.25 per hour since 2009, but states and some localities can set higher amounts. "With costs rising, this increase is crucial for workers looking to make ends meet. I thank Gov. Hochul and the Legislature for their ongoing efforts to support New York's workforce," New York state Department of Labor Commissioner Robert Reardon said in a statement. wage increasing again stew York minimum wage increasing again starting Jan. 1, 2026



## Mamdani endorses Diana Moreno to replace his former Assembly seat

**Ajkal Desk**

Mayor-elect Zohran Mamdani on Saturday endorsed Diana Moreno in the upcoming special election to fill his former state Assembly seat.
Moreno, a democratic socialist, was born in Ecuador and immigrated to the United States at age 11.
She has organized alongside Mamdani for years and supports his push for universal child care.
"I am so excited at the fact that we have in Diana, someone who will not just continue the legacy that I and so many here have built of a district that fights for every single person that calls it home, but frankly for someone who can take that work even further," Mamdani said in a statement.
Moreno framed her candidacy as an extension of Mamdani's policy agenda in Albany.
"As Zohran often reminds us, this is not work that he can do alone," Moreno said. "I will be the unwavering ally he will need in Albany to deliver on his affordability agenda, and to fight back against the rising tide of fascism."
The special election to fill the Assembly seat is projected to take place Feb. 3, though Gov. Kathy Hochul is expected to set the final election date in January.
District 36 covers parts of Astoria and surrounding neighborhoods in Queens.

## Impunity at the core of mob violence against media: UN expert

**Ajkal Desk**

Mob attacks on leading media outlets and cultural centres in Bangladesh are deeply alarming and must be investigated promptly and effectively by the government, and the perpetrators brought to justice without delay, UN expert Irene Khan said in a statement issued today.
The arson and vandalisation of the offices of The Daily Star and Prothom Alo and Chhayanaut cultural centre as well as the attack on the editor of New Age occurred as mass protests broke out across the country after Sharif Osman Hadi, a prominent youth leader of the July 2024 uprising, died from gunshot wounds inflicted by assailants in broad daylight.



"I strongly condemn the targeted killing of an inspiring leader as well as the orchestrated mob violence against independent journalists and artists which followed the announcement of his death," Irene Khan, special rapporteur on the freedom of expression and opinion, said.
"The weaponisation of public anger against journalists and artists is dangerous at any time, and especially now as the country prepares for elections. It could have a chilling effect on media freedom, minority voices and dissenting views with serious consequences for democracy," Khan said.
"The mob attacks did not emerge in a vacuum but are the consequences of the failure of the interim government to address impunity and uphold media and artistic freedom," she said.
"Over the past year, freedom of expression, especially media freedom, has come under significant pressure in Bangladesh from both state and non-state actors, online and offline," she added.
Since August 5, 2024, hundreds of journalists have been arrested on "politically motivated, dubious charges of murder, terrorism and other serious crimes", and many have been arbitrarily detained for prolonged periods, the statement said. The interim government has largely followed the previous patterns of impunity, normalising attacks and threats without consequences for the perpetrators, it added.
"When hate speech and smear campaigns endanger the safety and reputation of media outlets, editors, journalists, artists and civil society leaders, and no corrective action is taken by the government or social media platforms, then it is only a matter of time before the words translate into violence," the special rapporteur said. "I call on the government to investigate the killing of Hadi and the attacks on media outlets promptly, impartially, transparently and hold perpetrators to account with full due process," she said.
The expert called on the government to act rapidly to put in place effective protection and prevention measures to safeguard civil society, including journalists in the lead up to elections.
"If the interim government is to live up to its promise to deliver safe and fair elections, it must uphold the rights to freedom of expression and peaceful assembly and ensure the that journalists, human rights defenders, civil society leaders, political candidates, women and minorities are able to exercise their fundamental rights without fear of reprisals," Khan said.

## Western Queens apartment house fires leave two dead in Astoria and Jackson Heights

**Ajkal Desk**

A resident of the Queensview residential cooperative housing complex in Astoria has died after a fire on the top floor of a 14-story building at 33-34 Crescent St. on Wednesday, Dec. 17, according to the FDNY.
The FDNY received a report of a fire in the apartment building at 7:35 a.m. and found a civilian inside a 14th-floor unit with a serious injury. EMS rushed the patient to Mount Sinai Hospital in Astoria, where the patient succumbed and was pronounced dead.
The fire was brought under control at 8:20 a.m. FDNY fire marshals will determine the cause of the blaze. The identity of the deceased is pending family notification. "On behalf of our entire community, I am sending my deepest sympathies to their family and loved ones," Council Member Tiffany Cabán said. "Our thoughts are with all those affected by this devastating loss. Thank you to all the FDNY firefighters, EMTs, first responders, and city agencies that responded swiftly to this tragedy."



Firefighters battled a fatal fire in Astoria on Thursday mormon on the top floor of a 14-story apartment building in the Queensview coop complex on Crescent Street.

The FDNY responded to another fatal fire in Jackson Heights on Thursday morning. A call was received at 5:10 a.m. of a fire on the first floor in an apartment building at 37-06 80th St. and arriving units found residents escaping the flames on fire escapes.
Firefighters found an 80-year-old woman unconscious and unresponsive inside a burned-out apartment. She was pronounced dead at the scene, an NYPD spokesman said. The Office of the Chief Medical Examiner will determine the cause of death. EMS treated three civilians and one firefighter with non-life-threatening injuries. FDNY fire marshals will determine the cause of the blaze.



# খাবারে বিষক্রিয়ায় মৃত্যুও হতে পারে, সুরক্ষিত থাকতে কী করবেন

ডা. কাকলী হালদার



সম্প্রতি ক্যাটারিংয়ের খাবার খেয়ে দুই শিশুর মৃত্যুর খবরটি অত্যন্ত হৃদয়বিদারক এবং বড় একটি সতর্কবার্তা। আমরা প্রায়ই উৎসব-অনুষ্ঠানে বাইরের খাবার খাই, কখনো বাইরের খাবার অর্ডার করে বাড়িতে আনা হয়, কিন্তু সামান্য অসতর্কতা যে কত বড় বিপদ ডেকে আনতে পারে, তা ভাবলে শিউরে উঠতে হয়। খাবার থেকে বিষক্রিয়া বা 'ফুড পয়জনিং' আমাদের অসচেতনতার কারণেই বেশি ঘটে। এর নিরিখে কিছু জরুরি বিষয় জেনে রাখা উচিত।

**কোন খাবার দ্রুত নষ্ট হয়**

সব খাবার সমান সময় ভালো থাকে না। উচ্চ প্রোটিনযুক্ত খাবার, যেমন মাছ, মাংস, ডিম, দুধ ও দুগ্ধজাত খাবার খুব দ্রুত নষ্ট হয়। এ ছাড়া রান্না করা ডাল বা শাকসবজি গরমে কয়েক ঘণ্টার মধ্যেই খাওয়ার অনুপযোগী হয়ে যেতে পারে। ক্যাটারিংয়ের খাবারে অনেক সময় তেল-মসলা বেশি থাকায় পচন ধরাটা খালি চোখে বোঝা যায় না, যা সবচেয়ে বিপজ্জনক।

**বাসি খাবার গরম করা**

আমরা অনেকেই বেঁচে যাওয়া খাবার পরের দিন গরম করে খাই। তবে মনে রাখবেন, খাবার বারবার গরম করা উচিত নয়। এতে পুষ্টিগুণ কমে যায় এবং ব্যাকটেরিয়া জন্মানোর সুযোগ পায়। ফ্রিজ থেকে বের করা খাবার সরাসরি চুলায় না দিয়ে কিছুক্ষণ সাধারণ তাপমাত্রায় রেখে তারপর খুব ভালোমতো (যাতে ধোঁয়া ওঠে) গরম করতে হবে। মাইক্রোওয়েভে খাবার গরম করার সময় ওভেনপ্রুফ পাত্রে ঢাকনা দিয়ে গরম করতে হবে। বেশি খাবার একসঙ্গে না দিয়ে একটা সিঙ্গেল স্তরে খাবার বিছিয়ে দিলে ভালো গরম হয়। অতিরিক্ত তাপে না দিয়ে বরং মাঝারি তাপে বেশি সময় ধরে এরপর ২৪ পৃষ্ঠায়



# শীতে নবজাতকদের উষ্ণ রাখা এত গুরুত্বপূর্ণ কেন, করণীয় কী

ডা. ফারাহ দোলা

শীতকালে শিশুদের শ্বাসতন্ত্রের বিভিন্ন ধরনের অসুখে ভুগতে দেখা যায়। পাঁচ বছরের নিচে শিশুমৃত্যুর প্রায় ২৪ শতাংশ ক্ষেত্রে দায়ী নিউমোনিয়া ও শ্বাসতন্ত্রের বিভিন্ন রোগ। নবজাতকদের ক্ষেত্রে তো এই হার আরও বেশি। প্রতিবছর প্রায় ১৯ শতাংশ নবজাতক হাসপাতালে ভর্তি হয় হাইপোথারমিয়া বা শরীরের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে কমে যাওয়ার জন্য। এ জন্য নবজাতকদের উষ্ণ রাখা খুবই গুরুত্বপূর্ণ বিষয়।



শূন্য থেকে ২৮ দিন বয়সী শিশুরা নবজাতক হিসেবে পরিচিত। এদের ত্বক কোমল, নাজুক। নবজাতকেরা দ্রুত বড়দের মতো পরিবেশের তাপমাত্রার সঙ্গে খাপ খাওয়াতে পারে না। এমনকি তারা বড়দের থেকে প্রায় চার গুণ দ্রুত শরীর থেকে তাপমাত্রা হারায়। এই অবস্থা আরও জটিল হয় তাদের, যারা স্বাভাবিক সময়ের আগে এবং অল্প ওজন নিয়ে জন্মায়।

সোজা কথায় বলতে গেলে, নবজাতককে শীতের প্রকোপ থেকে বাঁচাতে কয়েক স্তরের পোশাক প্রয়োজন। কয়েক স্তরের পোশাক পরানো অনেক দিক দিয়েই উপকারী। এতে তাপমাত্রা অনুযায়ী পোশাকের স্তর নিয়ন্ত্রণ করা সম্ভব।

শিশুর পোশাক হিসেবে প্রথমেই পাতলা, নরম, সুতি জামা পরানো যেতে পারে। এরপরের স্তরে নরম উলের তৈরি ফুলহাতা পোশাক পরাতে হবে। সরাসরি উলের পোশাক না পরানোই ভালো। এতে এরপর ৩৬ পৃষ্ঠায়

# যে রোগে সারাক্ষণ ক্লান্ত লাগে

ডা. সাকিব আল নাহিয়ান



অনেক মানুষ বছরের পর বছর সারাক্ষণ ক্লান্তি, সারা শরীরে ব্যথা, মাথা ভার ভার লাগা, ঘুম ঠিক না হওয়াড়এমন সমস্যায় ভোগেন। পরীক্ষায় কোনো সমস্যা ধরা না পড়ার কারণে এগুলোকে অনেক সময় ভুলভাবে 'অলসতা' বা 'মানসিক সমস্যা' হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু এ সমস্যার কারণ হতে পারে একটি রোগ, যার নাম ক্রনিক ফ্যাটিগ সিনড্রোম ও ফাইব্রোমায়ালজিয়া।

**কেন এই রোগ হয়**

যেকোনো ভাইরাস সংক্রমণের পর দীর্ঘদিন ধরে ক্লান্তি অনুভব হতে পারে।

শরীরের রোগ প্রতিরোধব্যবস্থার অস্বাভাবিক প্রতিক্রিয়া।

ঘুমের সমস্যা।

মানসিক চাপ।

মস্তিষ্কের ব্যথা অনুভব করার সিস্টেম অতিরিক্ত সংবেদনশীল হয়ে যাওয়া।

**যেসব লক্ষণ দেখা যায়**

ক্রনিক ফ্যাটিগ সিনড্রোমের ক্ষেত্রে বিশ্রামেও কমে না এমন ক্লান্তি অনুভব হতে পারে। সামান্য কাজ করলেই মনে হয় খুবই ক্লান্ত লাগছে। মাথা ঘোরা ও মনোযোগ কমে যাওয়ার মতো সমস্যায় পড়তে হয়। ঘুমের ব্যাঘাত অর্থাৎ ঠিকঠাক ঘুম হয় এরপর ৩৬ পৃষ্ঠায়

# ডায়েট করতে চাইলেও নারীরা কেন প্রায়ই বেশি খেয়ে ফেলেন?

রাফিয়া আলম



ওজন কমাতে ডায়েট বা খাদ্যাভ্যাস নিয়ন্ত্রণের ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। তবে এমন অনেকেই আছেন, যাঁরা একটা নির্দিষ্ট ডায়েট অনুসরণ করতে করতেই হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে বেশি খেয়ে ফেলেন। বিশেষত নারীদের মধ্যে এ প্রবণতা বেশি। কেন এ রকম হয়? এ বিষয়ে ধানমন্ডির পপুলার ডায়াগনস্টিক সেন্টারের মেডিসিন বিশেষজ্ঞ ও সহকারী অধ্যাপক ডা. সাইফ হোসেন খান-এর সঙ্গে কথা বলে লিখেছেন রাফিয়া আলম।

**নারী হরমোনের সরাসরি প্রভাব :** নারীর দেহের বিশেষ কিছু হরমোনের মাত্রা কমবেশি হয় মাসিক চক্রে। একবার মাসিক শুরু হওয়ার পর থেকে পরবর্তী মাসিক শুরু হওয়ার আগের দিন পর্যন্ত সময়কে বলা হয় একটি চক্র। এই চক্রের একেক ধাপে একেক হরমোনের মাত্রা বাড়ে।

হরমোনের প্রভাবে অনেক সময় এমন খাবার খাওয়ার ইচ্ছা জাগে, যাতে চিনির মাত্রা খুব বেশি। তাই মাসজুড়ে একটা ডায়েট অনুসরণ করা অনেক ক্ষেত্রেই কঠিন হয়ে দাঁড়াতে পারে একজন নারীর জন্য।

**আবেগ, মানসিক চাপ ও বিষণ্ণতা :** 'ইমোশনাল ইটিং' শব্দযুগলের সঙ্গে হয়তো অনেকেরই পরিচয় আছে। সাধারণভাবে বলা যায়, বিষয়টা হলো কষ্টদায়ক আবেগ সামলাতে খাবার খাওয়া। যেমন, মন খারাপ লাগলে কেউ কেউ পছন্দের খাবার খেয়ে নেন। এর কারণ হলো, পছন্দের খাবার খেলে দেহে হ্যাপি হরমোনের প্রবাহ বাড়ে। তাতে মন খারাপের মতো কষ্টদায়ক অনুভূতি সামলানো সহজ হয়। বিষণ্ণতায় ভুগলেও একজন ব্যক্তি বেশি খেয়ে ফেলতে পারেন। কারণ, পছন্দের খাবার খেলেই তাঁর ভালো লাগে। এরপর ৩৬ পৃষ্ঠায়

# গর্ভাবস্থায় চুলকানি হলে করণীয়



অধ্যাপক মো. আলিফুজ্জামান



গর্ভাবস্থায় নানা কারণে নারীদের ত্বকে চুলকানি হয়। সাধারণ শুষ্কতা বা অ্যালার্জি থেকে শুরু করে গর্ভাবস্থায় যকৃতের সমস্যার কারণে পর্যন্ত এই চুলকানি হতে পারে। কিছু ক্ষেত্রে সাধারণ চিকিৎসায় এই চুলকানি সেরে যায়। আবার কখনো কখনো এটি অসহনীয় যন্ত্রণারও সৃষ্টি করতে পারে।

**কেন চুলকানি হয় এ সময়**

গর্ভাবস্থায় ওজন বাড়ে, বিশেষ করে পেটের আকৃতি বৃদ্ধি পায়। ফলে ত্বক স্ট্রেচ হয় বা টানটান হয়ে পড়ে। এর ফলে চুলকানি হতে পারে।

হরমোনজনিত পরিবর্তন ত্বককে সংবেদনশীল করে তোলে এবং চুলকানি বাড়তে পারে। ত্বকের শুষ্কতা বাড়তে পারে, যার কারণে চুলকানি হয়। বিশেষ করে গর্ভাবস্থায় ডায়াবেটিস বা থাইরয়েডের সমস্যা ধরা পড়লে।

সাবান, লোশন, ডিটারজেন্ট, পারফিউম ইত্যাদিতে অ্যালার্জির কারণে হতে পারে।

গর্ভাবস্থায় যকৃতে একধরনের বিশেষ সমস্যা দেখা দেয়, যার নাম ইন্ট্রা হেপাটিক কোলেস্টেসিস। এতে যকৃতের অভ্যন্তরে পিত্ত জমা বা আটকা পড়ে। মূলত হরমোনের কারণে এই সমস্যা দেখা দেয়। এতে শরীরে বিশেষ করে হাতের ও পায়ের তালুতে প্রচণ্ড চুলকানি হয়, যা রাতে বাড়ে। সামান্য হলুদাভ জন্ডিস হতে পারে। প্রস্রাবের রং হলদে হতে পারে।

সাধারণ চুলকানিজনিত রোগ যেমন স্ক্যাবিস, অ্যাকজিমা ইত্যাদি গর্ভাবস্থায়ও দেখা দিতে পারে।

**কী করবেন**

ত্বকের শুষ্কতা কমাতে প্রচুর পানি পান করবেন। সুগন্ধি বা কেমিক্যালমুক্ত ময়েশ্চারাইজার ব্যবহার করতে হবে।

সুতি কাপড় পরবেন। রোজ এরপর ৩৬ পৃষ্ঠায়




ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

## বাংলাদেশস্থ যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যবর্তী হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার বদৌলতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু বীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানীর বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়ই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রেম দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

## যে জীবন মৃত্যুতে হারায় না বরং ইতিহাস হয়ে ওঠে

৫ পৃষ্ঠার পর

চোখের পানি ঝরা-এসবও জাগতিক সৌভাগ্যের অংশ, যার দিশা জান্নাত পর্যন্ত পৌঁছে যায়।
হে আত্মা, খোদার অনুগ্রহ পেতে আগ্রহী হয়ে ওঠো-যেমনটি লাভ করেছেন আমাদের প্রিয়ভাজন ওসমান হাদি ভাই।
এমন এক জীবন গঠনে ব্রতী হও, যে জীবন হাদির জীবনের মতো- দুনিয়ায় সম্মানিত এবং আখেরাতে পুরস্কৃত। নিশ্চয়ই শরীফ ওসমান হাদিকে স্রষ্টা শহিদের মর্যাদায় কবুল করেছেন। জান্নাতের ফুলবাগানে দেশপ্রেমিক হাদির সঙ্গে আল্লাহর সাক্ষাৎ হবে- এই আশাই মনে শহীদে শান্তি দেয়। হাদির যত ভুল-ত্রুটি ছিল, মানুষের দোয়া ও ভালোবাসার বদৌলতে সেগুলো তিনি মুছে দিয়েছেন। আল্লাহ যার প্রতি সন্তুষ্ট হয়ে যান, ইহকাল ও পরকালে তার আর কোনো পাথেয় লাগে না। স্বয়ং খোদাই যার রাহবার, তাকে জান্নাতের ফুলবাগিচায় কল্পনায় আঁকতে মন চায়।
বিদায়, ওসমান হাদি - ওসমান হাদি-
বাংলাদেশের গল্পে পরিণত হওয়া এক মহাপুরুষ।

## সে দিন বেশী দূরে নয়

৫ পৃষ্ঠার পর

মাওলানাদের কেউ এক লাইন গান লিখেছেন, শুনিনি। ফারুকীর উপদেষ্টাকালীন সময়ে লালন, হাসনরাজা, রাধারমণ, শাহ আব্দুল করিম বেঁচে থাকলে কি লিখতেন, জানি না। তবে ফারুকী আগামীতে 'পেয়ারে রাজাকার', ' জিন্দেগী ফানা ফানা' মুভি বানাতে পারেন বলে জল্পনা-কল্পনা করা যায়।
কথা একটাই। একাত্তরের পক্ষ-বিপক্ষ শক্তির মধ্যে যে যুদ্ধ চলমান, সে যুদ্ধে আমাদের জয়ী হতেই হবে।
লেখক: প্রবীণ সাংবাদিক। যুক্তরাষ্ট্র প্রবাসী

## মুমিন ও মুনাফিকের স্বভাবে যেসব পার্থক্য

২৫ পৃষ্ঠার পর

পাপাচার, আত্মিক কলুষতা এবং জাহান্নামের কারণ।
আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত: নবী (সা.) বলেছেন, সত্য নেকির দিকে পরিচালিত করে আর নেকি জান্নাতে পৌঁছায়। আর মানুষ সত্যের উপর কায়েম থেকে অবশেষে 'সিদ্দীক' এর মর্যাদা লাভ করে। আর মিথ্যা মানুষকে পাপের দিকে নিয়ে যায়, পাপ তাকে জাহান্নামে নিয়ে যায়। আর মানুষ মিথ্যা কথা বলতে বলতে অবশেষে আল্লাহর কাছে মহামিথ্যাচারী প্রতিপন্ন হয়ে যায়। (সহিহ বুখারি, হাদিস: ৬০৯৪)। মিথ্যা আল্লাহর কাছে অত্যন্ত ঘৃণিত এবং মিথ্যা কথা থেকে বেঁচে থাক, (আল-হাজ্জ-৩০)।
মুমিন মিথ্যা সাক্ষ্য দেয় না
এবং (রহমানের বান্দা তারা) যারা মিথ্যা সাক্ষ্য দেয়না। (আল-ফুরকান-৭২)।
আজকের সমাজে এক ভয়াবহ প্রবণতা দেখা দিয়েছে যে, কোনো খবর যাচাই না করেই প্রচার করে দেওয়া। এটি মিথ্যার এক নতুন রূপ, যা বিভ্রান্তি ছড়ায় ও সম্পর্ক নষ্ট করে।
আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, নবী কারিম(সা.) বলেছেন, কোন ব্যক্তির মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে কোন কথা শোনামাত্রই (যাচাই না করে) বলে বেড়ায়। (আবু দাউদ, হাদিস: ৪৯৯২)।
রসিকতার ছলেও মিথ্যা বলা ইসলাম অনুমোদন করে না। যারা হাসানোর উদ্দেশ্যে অসত্য বলে, তারা নিজের অজান্তেই গুরুতর অপরাধে লিপ্ত হয়।
বাহয ইবনে হাকিম (রহ.) থেকে বর্ণিত, আমার পিতা তার পিতার সূত্রে আমাকে হাদিস বর্ণনা করেন যে, তিনি বলেছেন, আমি রাসুলুল্লাহকে (সা.) বলতে শুনেছি, মানুষকে হাসানোর জন্য যে ব্যক্তি মিথ্যা বলে তার জন্য ধ্বংস, তার জন্য ধ্বংস, তার জন্য ধ্বংস। (আবু দাউদ, হাদিস: ৪৯৯০)।
মিথ্যা মুনাফিকের স্বভাব
আব্দুল্লাহ বিন আমর (রা.) হতে বর্ণিত, নবী (সা.) বলেন, চারটি স্বভাব যার মধ্যে বিদ্যমান সে হচ্ছে খাঁটি মুনাফিক। যার মধ্যে এর কোন একটি স্বভাব থাকবে, তা পরিত্যাগ না করা পর্যন্ত তার মধ্যে মুনাফিকের একটি স্বভাব থেকে যায়।
১. আমানত রাখা হলে খিয়ানত করে;
২. কথা বললে মিথ্যা বলে;
৩. অঙ্গীকার করলে ভঙ্গ করে; এবং
৪. বিবাদে লিপ্ত হলে অশ্লীলভাবে গালাগালি (সহিহ বুখারি, হাদিস: ৩৪)
অতএব মিথ্যা থেকে দূরে থাকা আবশ্যক।
আল্লাহ বলেন, হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং তোমরা সত্যবাদীদের সঙ্গে থাক। (আত-তাওবাহ- ১১৯)।
সত্যবাদিদের পুরস্কার জান্নাত
আল্লাহ বলেন, সেই দিন, যে দিন সত্যবাদীদেরকে তাদের সত্যতা উপকৃত করবে। তাদের জন্য রয়েছে এমন সব উদ্যান, যার তলদেশে নহর প্রবহমান। তাতে তারা সর্বদা থাকবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট। এটাই মহা সাফল্য। (আল-মায়িদাহ-১১৯)।
আল্লাহ তায়ালা আমাদের সবাইকে মিথ্যা কথাবার্তা ও কাজকর্ম পরিহার করার তাওফিক দিন। আমিন।

## খাবারে বিষক্রিয়ায় মৃত্যুও হতে পারে, সুরক্ষিত থাকতে কী করবেন

২০ পৃষ্ঠার পর

গরম করা ভালো। ভালো করে গরম হওয়ার জন্য মাঝে একবার চামচ দিয়ে নেড়ে দেওয়া যায়। খাবার এমনভাবে গরম করতে হবে যেন এর মধ্যকার তাপমাত্রা ১৬৫ ডিগ্রি ফারেনহাইটে পৌঁছায়।
খাবার সংরক্ষণে সতর্কতা : রান্না করা খাবার দুই ঘণ্টার বেশি সময় ঘরের স্বাভাবিক তাপমাত্রায় রাখা ঠিক নয়। ফ্রিজে রাখার সময় অবশ্যই ঢাকনা দিয়ে বায়ুরোধী পাত্রে রাখতে হবে। কাঁচা মাছ-মাংস এবং রান্না করা খাবার ফ্রিজের আলাদা আলাদা তাকে প্যাকেট বা বক্সে রাখা জরুরি যেন কাঁচা খাবারের জীবাণু রান্না করা খাবারে না ছড়ায়।
বাইরের খাবারে সতর্কতা : যেকোনো অনুষ্ঠান বা হোটেল থেকে খাবার কেনার আগে পরিচ্ছন্নতার বিষয়টি নিশ্চিত হোন। যদি খাবার থেকে টক গন্ধ আসে, আঠালো হয়ে যায় বা স্বাদ বদলে যায়, তবে বিন্দুমাত্র ঝুঁকিও নেবেন না। এমন খাবার খাবেন না। শিশুদের রোগ প্রতিরোধক্ষমতা বড়দের চেয়ে কম, তাই তাদের ক্ষেত্রে বাড়তি সতর্কতা প্রয়োজন। আমাদের একটু সচেতনতাই এমন করুণ মৃত্যু রুখে দিতে পারে। খাবার সামনে এলে শুধু স্বাদ নয়, তার মান ও বিশুদ্ধতা নিয়েও আমাদের ভাবতে হবে।
লেখক: সহকারী অধ্যাপক, মাইক্রোবায়োলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ।

## নতুন কার প্রেমে পড়লেন বিল গেটস কন্যা?

৪৬ পৃষ্ঠার পর

জোনাথের সঙ্গে প্রেমে জড়িয়েছিলেন ফোবি। ২০২৩ সালের শেষ দিকে তাদের প্রেমের গুঞ্জন শোনা যায়, এরপর ২০২৪ সালের মাঝামাঝি ফোবি নিজেই নিশ্চিত করেন বিষয়টি। কিন্তু ২০২৫ সালের শেষ দিকে সেই সম্পর্কে ইতি টানে যুগল। এদিকে ব্রেকআপের এক মাস বাদেই নতুন সম্পর্কের ইঙ্গিত দিলেন এই ধনকুবেরের কন্যা; যা নিয়ে তার ভক্ত মহলে ব্যাপক আলোচনা। ফোবি বর্তমানে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ফ্যাশন শপিং টুল 'ফিয়া' নিয়ে কাজ করছেন। পাশাপাশি একজন সোশ্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সার হিসেবেও নিজের অবস্থান তৈরি করেছেন তিনি।

## শঙ্কা যেন পিছু ছাড়তে চাইছে না

৬ পৃষ্ঠার পর

কোনো পেশাদার খুনীর কাউকে হত্যা করার অ্যাসাইনমেন্ট নিয়ে দিনের পর দিন প্রকাশ্যে সেই ব্যক্তির আশপাশে থেকে নিজের চেহারা দেখাবে কি না, প্রশ্ন সেটি। অনেক নিরাপত্তা বিশেষজ্ঞ মনে করেন, এমনটা সাধারণত হয় না। কারণ সে ক্ষেত্রে খুনীর নিজেই নিজেকে চিহ্নিত করার কাজটি সহজ করে দেয়। কিন্তু ওসমান হাদির ক্ষেত্রে সেই ঘটনাটিই ঘটেছে। তা ছাড়া, ওসমান হাদির ওপর প্রাণঘাতী হামলার পর (অবশ্য তার আগেও বেশ কয়েকবার) দেশের কোনো কোনো রাজনৈতিক মহলের বক্তব্য ভারতের জন্য স্পর্শকাতরতা সৃষ্টি করেছে। ফলে দুই প্রতিবেশী দেশের মধ্যে সৃষ্ট তীব্র টানাপোড়েন আমরা কয়েক দিন ধরে দেখেছি। নির্বাচনপূর্ব সময়ে দুই দেশের মধ্যে আচমকা উত্তেজনা বৃদ্ধি পেলে, কূটনৈতিক টানাপোড়েন বৃদ্ধি পেলে, তা সুষ্ঠু নির্বাচনের বিষয়ে জনমনের অস্বস্তি বাড়াবে কি না, সেটাও বিবেচনার বিষয়। কেননা, আমাদের এখন প্রধান লক্ষ্য সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে একটি নির্বাচন অনুষ্ঠান।
অবশ্য যেকোনো অজুহাতে নির্বাচন বিঘ্নিত করার কোনো প্রয়াস যে নেই, তা-ও মানুষ বিশ্বাস করে না। কারণ, মানুষ অন্তর্বর্তী সরকারকে অস্থিতিশীল করার মতো নানা কর্মকাণ্ডও দেখতে পাচ্ছে। তবে সবার জানা এবং বোঝা দরকার যে আগামী নির্বাচন বিঘ্নিত হলে দেশ অনেক বড় ধরনের অস্থিতিশীলতার মুখোমুখি হতে পারে। তাই সংশ্লিষ্ট সব পক্ষেরই সংযত আচরণ করা প্রয়োজন। অন্যথায় আমাদের বড় কোনো বিপর্যয়ের সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে। সেই পরিস্থিতি বোধ হয় আমাদের কারও জন্যই সুফল বয়ে আনবে না। দেশের জন্য তো নয়ই।

## জ্যাকুলিনকে ফের চমকে দিলেন সুকেশ!

৪৬ পৃষ্ঠার পর

বরাবরের মতো এবারও জ্যাকুলিনকে একটি দীর্ঘ আবেগঘন চিঠি লিখেছেন সুকেশ। সেখানে তিনি অভিনেত্রীকে 'বেবি' বলে সম্বোধন করে জানিয়েছেন, বেভারলি হিলসের এই নতুন বাড়িটির নাম তিনি রেখেছেন 'লাভ নেস্ট' বা 'প্রেমের বাসা'।
চিঠিতে সুকেশ লেখেন, 'এই শুভ দিনে তোমাকে 'প্রেমের বাসা' উপহার দিলাম। বেভারলি হিলসে আমাদের নতুন এই বাড়িটি তৈরি। তুমি হয়তো ভেবেছিলে এটি শেষ পর্যন্ত শেষ হবে না, কিন্তু আমি গর্বের সঙ্গে বলছি, আমি তোমার জন্য এটি বানিয়ে ফেলেছি।'
বিলাসবহুল অন্দরসজ্জা ও গলফ কোর্স চিঠিতে সুকেশ আরও দাবি করেন, বাড়িটি আগে যেভাবে পরিকল্পনা করা হয়েছিল, বর্তমানে তার চেয়েও কয়েক গুণ বড় আকারে নির্মাণ করা হয়েছে। এই বিশালাকার বাড়ির চারপাশে রয়েছে নিজস্ব গলফ খেলার মাঠ। বড়দিনের উপহার হিসেবে এই বাড়ির চাবি তিনি প্রতীকীভাবে জ্যাকুলিনের উদ্দেশ্যেই উৎসর্গ করেছেন।
বাড়ি উপহার দিয়েই ক্ষান্ত হননি সুকেশ। একই চিঠিতে তিনি এক অভাবনীয় ইচ্ছার কথা প্রকাশ করেছেন। সুকেশ জানিয়েছেন, তিনি ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) জনপ্রিয় দল 'রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু' (আরসিবি) কিনে নেওয়ার পরিকল্পনা করছেন। আর এই বিশাল বিনিয়োগও নাকি তিনি করতে চান কেবল জ্যাকুলিনকে খুশি করার জন্য।
উল্লেখ্য, সুকেশ চন্দ্রশেখরের বিরুদ্ধে ২০০ কোটি টাকা আর্থিক জালিয়াতির অভিযোগ রয়েছে। এই মামলার তদন্তে বারবার উঠে এসেছে জ্যাকুলিন ফার্নান্দেজের নাম। সুকেশের দাবি, জ্যাকুলিনের সঙ্গে তার গভীর প্রেমের সম্পর্ক ছিল এবং তিনি তাকে কোটি কোটি টাকার উপহার দিয়েছেন। তবে অভিনেত্রী শুরু থেকেই এই সম্পর্কের দাবি অস্বীকার করে আসছেন। নিজেকে নির্দোষ দাবি করে আইনি লড়াই চালিয়ে যাচ্ছেন জ্যাকুলিন।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# দোয়া কবুলের কিছু শর্ত ও আদব

ইসমত আরা

মোবাইল সিমের একটি ছোট অফার নিলেও সেখানে থাকে নানা শর্ত। 'শর্ত প্রযোজ্য'-এই ছোট্ট বাক্যটি আমাদের চোখে পরিচিত। অথচ আমাদের প্রতিপালক আমাদের এমন অসংখ্য নিয়ামত দিয়েছেন, যার জন্য কোনো বিল, কোনো শর্ত, কোনো মূল্য তিনি চাননি। আল্লাহর দয়া এমন সর্বজনীন-যারা তাঁর আনুগত্য করে না, তাঁর অবাধ্য হয়ে জীবন চালায়, তাদের জন্যও এই দয়া কমে যায় না।

তা সত্ত্বেও রবের কিছু কিছু বিশেষ অনুগ্রহ আছে, যা আমরা শুধুই দোয়ার মাধ্যমেই চাই। এই বিশেষ প্রার্থনার জন্য অবশ্যই কিছু আদব ও শর্ত আছে। এই শর্তগুলো যত ভালোভাবে পালন করা হবে, দোয়া কবুলের সম্ভাবনাও ততটাই বেড়ে যাবে।

নিচে দোয়া কবুলের সেই গুরুত্বপূর্ণ শর্ত ও আদবগুলো তুলে ধরা হলো:

**১. একমাত্র আল্লাহর কাছেই দোয়া করা**

যে বিষয় মানুষের সাধ্যের বাইরে, সেটা আল্লাহ ছাড়া আর কারও কাছে চাওয়া যাবে না। সব বিষয়ে তাওয়াক্কুল করতে হবে একমাত্র রবের ওপর। রাসুল (সা.) ইবনে আব্বাস (রা.)কে বলেছেন, 'যখন প্রার্থনা করবে, তখন শুধু আল্লাহর কাছে প্রার্থনা করবে এবং যখন সাহায্য চাইবে, তখন শুধু আল্লাহর কাছে সাহায্য চাইবে।' *(সুনানে তিরমিজি, হাদিস: ২,৫১৬)*। কারণ, আল্লাহ বলেন, 'আমার বান্দা আমার সম্পর্কে যেমন ধারণা করে, আমি তেমনই।' *(সহিহ বুখারি, হাদিস: ৭,৪০৫)*। তাই আমাদের অন্তরে এ দৃঢ় বিশ্বাস রাখতে হবে-আমাদের প্রতিপালক সবকিছুর মালিক, সব ধরনের রিজিক দেওয়ার মালিক, অসম্ভবকে সম্ভব করার ক্ষমতা তাঁর হাতেই।

এরপর ২৮ পৃষ্ঠায়



# সফল ওমরাহ সফর: সঠিক প্রস্তুতির গাইডলাইন

এহসান সিরাজ

ওমরাহ-ইসলামের একটি পবিত্র ইবাদত, যা মুসলিমদের জীবনে আধ্যাত্মিক শান্তি এবং আল্লাহর নৈকট্য লাভের সুযোগ করে দেয়। বাংলাদেশ থেকে প্রতি বছর লাখো মানুষ এই পবিত্র যাত্রায় অংশ নেন। কিন্তু সফল ওমরাহর জন্য শুধু নিয়তই যথেষ্ট নয়, দরকার সঠিক প্রস্তুতি। অপর্যাপ্ত প্রস্তুতির কারণে অনেকে সফরে বিড়ম্বনায় পড়েন বা ইবাদতের পূর্ণতা পান না। এই লেখায় আমরা ধাপে ধাপে ওমরাহ প্রস্তুতির গাইডলাইন তুলে ধরব, যাতে আপনার সফর হয় নির্বিঘ্ন এবং আধ্যাত্মিকভাবে সমৃদ্ধ। ২০২৫ সালের আপডেটেড তথ্য অনুসারে সৌদি আরবের ভিসা নিয়মাবলিতে কিছু পরিবর্তন এসেছে, যা বিবেচনায় রাখা জরুরি।

প্রথম ধাপ: পাসপোর্ট ও ভিসা : ওমরাহ সফরের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল হলো পাসপোর্ট। আপনার পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ৬ মাস থাকতে হবে যাত্রার তারিখ থেকে। যদি মেয়াদ শেষ হয়ে যায়, তাহলে দ্রুত রিনিউ করুন। পাসপোর্ট না থাকলে ঘরে বসে অনলাইনে ই-পাসপোর্টের জন্য আবেদন করুন: www.epassport.gov.bd সাইটে গিয়ে।

এরপর ২৮ পৃষ্ঠায়





# আল্লাহর হক, বান্দার হক

আহমাদ সাব্বির

ইসলাম মানুষের জীবনকে দুই বৃহৎ অধিকারের কাঠামোর ওপর দাঁড় করিয়েছে-আল্লাহর হক ও বান্দার হক। এই দুইয়ের সমন্বয় কীভাবে মানবজীবনকে ভারসাম্যপূর্ণ করে তোলে, তার গভীরতর দর্শনকে ব্যাখ্যা করার জন্য হাদিসের ভান্ডার আমাদের সামনে অসংখ্য উদাহরণ তুলে ধরে।

এর মধ্যে সবচেয়ে হৃদয়স্পর্শী ও শিক্ষণীয় একটি ঘটনা হলো বুখারি শরিফের ১৮৪২ নম্বর হাদিসে বর্ণিত সালমান ফারসি ও আবু দারদা (রা.)-র ঘটনা। এই ঘটনাকে কেন্দ্র করেই ইসলামে অধিকার আদায়ের মূলনীতি-'প্রত্যেক অধিকারীকে তার অধিকার দিয়ে দাও'-এর পূর্ণ ব্যাখ্যা ফুটে ওঠে।

সালমান ফারসি (রা.) সত্য অনুসন্ধানের দীর্ঘযাত্রা শেষে ইসলামের সান্নিধ্যে আসেন। আগমনের সময় তিনি ছিলেন সম্পূর্ণ নিঃস্ব, এক ইহুদি ব্যক্তির গোলাম হিসেবে কাটাতে হয়েছে তাঁর দীর্ঘ জীবন।

যাঁর জন্য সাজবেন, ঘরটিকে সুন্দর রাখবেন-যদি তাঁরই আগ্রহ না থাকে, তবে তাঁর

এরপর ২৬ পৃষ্ঠায়

# মুমিন ও মুনাফিকের স্বভাবে যেসব পার্থক্য



আরাফাত বিন শাহ আলম

সত্যবাদিতা মুমিনের গুন, মিথ্যা মুনাফিকের স্বভাব। মিথ্যা মানুষকে লাঞ্ছিত ও অপমানিত করে। একটি মিথ্যার কারণে জীবনের সমস্ত অর্জন ম্লান হয়ে যেতে পারে।

মিথ্যা একটি জঘন্য অপরাধ, মহাপাপ এবং কবিরা গুনাহ। সমাজে বিশৃঙ্খলা সৃষ্টির পেছনে কোন না কোন মিথ্যার ভূমিকা থাকে। অন্যায় কাজে সর্বদা মিথ্যার আশ্রয় পাওয়া যায়। এক মিথ্যা গোপন করতে হাজারো মিথ্যার আশ্রয় নিতে হয়।

সত্য জাতির বৈশিষ্ট্য কখনো মিথ্যা হতে পারে না। মিথ্যা কেবল মুনাফিকদের জন্যই শোভা পায়। মুমিন ও মুনাফিকের মধ্যে পার্থক্যই হলো-সত্য ও মিথ্যার পার্থক্য। মুমিন সত্য কথা বলে, আর মুনাফিক মিথ্যাকে জীবনের অংশ বানিয়ে নেয়।

মুমিন আল্লাহর প্রিয় বান্দা। সর্বদা আল্লাহর আদেশ নিষেধ মেনে চলার চেষ্টা করে। মিথ্যা থেকে দূরে থাকে। মিথ্যাকে ঘৃণা করে। মিথ্যা কর্মকাণ্ড অপছন্দ করে। সদা সত্য কথা বলে।

হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং সত্য সঠিক কথা বল। *(আল-আহযাব-৭০)*।

মিথ্যা একটি জঘন্য অপরাধ। তাই মিথ্যাবাদী ব্যক্তি আল্লাহর রহমত ও দয়া থেকে বঞ্চিত থাকে। মিথ্যুক সীমালঙ্ঘনকারী, আর আল্লাহ সীমালঙ্ঘনকারী ও মিথ্যুককে হেদায়াত দান করেন না।

আল্লাহ কোন সীমালঙ্ঘনকারী, মিথ্যুককে হেদায়াত দান করেন না। *(আল-মুমিন-২৮)*।

সত্যবাদিতা মুমিনের পাথেয়, নেক আমল তার সম্পদ, আর জান্নাত তার গন্তব্য। অন্যদিকে, অসত্য হলো

এরপর ২৪ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — ডিসে-জানু ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 26 | 5:57 | 7:19 | 11:57 | 2:17 | 4:35 | 5:57 |
| 27 | 5:57 | 7:19 | 11:57 | 2:18 | 4:36 | 5:58 |
| 28 | 5:57 | 7:19 | 11:58 | 2:18 | 4:36 | 5:58 |
| 29 | 5:57 | 7:20 | 11:58 | 2:19 | 4:37 | 5:59 |
| 30 | 5:58 | 7:20 | 11:59 | 2:20 | 4:38 | 6:00 |
| 31 | 5:58 | 7:20 | 11:59 | 2:21 | 4:39 | 6:01 |
| 01 | 5:59 | 7:21 | 11:59 | 2:22 | 4:40 | 6:02 |

source: salahtimes.com

# US cities gird for World Cup rush hour

Continued on page 18

commuter railroads and Amtrak. That stretch owns the tracks connecting three Atlantic Seaboard cities hosting 21 of the matches.

"If there's a linchpin that will determine the success or failure of the event, it is the functionality of the Northeast Corridor and Amtrak's willingness and preparation to handle challenges," said Kris Kolluri, the head of New Jersey Transit, which will rely on Amtrak's system to run trains to eight games, including the final. "Failure to do that could be catastrophic."

Even as the White House takes a central role in World Cup planning, the federal government does not appear likely to assist transit operators struggling with preparations. Any new funding is paused at this time, and Congress does not expect to be moving shortly.

Getting there is half the match

Millions of visitors who arrive in the United States for the 39-day tournament hoping to travel carelessly across the country will encounter the full gamut of public transit.

"I think this is a great opportunity for America to show the rest of the world that we do have trains," said Roger Harris, president of government-backed Amtrak.

Visitors can take Amtrak passenger trains from some of the American cities hosting World Cup matches to the two in Canada. But travelers can't take Amtrak anywhere in Mexico, including the three cities that will have matches.

## কেবল চেতনা নয়, চাই ঐক্য ও কাজ: কোন পথে বাংলাদেশ?

৬ পৃষ্ঠার পর

পারে না, হওয়াও উচিত নয়। রাষ্ট্র কোনো একক বিশ্বাসের সম্প্রসারণ নয়; রাষ্ট্র হলো বৈচিত্র্যপূর্ণ মানুষের ন্যায্য সহাবস্থানের কাঠামো, যেখানে ভিন্নমত ও ভিন্ন বিশ্বাসের মানুষ সমান মর্যাদায় বাঁচার অধিকার রাখে। তাই ইতিহাস স্পষ্টভাবে সাক্ষ্য দেয়, যে সমাজে বিশ্বাসকে জবরদস্তির মাধ্যমে প্রতিষ্ঠা করতে চাওয়া হয়, সেখানে মানবিকতাই প্রথমে মারা যায়। তারপর ধাপে ধাপে সংকুচিত হয় মতপ্রকাশের স্বাধীনতা, ভেঙে পড়ে ন্যায়বিচারের কাঠামো এবং শেষ পর্যন্ত স্বৈরতন্ত্রের হাতে গণতন্ত্র সম্পূর্ণরূপে বিলুপ্ত হয়। ইউরোপের ধর্মযুদ্ধ থেকে শুরু করে আধুনিক রাষ্ট্রে আদর্শিক একনায়কতন্ত্রের প্রতিষ্ঠা- সব ক্ষেত্রেই দেখা গেছে, রাষ্ট্র যখন নিজেকে কোনো 'চূড়ান্ত সত্যের' বাহক বলে দাবি করে, তখন নাগরিক আর নাগরিক থাকে না; তারা হয়ে ওঠে একান্ত অনুগত প্রজা কিংবা বিদ্রোহী দমনযোগ্য শত্রু।

জার্মান বংশোদ্ভূত মার্কিন দার্শনিক হান্না আরেন্ট (১৯০৬-১৯৭৫) স্বৈরতন্ত্রের বিশ্লেষণে দেখিয়েছেন, মতাদর্শ যখন বাস্তবতা ও মানবিক অভিজ্ঞতার ঊর্ধ্বে উঠে যায়, তখন মানুষকে আর ব্যক্তি হিসেবে দেখা হয় না, দেখা হয় একটি ধারণার বাহক হিসেবে। এই দৃষ্টিভঙ্গিই রাষ্ট্রকে নির্মম ও প্রতিশোধপরায়ণ করে তোলে। বাংলাদেশের অভিজ্ঞতাও এর ব্যতিক্রম নয়। বিভিন্ন সময়ে, বিভিন্ন নামে ও বিভিন্ন প্রতীকে আমরা দেখেছি যে, বিশ্বাস ও চেতনাকে রাষ্ট্রীয় ক্ষমতার অস্ত্র বানানোর চেষ্টা সমাজকে বিভক্ত করেছে, দেশের প্রতিষ্ঠানগুলোকে দুর্বল করেছে এবং রাষ্ট্রযন্ত্রের প্রতি নাগরিক আস্থাকে ভেঙে দিয়েছে। অতএব প্রশ্নটি বিশ্বাস বনাম অবিশ্বাসের নয়; প্রশ্নটি হলো সীমারেখার। চেতনা ও আকিদা ব্যক্তিকে নৈতিকভাবে শক্তিশালী করতে পারে, কিন্তু রাষ্ট্রকে ন্যায়ভিত্তিক ও কার্যকর রাখতে হলে প্রয়োজন আইন, প্রতিষ্ঠান, জবাবদিহিতা এবং সবার জন্য সমান অধিকার নিশ্চিত করার বাস্তব ব্যবস্থা। এই সীমারেখা না মানলে আমরা আবারও এমন এক পথে হাঁটব, যেখানে বিশ্বাস থাকবে প্রচুর, কিন্তু মানবিকতা ও গণতন্ত্র দুটোই আমাদের জীবন থেকে তথা সমাজ ও রাষ্ট্রীয় ব্যবস্থা থেকে ক্রমশ হারিয়ে যাবে। আজ আমাদের রাজনীতিতে এক শ্রেণির মানুষ আছে, যারা চেতনা বা আকিদার নামে জাতির মধ্যে বিভাজন তৈরি করে; আবার আরেক শ্রেণি আছে, যারা ধর্মের মৌল নীতিমালার তোয়াক্কা না করে আকিদার নামে সমাজকে উত্তপ্ত করেন। ভাষা ও প্রতীকে তারা ভিন্ন হলেও উভয়ের প্রবণতায় মিল আছে এক জায়গায়। আর সেটি হলো, সমাজ ও রাষ্ট্রের বিদ্যমান সমস্যার সমাধানে কাজের প্রশ্ন এড়িয়ে যাওয়া। জনগণের জীবনমান উন্নয়ন, নাগরিক নিরাপত্তা, ন্যায়বিচার ও মর্যাদা নিশ্চিত করার প্রশ্নে সম্মিলিতভাবে কাজ করতে তারা স্বচ্ছন্দবোধ করেন না; বরং সেখানে এক ধরনের অস্বস্তি ও অনীহা লক্ষ করা যায়। এর কারণ অতি সহজ, অথচ খুবই গভীর। জনকল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য কাজের রাজনীতিতে হিসাব দিতে হয়: কয়টি স্কুল কার্যকর হলো, কতজন তরুণ কর্মসংস্থান পেল, বিচার পেতে কত সময় লাগল, দুর্নীতির বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হলো। কিন্তু তর্কবিতর্ক, গালগল্প কিংবা স্লোগানের রাজনীতিতে এমন কোনো পরিমাপের সুযোগ নেই। সেখানে সাধারণ মানুষের আবেগই পুঁজি, উত্তেজনাই রাজনৈতিক সাফল্য নির্ধারণ করে। জার্মান সমাজতাত্ত্বিক ও ইতিহাসবিদ ম্যাক্স ওয়েবার (১৮৬৪-১৯২০) যেমন বলেছেন, দায়িত্ববোধহীন আদর্শবাদ রাজনীতিকে নৈতিক উচ্চতা দেয় না; বরং তা বাস্তবতাকে অস্বীকার করার সুযোগ তৈরি করে। রাষ্ট্রকে জনকল্যাণমুখী ব্যবস্থায় পরিণত করার পরিবর্তে দায়িত্ববোধহীন আদর্শবাদী রাজনীতির কারণে আধুনিক রাষ্ট্রচিন্তার মৌলিক ভিত্তি 'সামষ্টিক কল্যাণ' থেকে সরে যায় মূলধারার রাজনীতি।

জাতীয় জীবনে রাজনৈতিক কর্মকাণ্ড থেকে বাদ পড়ে যায় রাষ্ট্র ও জনগণ। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে, সেই রাষ্ট্র ও জনগণের কল্যাণের নামে রাজনৈতিক আলোড়নের কেন্দ্রে বসে পড়ে পরিচয় ও বিশ্বাসের সংঘাত; আর সেটা রূপ নেয় পেশিশক্তি প্রদর্শনের উত্তেজনায়। এই পরিস্থিতিতে দেশের সাধারণ নাগরিকরা কেবল দর্শক হয়ে ওঠে; তাদের কষ্ট, নিরাপত্তাহীনতা ও অনিশ্চয়তা রাজনৈতিক বা সামাজিক আন্দোলনগুলোতে তেমন গুরুত্ব পায় না। এর ফলে রাষ্ট্রও ক্ষতিগ্রস্ত হয়, কারণ কার্যকর রাষ্ট্র গড়ে ওঠে দায়িত্বশীল নেতৃত্ব, পরিমাপযোগ্য কর্মসূচি ও সম্মিলিত উদ্যোগের মাধ্যমে, বিভাজনের উত্তেজনামূলক ভাষণ বা বিবৃতির মাধ্যমে নয়। আজকের বাংলাদেশে আমাদেরকে এই প্রবণতা থেকে বেরিয়ে আসা জরুরি। কারণ ইতিহাস বলে, যে সমাজে রাজনীতি সামষ্টিক কল্যাণের কাজ থেকে, বিদ্যমান সমস্যা সমাধানের পথ থেকে পালিয়ে যায়, সেখানে শেষ পর্যন্ত রাষ্ট্রকেই সেই ব্যর্থতার মূল্য দিতে হয়। আর সেই মূল্য চুকাতে হয় রাষ্ট্রকে ও তার সাধারণ মানুষদেরকেই- নীরবে, দীর্ঘ সময় ধরে, প্রজন্ম থেকে প্রজন্মান্তরে।

বাংলাদেশের মানুষ আজ আর রাজনৈতিক বক্তব্য বা স্লোগানে সহজে বিশ্বাস করতে চায় না। মিথ্যাও রাজনৈতিক বাকসর্বস্বনীতির দীর্ঘ অভিজ্ঞতা তাদের শিখিয়েছে যে, কথার প্রলোভনে ফুলানো রাজনৈতিক নেতাদের উচ্চকণ্ঠ ঘোষণা আর বাস্তব জীবনে তার ফলাফল থেকে তাদেরকেই ভুগতে হবে। তাই নতুন রাজনৈতিক বন্দোবস্তে তাদের পরিমাপ করে দেখতে হবে, নেতাদের ও তাদের দলের অতীতে ও বর্তমানে কথা ও কাজে মিল বা অমিল কতটুকু হতে পারে। তাই আজ সাধারণ মানুষ সরাসরি প্রশ্ন করছে: কেন দেশের শিক্ষিত যুবসমাজ বেকার ঘুরে বেড়ায়? কেন দ্রব্যমূল্য তাদের নাগালের বাইরে চলে গেছে? কেন বিচার পেতে দেশের সাধারণ নাগরিকদের বছরের পর বছর অপেক্ষা করতে হয়? কেন রাষ্ট্রযন্ত্রের প্রশাসন নাগরিকের সেবক না হয়ে ক্রমে প্রভু হয়ে ওঠে? এই প্রশ্নগুলো কেবল অর্থ-সামাজিক, রাজনৈতিক বা প্রশাসনিক নয়; এগুলো আসলে রাষ্ট্রের নৈতিক ভিত্তির প্রশ্ন। কারণ যে রাষ্ট্র তার তরুণদের কাজ দিতে পারে না, নাগরিককে ন্যায্য মূল্যে খাদ্য-বসন সরবরাহ করতে ও ন্যায়বিচারের নিশ্চয়তা দিতে পারে না, সে রাষ্ট্র কাগজে-কলমে শক্তিশালী হলেও বাস্তবে নিতান্তই দুর্বল। মার্কিন দার্শনিক জন রলসের (১৯২১-২০০২) ভাষায়, ন্যায়বিচার কোনো অতিরিক্ত গুণ নয়; এটাই সামাজিক ব্যবস্থার প্রথম শর্ত। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আমাদের বাস্তবতায় সেই শর্ত বারবার উপেক্ষিত হয়েছে। আমাদের এটা বোঝা গুরুত্বপূর্ণ যে, জনগণের মনের এসব প্রশ্নের উত্তর কোনো চেতনার গ্রন্থে নেই, কোনো আকিদার বয়ানেও নেই। এগুলোর সমাধান পাওয়া যায় কেবল সুশাসনে, প্রাতিষ্ঠানিক জবাবদিহিতাতে এবং নৈতিক নেতৃত্বে। বাঙালি অর্থনীতিবিদ অমর্ত্য সেন (১৯৩৩-) দেখিয়েছেন, উন্নয়ন কেবল আয় বৃদ্ধির বিষয় নয়; এটি মানুষের সক্ষমতা, নিরাপত্তা ও সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা বাড়ানোর প্রক্রিয়া। সেই সক্ষমতা নিশ্চিত না হলে স্লোগান যতই জোরালো হোক, মানুষের জীবন বদলায় না। আজকের বাংলাদেশে জনগণ সেই বাস্তব পরিবর্তনটাই দেখতে চায়। তারা এমন রাষ্ট্র চায়, যেখানে প্রশাসন ক্ষমতার প্রদর্শক নয়, বরং নাগরিক সেবার মাধ্যম; যেখানে বিচার বিলম্বিত নয়, দ্রুত, ন্যায়সঙ্গত ও কার্যকর; এবং যেখানে নেতৃত্বের মাপকাঠি বক্তৃতার তেজ বা গলাবাজি নয়, বরং মানুষের জীবনে দৃশ্যমান ইতিবাচক পরিবর্তন। আসন্ন নির্বাচনে প্রতিশ্রুতি দেওয়ার আগে আমাদের রাজনৈতিক নেতাদেরকে মাথায় রাখতে হবে যে, এই দাবিকে উপেক্ষা করার আর কোনো সুযোগ নেই।

আমাদের মনে রাখতে হবে যে, ফলেই গাছের আসল পরিচয়। কেউ কী বিশ্বাস করে, তা তার মুখের বুলি বা নানা ব্যক্তিগত, পারিবারিক বা দলীয় পরিচয়ের ঘোষণায় নয়; তার কাজেই প্রকাশ পায় সে আসলে কিসের ধারক ও বাহক। নৈতিকতা, দেশপ্রেম বা মানবিকতার প্রকৃত মাপকাঠি বক্তৃতার মঞ্চের চিৎকার বা হুঁশিয়ারিতে নয়, ব্যক্তিমানুষের দৈনন্দিন আচরণে ও তার দৃশ্যমান অব্যাহত কর্মে। একজন মানুষ ধর্মপ্রাণ হয়েও দুর্নীতিবাজ হতে পারে, আবার ধর্মনিরপেক্ষতার উচ্চকিত স্লোগান দিয়েও স্বৈরাচারী হয়ে উঠতে পারে। এই বাস্তবতা আমাদের সমাজে নতুন কিছু নয়, বরং তার অসংখ্য উদাহরণ আছে আমাদেরও দৈনন্দিন চর্চায়ই। দর্শনের ভাষায় একে বলা যায় গুণের বাস্তব পরীক্ষা। গ্রীক দার্শনিক অ্যারিস্টটল (৩৮৪-৩২২ খ্রিস্টপূর্ব) বহু আগেই বলেছেন, নৈতিকতা কোনো ঘোষণার বিষয় নয়, এটি অভ্যাস ও কর্মের মধ্য দিয়ে গড়ে ওঠে। রাষ্ট্র ও সমাজের ক্ষেত্রেও নীতিনৈতিকতার প্রদর্শনে একই সত্য প্রযোজ্য। কেউ যদি ন্যায়, মানবতা ও কল্যাণের কথা বলে, তবে তার নীতিনির্ধারণ, প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণে ও ব্যক্তিগত আচরণে তার প্রতিফলন থাকতে হবে। নইলে বিশ্বাস পরিণত হয় কেবল প্রতীকী পুঁজিতে, নেতার আদর্শে কাজ না করে নেতার মাজারে পুষ্প অর্পণে দিন কাটে দলের নেতা-কর্মীদের। আর সেই প্রতীকী পুঁজি একটি গোষ্ঠীর স্বার্থে ব্যবহৃত হলেও তা কখনই রাষ্ট্রকে এগিয়ে নেয় না।

বাংলাদেশের রাজনৈতিক অভিজ্ঞতা আমাদের শিখিয়েছে যে, বিশ্বাসের লেবেল বা খোলস অনেক সময় দায়িত্ব এড়ানোর ঢাল হয়ে ওঠে। তখন প্রশ্ন উঠে না কে কতটা সৎ, কে কতটা দক্ষ, কে কতটা জবাবদিহির আওতায়। ফলে নাগরিক হিসেবে আমরা বিভক্ত হই পরিচয়ের ভিত্তিতে, অথচ ক্ষতিগ্রস্ত হই সবাই সমস্যা সমাধানে কাজের অভাবে। সে কারণেই রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) অনেক আগেই আমাদেরকে সতর্ক করেছিলেন যে, নৈতিকতার নামে যখন অন্ধামি চলে আসে, তখন সত্যই সবচেয়ে বেশি অপমানিত হয়। এই বাস্তবতায় বর্তমান প্রেক্ষাপটে ক্ষমতার দৌড়ে রাজনৈতিক ব্যক্তিত্বকে গুরুত্ব দিতে আমাদের মূল্যায়নের মানদণ্ড বদলানো জরুরি। কে কী বিশ্বাস করে, তা তার ব্যক্তিগত বিষয়; কিন্তু রাষ্ট্র ও সমাজে তার অবদানের বিচার করতে হবে তার অতীত ও বর্তমানের কাজ দিয়ে। ন্যায়বিচার প্রতিষ্ঠা, দুর্নীতি রোধ, মানবিক আচরণ ও জনস্বার্থে দায়িত্বশীল ভূমিকা পালন- এই কাজগুলোর মধ্য দিয়েই বোঝা যাবে কে সত্যিকার অর্থে সমাজ ও রাষ্ট্রের কল্যাণে নিবেদিত। বিশ্বাস নয়, কাজই হোক আমাদের নেতা নির্বাচনের মানদণ্ড। 'জন্ম হোক যথাতথা কর্ম হোক ভালো'- এটাই সময়ের দাবি। স্বৈরাচারমুক্ত ও বৈষম্যহীন জনকল্যাণমুখী রাষ্ট্রবিনির্মাণে সবচেয়ে বিপজ্জনক কাজ হলো, কোন বিশেষ চেতনা বা আকিদাকে ব্যবহার করে দেশের জনগণকে শত্রু-মিত্রে ভাগ করা। এতে কেবল সমাজ বিভক্ত হয় না, রাষ্ট্রীয় স্বার্থের বিপরীতে গণ-ঐক্যও ভেঙে পড়ে। ইতিহাস প্রমাণ করেছে যে, কোনো জাতি যদি অভ্যন্তরীণ বিভাজনের হাতিয়ার হিসেবে বিশ্বাস বা চেতনাকে ব্যবহার করে, তাহলে তার স্থিতিশীলতা ধ্বংসের পথে ধাবিত হয়। বিশেষ করে বাংলাদেশের মতো বহুত্ববাদী সমাজে, যেখানে ভাষা, ধর্ম, সংস্কৃতি ও রাজনৈতিক পরিচয় বৈচিত্র্যময়, সেখানে বিভাজন আরও ভয়ংকর প্রভাব ফেলে। এ ধরনের পরিস্থিতিতে একমাত্র টেকসই পথ হলো রাষ্ট্রীয় আদর্শ হিসেবে বৈচিত্র্যের মাঝে ঐক্য'কে ধারণ, লালন ও প্রতিষ্ঠা করা। এটি মানে ভিন্নমতকে উপেক্ষা করা নয়, বরং ভিন্নমত, ভিন্ন বিশ্বাস, ভিন্ন জাতিসত্তার পরিচয়কে স্বীকার করে রাষ্ট্রীয় স্বার্থে সম্মিলিতভাবে কাজ করা। ফরাসি

সমাজবিজ্ঞানী এমিল দুরখেইম (১৮৫৮-১৯১৭) দেখিয়েছেন, যে সমাজে পার্থক্যকে শত্রু হিসেবে না দেখে সংহতির ভিত্তি হিসেবে গ্রহণ করা হয়, সেখানে সামাজিক স্থিতিশীলতা ও নৈতিক দায়বদ্ধতা দুটোই শক্তিশালী হয়।

বাংলাদেশের প্রেক্ষাপটে, বৈচিত্র্যের মাঝে ঐক্য' কেবল নৈতিক বা আদর্শিক ধারণা নয়; এটি বাস্তব রাষ্ট্রচালনার প্রয়োজনীয় সূত্র। এখানে ভিন্নমত থাকবে, ভিন্ন বিশ্বাস থাকবে, ভিন্ন জাতিসত্তার পরিচয় থাকবে, কিন্তু আমাদের কর্মে প্রেরণা হবে রাষ্ট্র ও সমাজকে শক্তিশালী করা, নাগরিকদেরও নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করা এবং দেশের অগ্রগতিকে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এগিয়ে নেওয়া। এটাই হবে আমাদের সামনে এগিয়ে যাওয়ার আদর্শ, যা বিভাজন ও চেতনার রাজনীতিকে পাশ কাটিয়ে বাস্তবসম্মত সামাজিক ও রাষ্ট্রীয় উন্নয়ন নিশ্চিত করবে। আর তার জন্য আজ আমাদের প্রয়োজন একটি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্রের সুনাগরিক হওয়ার নতুন চেতনা যেখানে মানুষ নিজেকে কোনো ব্যক্তি, পরিবার বা দলের অংশ হিসেবে নয়, বরং জনস্বার্থে সত্যের পক্ষে দাঁড়ানো দায়িত্বশীল নাগরিক হিসেবে ভাববে। এখানে চিন্তার মাত্রা থাকবে দেশপ্রেম ও মানবিকতার সাথে, যেখানে পরিচয়ের আগে দেশের প্রতিটি মানুষকে মানুষ হিসেবে দেখা হবে। এ ধরনের চেতনাই ব্যক্তি ও সমাজকে উন্নত এবং রাষ্ট্রকে শক্তিশালী করে।

দায়িত্বশীল নাগরিকত্ব কেবল অধিকার নয়, এটি কর্তব্যের প্রতিফলনও বটে। নাগরিক তার ছোট বা বড় কোনো স্বার্থ নয়, রাষ্ট্র ও সমাজের কল্যাণকে অগ্রাধিকার দিবে। এতে আত্মবিশ্বাস ও গর্বের প্রকৃত পরিচয় গড়ে ওঠে যা কোনো চেতনাবাজি বা আকিদাবাজি দিয়ে সম্ভব নয়। ফরাসি দার্শনিক ও নাট্যকার জাঁ-পল সার্ত্রের (১৯০৫-১৯৮০) ভাষায়, স্বাধীনতা শুধুমাত্র রাজনৈতিক স্বাধীনতায় সীমাবদ্ধ নয়; এটি দায়িত্বের মধ্য দিয়ে বাস্তবায়িত হয়। আমাদের রাষ্ট্রের স্থিতিশীলতা, সামাজিক সংহতি ও ন্যায়পরায়ণতা নির্ভর করে এই দায়িত্বশীল নাগরিকত্বের প্রবর্তনের উপর। বাংলাদেশে এই চেতনা প্রতিষ্ঠা হলে নাগরিকেরা শুধু চেতনার উচ্চকণ্ঠ নয়, কর্মের মাধ্যমে সমাজ ও রাষ্ট্রকে এগিয়ে নেওয়ার শক্তি অর্জন করবে। এ কারণে আজকের রাষ্ট্রীয় প্রয়োজনীয়তার লক্ষ্য একটাই- বক্তৃতা নয়, দায়িত্বশীল কর্মমুখী নাগরিকত্ব; যা ব্যক্তিকে আত্মবিশ্বাসী ও গর্বিত আর সমাজকে শক্তিশালী ও সহনশীল করে গড়ে তুলবে।

দেশের সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপটে আমরা যদি সত্যিকারের পরিবর্তন চাই, তবে এখনই

আমাদেরকে কাজ শুরু করতে হবে। অধঃপতনের যে অতলে আমরা নিমজ্জিত হয়েছি, সেখান থেকে উঠে আসতে শুধু সরকার বা প্রজাতন্ত্রের কর্মচারিরাই নয়, দেশের রাজনীতিবিদ, বুদ্ধিজীবী, শিক্ষক, সাংবাদিক, পেশাজীবী, তরুণ সমাজসহ প্রতিটি নাগরিকের নিজস্ব দায়-দায়িত্ব পালন করতে হবে। রাষ্ট্রযন্ত্রেও কাঠামোগত ও নীতিগত পরিবর্তনে শুধু ক্ষমতার হাত বদলই যথেষ্ট নয়; প্রয়োজন বিদ্যমান অনুপযুক্ত ব্যবস্থার সংস্কার, সর্বাবস্থায় নৈতিক নেতৃত্বকে সমর্থ এবং সর্বক্ষেত্রে কার্যকর জবাবদিহিতা নিশ্চিত করা। নইলে আবারও আমাদেরকে ইতিহাসের নির্মম সত্যের সম্মুখীন হতে হবে, আসন্ন নির্বাচনের মাধ্যমে ক্ষমতার হাত-বদল হবে, কিন্তু রাষ্ট্র ও সমাজের কাঠামো ও নিয়মনীতি অপরিবর্তিতই থেকে যাবে। সুশাসন প্রতিষ্ঠা হবে না, ন্যায়বিচার কার্যকর হবে না, দুর্নীতি রোধ হবে না।

কমই আমাদের চেতনা বা আকিদার মূলভিত্তি হওয়া উচিত। আর সেই ক্ষেত্রে পরিবর্তনের মূল ভাবনা আমাদের কাছে স্পষ্ট থাকা চাই। নিজের জন্য আমরা যা চাই, অন্যের জন্যও তা চাইতে হবে, এবং তা বাস্তবে রূপ দিতে নিজেকে হাত লাগাতে হবে। কেবল মঞ্চে দাঁড়িয়ে কিংবা বসে বসে তর্কবিতর্ক বা আড্ডায় ও সামাজিক যোগাযোগ মাধ্যমে পণ্ডিতি কথাবার্তা বললে চলবে না; আশেপাশের বিদ্যমান সমস্যা সমাধানের দায়ভার নিজের কাঁধে তুলে নিয়ে কাজ করতে হবে। মনে রাখতে হবে, অন্যের স্বপ্নপূরণই আমাদের স্বপ্নপূরণের রাজপথ; একটি উদার, সমন্বিত ও মানবিক সমাজের নির্মাণে এই দৃষ্টিভঙ্গিই হোক আমাদের পথপ্রদর্শক। আমাদের সম্মিলিত উদ্যোগই সমাজে আনন্দ, স্থিতিশীলতা ও ন্যায়ের বীজ বুনে দেবে। আজ সময় এসেছে শুভ বুদ্ধির উদয় ঘটানোর, যেখানে চেতনা বা আকিদা নয়, মানবিক মূল্যবোধে সমাজ ও রাষ্ট্রের প্রতি সুনাগরিকসুলভ নৈতিক দায়দায়িত্ব আমাদেরকে কর্মে উদ্বুদ্ধ করে দেশে সমৃদ্ধি, ন্যায়ের প্রতিষ্ঠা ও সব মানুষের কল্যাণ নিশ্চিত করবে। আমাদের দেশকে সেই আলোয় আলোকিত করতে হবে, যেখানে বিভাজন থাকবে না, থাকবে শুধু সক্রিয় ঐক্য, দায়িত্বশীল নাগরিকত্ব ও মানবিক উদ্দীপনা যা বাংলাদেশকে নিয়ে যাবে কল্যাণমুখী রাষ্ট্রবিনির্মাণের পথে।

ড. মাহবুব চৌধুরী: ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব সাউদাম্পটন, যুক্তরাজ্য।

## ওসমান হাদি হত্যাঃ এটা কি আমার বাংলাদেশ?

৭ পৃষ্ঠার পর

আন্দোলন, নাকি কতিপয়ের উত্তেজনায় রাষ্ট্রকে অস্থিতিশীল করে তোলা?

ওসমান হাদির হত্যাচেষ্টা ও মৃত্যুর খবর আন্তর্জাতিক গণমাধ্যমেও গুরুত্বের সঙ্গে প্রকাশিত হয়েছে। অনেক বিশ্লেষণে বলা হয়েছে যে, বাংলাদেশের সামনে আসন্ন সময়টি অত্যন্ত সংবেদনশীল। দেড় মাস পর ১২ই ফেব্রুয়ারির বহুল কাঙ্ক্ষিত নির্বাচন যখন সামনে, তখন এই ধরনের সহিংসতা দেশের গণতান্ত্রিক উত্তরণকে বড় ধরনের সংকটে ফেলতে পারে।

ঢাকাস্থ মার্কিন দূতাবাসও হাদির মৃত্যুতে শোক প্রকাশ করেছে। সুতরাং আমাদের সচেতনতার সঙ্গে উপলব্ধি করতে হবে যে, হাদির ঘটনা শুধু দেশের ভেতরেই নয়, আন্তর্জাতিক পরিসরেও বাংলাদেশকে নতুন করে পর্যবেক্ষণের মুখে ফেলেছে। চলতি সহিংসতার প্রেক্ষাপটে অন্তর্বর্তী সরকার স্পষ্ট ভাষায় বিবৃতি দিয়েছে। সরকার জানিয়েছে যে, কয়েকটি বিচ্ছিন্ন উগ্র গোষ্ঠী দেশের অগ্রযাত্রাকে ব্যাহত করতে চাইছে। সহিংসতা, অগ্নিসংযোগ ও জানমালের ক্ষতির প্রতিটি ঘটনার নিন্দা জানানো হয়েছে।

সরকার আসন্ন নির্বাচন ও গণভোটকে কেবল রাজনৈতিক প্রক্রিয়া নয়, বরং একটি জাতীয় দায়িত্ব হিসেবে উল্লেখ করেছে। সরকারের ভাষায়, এই দায়িত্ব জড়িয়ে আছে সেই স্বপ্নের সঙ্গে, যার জন্য শহীদ ওসমান হাদি নিজের জীবন উৎসর্গ করেছেন। তার আত্মত্যাগের প্রকৃত সম্মান হবে সংযম, দায়িত্ববোধ ও ঘৃণার রাজনীতি প্রত্যাখ্যান করা।

এ ছাড়া সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় ডেইলি স্টার, প্রথম আলো ও নিউএজের সাংবাদিকদের প্রতি সমবেদনা জানানো হয়েছে এবং ন্যায়বিচারের আশ্বাস দেয়া হয়েছে। ময়মনসিংহে এক হিন্দু ব্যক্তিকে পিটিয়ে হত্যার ঘটনায় সরকার স্পষ্ট করে বলেছে যে, নতুন বাংলাদেশে সাম্প্রদায়িক সহিংসতার কোনো স্থান নেই।

শেষ কথা: ওসমান হাদির হত্যাচেষ্টা ও তার মৃত্যুকে কেন্দ্র করে বাংলাদেশে যা ঘটছে। এটা আমার বাংলাদেশের পরিচয় হতে পারে না। আমার বাংলাদেশ মানে ভিন্নমতের প্রতি সহনশীলতা আর প্রতিবাদের ভাষায় শালীনতা। পরিবর্তনের পথে শান্তিপূর্ণ দৃঢ়তাই আমাদের এনে দিতে পারে চূড়ান্ত সফলতা।

হাদি আমাদের শিখিয়ে গেছেন অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে, অন্যায়কারী হয়ে উঠতে নয়। আজ যদি আমরা তার সেই শিক্ষা ভুলে যাই, তবে আমরা একজন হাদিকে কেবল আত্মিকভাবেই হারাবো না বরং আমরা গভীর সংকটে ফেলবো আমাদের ভবিষ্যৎ, আমাদের গণতন্ত্র, আমাদের বাংলাদেশকে। সুতরাং আমার বাংলাদেশ কিছুতেই এমন হতে পারে না।

লেখক: সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষক, ঢাকা।

## আল্লাহর হক, বান্দার হক

২৫ পৃষ্ঠার পর

নিজের কি প্রয়োজন সাজগোজের কিংবা গৃহপরিচর্যার?

নববী মদিনায় আগমনের পর মুহাজির ও আনসারের মধ্যে ভ্রাতৃত্বের যে বন্ধন গড়ে দেন, সেখানে সালমান ফারসির ভাই হিসেবে মনোনীত হন আবু দারদা। ইসলামের সামাজিক কাঠামোয় তখন এই ভ্রাতৃত্ব কেবল অনুভূতির বন্ধনই ছিল না, অর্থনৈতিক ও পারিবারিক দায়িত্বেও এর প্রভাব ছিল। একে অপরকে নিজের মতোই বিবেচনা করার বিশেষ নির্দেশনা ছিল সেখানে।

নবনির্মিত এই ভ্রাতৃত্বের সূত্রে সালমান ফারসি যখন আবু দারদার ঘরে গেলেন, তখনই তিনি লক্ষ করলেন একটি অসামঞ্জস্য। ঘরের পরিবেশ ছিল অগোছালো, স্ত্রী উম্মে দারদা (রা.)-র পোশাক ছিল মলিন, নিজেকে পরিচর্যার সময় তিনি পাননি।

প্রশ্ন করতেই তিনি বললেন, স্বামী আবু দারদা দুনিয়াবি জীবনযাপন ও দাম্পত্য সম্পর্কের দায়িত্বগুলোকে প্রায় ভুলেই গেছেন; সারা দিন রোজা, সারা রাত ইবাদত—এই অবস্থা চলমান। যাঁর জন্য সাজবেন, ঘরটিকে সুন্দর রাখবেন—যদি তাঁরই আগ্রহ না থাকে, তবে তাঁর নিজের কি প্রয়োজন সাজগোজের কিংবা গৃহপরিচর্যার?

সালমান ফারসি অভিজ্ঞ চোখে বিষয়টিকে দ্রুতই অনুধাবন করল। স্বামী যদি স্ত্রীর দিকে দৃষ্টি না দেন, তবে সে কেন নিজের সৌন্দর্যচর্চা করে তুলবে? স্বামী-স্ত্রীর পারস্পরিক অধিকারের যে সূক্ষ্ম সম্পর্ক ইসলামে নির্ধারিত, তা যেন আবু দারদার ব্যক্তিগত ইবাদতের চাপে চাপা পড়ে গেছে।

সমস্যার দ্বিতীয় প্রকাশ ঘটল মধ্যাহ্নভোজের সময়। সালমান ফারসির সামনে খাবার পরিবেশন করা হলেও আবু দারদা নিজে খেতে বসলেন না, কারণ, তিনি নফল রোজাদার।

সালমান (রা.) বললেন, 'আমার সঙ্গে বসে খাও।' আবু দারদা (রা.) অস্বীকৃতি জানালে তিনি দৃঢ় কণ্ঠে বললেন, 'তুমি না খেলে আমিও খাব না।'

মেহমানের সামনে এভাবে অবহেলা করা যাবে না, তাই বাধ্য হয়ে তিনি নফল রোজা ভাঙলেন। এখানে সালমান ফারসির অবস্থান ছিল অত্যন্ত সংযত ও গভীর জ্ঞানে উদ্দীপ্ত।

ফরজ ও ওয়াজিব নয়, নফল ইবাদতের ক্ষেত্রে মানুষের হক, বিশেষত মেহমানের অধিকার-অগ্রাধিকার পায়। পরে ইচ্ছা করলে তিনি এর কাজা আদায় করতে পারবেন। কিন্তু মেহমানের সম্মানকে উপেক্ষা করা ইসলামে অনুমোদিত নয়।

রাতেও একই ঘটনা ঘটল। আবু দারদা (রা.) সারা রাত নফল নামাজ পড়তে চান। সালমান (রা.) কঠোরভাবে তাঁকে আদেশ দিলেন, ঘুমাতে হবে। তিনি যখন কৌশলে সালমানকে ঘুমিয়ে আছে মনে করে আবার উঠতে গেলেন, তখনো সালমান তাঁকে থামালেন।

পরে তাহাজ্জুদের সময় এলে দুজনেই উঠলেন, নামাজ পড়লেন এবং ফজরের নামাজ আদায় করতে মসজিদে নববির দিকে রওনা হলেন।

এই যাত্রাপথেই সালমান ফারসি (রা.) বললেন, ইসলামের অধিকার-দর্শনের সারাংশ-তোমার প্রতিপালকের তোমার ওপর যেমন হক আছে, তোমার শরীরেরও তোমার ওপর হক আছে; তোমার স্ত্রী ও পরিবারের তোমার ওপর হক আছে; তোমার মেহমানদেরও তোমার ওপর হক আছে, সুতরাং প্রত্যেককে তার হক দিয়ে দাও। (সহিহ বুখারি, হাদিস: ১৯৬৮)।

সকালে ঘটনাটি রাসুলের কাছে বলা হলে তিনি বললেন, 'সালমান সত্য বলেছেন।' এর মাধ্যমে এ নীতি শুধু একটি উপদেশ নয়, বরং একটি শরিয়তসিদ্ধ নির্দেশে রূপ নিল।

এই ঘটনা ইসলামের আল্লাহর হক ও বান্দার হকদুটি ক্ষেত্রের দার্শনিক ভারসাম্যকে ফুটিয়ে তোলে। আল্লাহর অধিকার সর্বোচ্চ, কিন্তু তা কখনো মানুষের অধিকার লঙ্ঘনের অনুমতি দেয় না।

ইসলামের দর্শন এমন নয় যে ইবাদতের নামে পরিবার, সমাজ, মেহমান, শরীর বা নিজের প্রয়োজনকে উপেক্ষা করা যাবে। নফল ইবাদত তখনই মূল্যবান, যখন তা মানুষের অধিকার ক্ষুণ্ন না করে আদায় করা হয়।

ইবাদতের মধ্যে অতিরিক্ততা বা একপেশে মনোযোগ অনেক সময় অন্য অধিকারগুলোকে উপেক্ষিত করে দেয়। ইসলামের মূল উদ্দেশ্য হলো সব অধিকারকে যথাস্থানে সমুন্নত রাখা।

দুনিয়ার বাস্তবতায় যদি আল্লাহর হক বিস্মৃত হয়, তাও ইসলাম গ্রহণ করে না। ইসলামের সৌন্দর্য এখানেই যে এটি মানুষের জীবনের সব অধিকারকে একই সূত্রে গাঁথে।

এই নীতির আলোকে বোঝা যায় মানুষের অধিকার, পারিবারিক দায়িত্ব, সামাজিক কর্তব্য, নিজের শরীর ও স্বাস্থ্যের যত্ন, বিশ্রাম, খাদ্যগ্রহণ—এসবই ইসলামের অনুষঙ্গ। অধিকার বিবেচনায় ইসলাম একটি সমন্বিত জীবনযাত্রার আদর্শ নির্মাণ করে, যেখানে আল্লাহর ইবাদতের পাশাপাশি মানুষের সঙ্গে সঠিক আচরণ করাও ইবাদতের অন্তর্ভুক্ত।

ব্যক্তিগত নফল আমল কখনোই অন্যের হক নষ্ট করার যুক্তি হতে পারে না। বরং হকের শ্রেণিবিন্যাসে নফলের ওপরে রয়েছে মেহমানের অধিকার, স্ত্রী-পরিবারের অধিকার, শরীরের অধিকার, মানুষের সঙ্গে সদাচরণ।

ঘটনাটি স্পষ্ট করে ইসলাম মানুষকে কেবল আধ্যাত্মিক বা ইবাদতমুখী জীবনে সীমাবদ্ধ রাখে না, বরং একটি পরিপূর্ণ মানবিক জীবনব্যবস্থা দান করে। ব্যক্তিগত ইবাদত যদি সমাজ ও পরিবারের দায়িত্বকে ক্ষতিগ্রস্ত করে, তবে সেটি ইসলামের দৃষ্টিতে প্রশংসনীয় নয়।

তেমনি দুনিয়ার বাস্তবতায় যদি আল্লাহর হক বিস্মৃত হয়, তাও ইসলাম গ্রহণ করে না। ইসলামের সৌন্দর্য এখানেই যে এটি মানুষের জীবনের সব অধিকারকে একই সূত্রে গাঁথে এবং ভারসাম্যের সুন্দরতম রূপটি তুলে ধরে।

আহমাদ সাব্বির: আলেম ও লেখক।

## রিয়াজ জীবিত, সুস্থ আছেন

৪৬ পৃষ্ঠার পর

ঢেউয়ের পর তার পরিবারের সঙ্গে যোগাযোগ করে নিশ্চিত হওয়া গেছে যে, খবরটি গুজব। গত বছরের আগস্ট মাসে গণ-অভ্যুত্থানে শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে আত্মগোপনে গেছেন অভিনেতা রিয়াজ। সেই থেকে তাকে আর কোথাও দেখা যায়নি। চলচ্চিত্রসংশ্লিষ্ট কোনো ব্যক্তির সঙ্গেও তার কোনো যোগাযোগ নেই। এমনকি বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতিও রিয়াজের বর্তমান অবস্থান সম্পর্কে নিশ্চিত কিছু বলতে পারেনি। রিয়াজের ব্যবহৃত মোবাইল নম্বরটিও বন্ধ। চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত মেয়র প্রার্থী এম রেজাউল করিম চৌধুরীর সমর্থনে মাঠে নেমেছিলেন শোবিজ অঙ্গনের একঝাঁক তারকা। সেই দলে ছিলেন রিয়াজও। নিজের বক্তব্যে তিনি আওয়ামী লীগের শাসনামলে চট্টগ্রামের উন্নয়নের চিত্র তুলে ধরেন। সেখানে তিনি বলেন, 'এয়ারপোর্ট থেকে নেমে মেরিন ড্রাইভ রোড দিয়ে আসার সময় মনে হয়, এতো বাংলাদেশের নয়, ইউরোপের কোনো রাস্তা।' ঘটনার পর থেকে অনলাইনে নির্মম উপহাসের শিকার হন অভিনেতা। নব্বইয়ের দশকের শেষ দিকে 'বাংলার নায়ক' সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে যাত্রা শুরু করেন রিয়াজ উদ্দিন আহমেদ সিদ্দিক। টানা দুই যুগ তিনি ঢালিউডের অন্যতম জনপ্রিয় ও সফল অভিনেতা হিসেবে কাজ করেন। বহু ব্যবসাসফল ও দর্শকপ্রিয় সিনেমায় অভিনয়ের মাধ্যমে তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেন। সর্বশেষ ২০২২ সালে মুক্তি পায় রিয়াজ অভিনীত 'অপারেশন সুন্দরবন' ছবিটি।

## বিয়ের আগেই শেষ ব্যাচেলর হানিমুনে বিজয়-রাশমিকা

৪৬ পৃষ্ঠার পর

রক্ষা হয়নি তাদের। ক্যামেরা এড়িয়ে তারা বিমানবন্দরের ভেতরে প্রবেশ করলেও সামাজিক মাধ্যমের কল্যাণে মুহূর্তেই সেই দৃশ্য ভাইরাল হয়ে পড়ে। পরে সামাজিক মাধ্যমে নিজের ইনস্টাগ্রামে একটি ছবি শেয়ার করে জল্পনা আরও উসকে দেন বিজয়। ছবিতে দেখা যায়, দীর্ঘ সফরের ক্লান্তি শেষে বিমানবন্দরে বিশ্রাম নিচ্ছেন তিনি। আর তার হাতে একটি গোলাপফুলের ছবি, যা রাশমিকা তুলেছেন বলে ধারণা করা হচ্ছে। ছবির ক্যাপশনে অভিনেতা লিখেছেন,ডিসেম্বর মাসের ব্যস্ততার পর এবার ছুটির সময়। যদিও রাশমিকা নিজের প্রোফাইল থেকে এখনো কোনো ছবি শেয়ার করেননি। তবে ভক্তদের বুঝতে বাকি নেই যে, এ তারকা জুটি বছরের শেষটা একসঙ্গে কাটানোর পরিকল্পনা করেছেন। ভক্তরা এই ভ্রমণকে বিয়ের আগে শেষ ব্যাচেলর হানিমুন হিসেবেই দেখছেন। উল্লেখ্য, ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসে বিয়ের আনুষ্ঠানিক পর্ব সারবেন এ প্রেমিকযুগল। সম্প্রতি অভিনেত্রী জানান, তিনি মা হতে চান। রাশমিকা মান্দানা নাকি তার অনাগত সন্তানদের কথা ভাবেন, বিষয়টি অনুভব করতে পারেন। রাশমিকা বলেন, আমি মা না হলেও আমি যেন আমার অনাগত সন্তানদের অনুভব করতে পারি। আমার যে সন্তান জন্ম নেয়নি, মনে হয় তাদের জন্য সব করতে পারি। একেবারে সুরক্ষিত রাখতে চাই তাদের। আমাকে যদি ওদের জন্য যুদ্ধে যেতে হয়, আমি তাই করব। অভিনেত্রী আরও বলেন, ৩০ বছর পর্যন্ত চুটিয়ে কাজ করতে চান। এরপর ৪০ অবধি কাজ ও পরিবারকে সমানভাবে সময় দিতে চান।






# হাদি হত্যা এবং আগামী নির্বাচন

১০ পৃষ্ঠার পর

মহল আছে নির্বাচন ঘিরে দেশে সহিংসতা আরও বৃদ্ধি পেতে পারে। জাতীয় নির্বাচন সামনে রেখে চোরাগোপ্তা হামলা, অবৈধ অস্ত্রের ব্যবহার ও নাশকতার আশঙ্কাও আছে। তবে সরকার আগামী জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সামনে রেখে পুলিশের পক্ষ থেকে সব রাজনৈতিক দলের জন্য নিরাপত্তা প্রটোকল দেওয়ার ঘোষণা দিয়েছে। চলতি বছরের প্রথম ৯ মাসে রাজধানীতে ৩৫২টি খুনের ঘটনা ঘটেছে। শুধু রাজধানীতেই নয়, ঢাকা বিভাগেও গড় হিসাব করলে গত বছরের তুলনায় এ বছর বেশি খুন হয়েছে। এই খুনের হার বৃদ্ধির কারণ হিসেবে দেখা যাচ্ছে, দেশে আইন প্রয়োগকারী সংস্থার যথাযথ কার্যকর পদক্ষেপের অভাব।

সবাইকে মনে রাখতে হবে, এই নির্বাচনটি বানচাল হয়ে গেলে বা দীর্ঘ সময়ের জন্য ঝুলে গেলে দেশ এখন যে সংকটে আছে, তার চেয়ে অনেক বেশি সংকট ঘনীভূত হবে। সুতরাং রাজনৈতিক আদর্শ, দর্শন ও কর্মসূচি ভিন্ন হলেও এই মুহূর্তে ক্রিয়াশীল সব রাজনৈতিক দলের মধ্যে ঐক্য জরুরি। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই বারবার জাতীয় ঐক্যের কথা বলা হচ্ছে, সেই ঐক্যে যে বড় ধরনের ফাটল ধরেছে, তা নানা ঘটনায় স্পষ্ট। কিন্তু এখন অন্তত হাদির এই ঘটনার পরে সেই ফাটল দূর করা খুবই গুরুত্বপূর্ণ। আমাদের প্রত্যাশা, যথাযথ পদক্ষেপের মধ্য দিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অচিরেই উন্নতি ঘটবে। দূর হবে আস্থার সংকট। দেশ এগিয়ে যাবে একটি সুষ্ঠু ও উৎসবমুখর নির্বাচনের দিকে।

# দোয়া কবুলের কিছু শর্ত ও আদব

২৫ পৃষ্ঠার পর

**২. দোয়া কবুল হবে-এ বিশ্বাসে অটল থাকা**

আমাদের দৃঢ় বিশ্বাসের সঙ্গে এমনভাবে দোয়া করতে হবে, যেন আমরা নিশ্চিত থাকি যে একদিন না একদিন আমাদের দোয়া কবুল হবেই। কারণ, আমরা যার কাছে দোয়া করছি, তিনি তো দয়াশীল প্রতিপালক, বান্দার প্রার্থনারত দুই হাত শূন্য হাতে ফিরিয়ে দিতে তিনি লজ্জাবোধ করেন। রাসুল (সা.) বলেন, 'তোমরা দোয়া কবুল হওয়ার দৃঢ় বিশ্বাস নিয়ে দোয়া কর।' *(সুনানে তিরমিজি, হাদিস: ৩৪৭৯)।*

এই বিশ্বাস যত গভীর হবে, আমাদের দোয়া তত শক্তিশালী হবে।

**৩. দোয়ার শুরুতে ও শেষে হামদ ও দরুদ পড়া**

দোয়ার শুরুতে হামদ (আল্লাহর প্রশংসা) ও দরুদ পড়া দোয়া কবুলের একটি বড় আদব। ইবনে মাসউদ (রা.) নামাজের বৈঠকে প্রথমে হামদ, তারপর দরুদ এবং শেষে নিজের জন্য দোয়া করলে রাসুল (সা.) বলেছিলেন, 'এখন চাও, তোমার প্রার্থিত বস্তু তোমাকে দেওয়া হবে।' *(সুনানে তিরমিজি, হাদিস: ৩,৪৭৬)।*

ওমর (রা.) বলেন, 'দোয়া আসমান ও জমিনের মধ্যবর্তী স্থানে থেমে থাকে; যতক্ষণ পর্যন্ত তোমরা নবীর ওপর দরুদ পড়বে না, ততক্ষণ দোয়া ওপরে উঠবে না।' *(অর্থাৎ দরুদ ছাড়া দোয়া আল্লাহর কাছে পৌঁছায় না।)*

শাইখ আহমাদ মুসা জিবরিলের কথাটিও গুরুত্বপূর্ণ, 'দোয়ার শুরু ও শেষে নবীজির প্রতি দরুদ পাঠ করুন। আবু সুলাইমান আদদারানি একটি সুন্দর কথা বলেছেন, নবীজির ওপর দরুদ পড়ে দোয়া শুরু করুন এবং দরুদ পড়ে দোয়া শেষ করুন। কেননা নবীর প্রতি দরুদ পড়লে তা এমনিই কবুল হয়। আর আল্লাহ কোনো দোয়ার শুরু ও শেষের অংশ কবুল করে মাঝের অংশ প্রত্যাখ্যান করবেন, এমনটি হতে পারে না।' *(মুসলিমদের উৎসব: রামাদান, পৃ: ৭৫)।*

**৪. খাদ্য ও রিজিক হালাল থাকা**

দোয়া কবুলের একটি উল্লেখযোগ্য শর্ত হচ্ছে খাদ্য ও পোশাক হালাল হওয়া। হারাম খাদ্য, হারাম আয়ের পোশাক, হারাম ভরণপোষণ-এগুলো দোয়া কবুল হওয়ার ক্ষেত্রে বড় একটি বাধা। আল্লাহ বলেন, 'আল্লাহ তো কেবল মুত্তাকিদের থেকেই কবুল করেন।' *(সুরা মায়েদা, আয়াত: ২৭)।* ইবনুল কাইয়িম (রহ.) বলেন, 'হারাম ভক্ষণ করা দোয়ার শক্তিকে নষ্ট করে দেয় ও দুর্বল করে দেয়।' তাই রিজিক হালাল থাকা দোয়া কবুলের মৌলিক শর্ত।

**৫. মনোযোগ ও ইখলাস থাকা**

দোয়া কোনো মুখস্থ বাক্য নয়, এটি হতে হবে হৃদয়ের আন্তরিক নিবেদন। কোনো উদাসীন হৃদয়ের দোয়া আল্লাহ গ্রহণ করেন না। রাসুল (সা.) বলেন, 'তোমরা জেনে রাখো, আল্লাহ কোনো গাফেল অন্তরের দোয়া কবুল করেন না।' *(সুনানে তিরমিজি, হাদিস: ৩,৪৭৯)।* তাই দোয়া করার সময় আমাদের মন, চিন্তা, ইচ্ছাসবকিছু একমাত্র আল্লাহর দিকেই নিবদ্ধ রাখতে হবে।

**৬. দোয়ার মধ্যে সীমালঙ্ঘন না করা**

আল্লাহ তাআলা দোয়ার মধ্যে সীমালঙ্ঘন করা পছন্দ করেন না। মানুষের ক্ষতি কামনা করা, রক্তের সম্পর্কচ্ছেদকারীর দোয়া, হারাম চাওয়াএসব দোয়া তিনি কবুল করেন না।

এ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন, 'তোমরা বিনীতভাবে ও গোপনে তোমাদের প্রতিপালককে ডাকো; নিশ্চয় তিনি সীমালঙ্ঘনকারীদের পছন্দ করেন না।' *(সুরা আরাফ, আয়াত: ৫৫)।*

রাসুল (সা.) এ সম্পর্কে বলেন, 'যখন কোনো মুসলিম পাপ ও আত্মীয়তা নষ্ট করা ছাড়া অন্য যেকোনো বিষয়ে আল্লাহর কাছে প্রার্থনা করে, তখনই আল্লাহ তার প্রার্থনা পূরণ করে তাকে তিনটি বিষয়ের একটি দান করেন:

(১) হয় তার প্রার্থিত বস্তুই তাকে সঙ্গে সঙ্গে দিয়ে দেন

(২) অথবা তার দোয়াকে তার আখিরাতের জন্য সঞ্চয় করে রাখেন

(৩) অথবা দোয়ার পরিমাণে তার অন্য কোনো বিপদ তিনি দূর করে দেন।' *(সুনানে তিরমিজি, হাদিস: ৩,৫৭৩)।*

সুতরাং বোঝা যাচ্ছে শর্ত পূরণ করলে কোনো না কোনো সময় যেকোনোভাবে দোয়া কবুল হবেই।

মানুষের কাছে বারবার চাইলে মানুষ রেগে যায়, কিন্তু আল্লাহর কাছে না চাইলে তিনিই অসন্তুষ্ট হন।

**৭. দোয়ার ফলাফলের জন্য তাড়াহুড়া না করা**

ফুল ফোটে ধীরে, এর আগে গাছের অনেক পরিচর্যার প্রয়োজন হয়। তেমনি দোয়ার ফলও সময়মতো আসে। তাড়াহুড়া করলে দোয়া বাধাপ্রাপ্ত হয়।

রাসুল (সা.) বলেন, 'তোমাদের কারও দোয়া ততক্ষণ পর্যন্ত কবুল হয়, যতক্ষণ পর্যন্ত না সে তাড়াহুড়া করে বলে যে, 'আমি দোয়া করেছি, কিন্তু আমার দোয়া কবুল হয়নি।' *(সহিহ বুখারি, হাদিস: ৬,৩৪০)।*

**৮. দোয়া ইউনুস পাঠ করা**

দোয়া ইউনুস অর্থাৎ 'লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইন্নি কুনতু মিনাজ্জোয়ালিমিন' পড়ে দোয়া করলে দোয়া কবুলের সম্ভাবনা বেড়ে যায়। রাসুল (সা.) বলেন, 'ইউনুস (আ.) মাছের পেটে যে দোয়া করেছিলেনতা লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইন্নি কুনতু মিনাজ্জোয়ালিমিন, এ দোয়া দ্বারা যেকোনো মুসলিম যেকোনো বিষয়ে দোয়া করবে, আল্লাহ অবশ্যই তার দোয়া কবুল করবেন।' *(সুনানে তিরমিজি, হাদিস: ৩,৫০৫)।*

**শেষ কথা**

দোয়া এমন এক শক্তি, যা আরশের অধিপতির কাছে পৌঁছে যায়। আমাদের প্রতিপালকের ভান্ডারে কোনো কিছুরই অভাব নেই। মানুষের কাছে বারবার চাইলে মানুষ রেগে যায়, কিন্তু আল্লাহর কাছে না চাইলে তিনিই অসন্তুষ্ট হন।

আসুন, আমরা ইখলাস, বিনয় ও তাওয়াক্কুল নিয়ে দোয়ার শর্তগুলো মেনে প্রতিদিন আল্লাহ তাআলার কাছে হাত পাতি। আল্লাহর আরশই একমাত্র স্থান, যেখানে হাত পাতায় কোনো লজ্জা নেই, বরং মনটা হালকা হয়ে যায়। তিনি যে আল্মুজিব! তিনি তাঁর বান্দার অন্তরের গভীর থেকে আসা দোয়াগুলো শুনেন, জানেন এবং সর্বোত্তমভাবে কবুল করেন।

writerismat@gmail.com
ইসমত আরা : শিক্ষক, লেখক।

# সফল ওমরাহ সফর: সঠিক প্রস্তুতির গাইডলাইন

২৫ পৃষ্ঠার পর

ভিসার জন্য, বাংলাদেশি নাগরিকরা সৌদি আরবের টুরিস্ট ই-ভিসা নিয়ে ওমরাহ করতে পারেন, যা অনলাইনে অ্যাপ্লাই করা যায়। প্রয়োজনীয় ডকুমেন্টস: বৈধ পাসপোর্ট, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড), নারীদের জন্য মাহরামের সঙ্গে সম্পর্কের প্রমাণপত্র (যেমন বিবাহ সার্টিফিকেট বা জন্ম সার্টিফিকেট) এবং বায়োমেট্রিক রেজিস্ট্রেশন।

বায়োমেট্রিকের জন্য আগ্রহকে কোন দরকার হয়।

বর্তমান নিয়ম অনুসারে ৯০ দিনের জন্য ভিসা দেওয়া হয় এবং ভিসা হওয়ার ৩০ দিনের মধ্যে সৌদি আরবে এন্ট্রি করা বাধ্যতামূলক। নুসুক অ্যাপের মাধ্যমেই ভিসা অ্যাপ্লাই করা যাবে। যদি এজেন্সির মাধ্যমে যান, তারা এসব করে দেবে।

যাওয়া-আসার ফ্লাইট নিশ্চিত করুন-যেমন ঢাকা থেকে জেদ্দা নাকি মদিনা। ফ্লাইট সরাসরি হলে ভালো, তরুণদের জন্য ট্রানজিট হলেও সমস্যা হয় না। কিন্তু বৃদ্ধ বা শিশু সঙ্গে থাকলে ট্রানজিট ফ্লাইট এড়ানো ভালো।

এজেন্সি নির্বাচন : বাংলাদেশ থেকে অধিকাংশ যাত্রী এজেন্সির মাধ্যমে ওমরাহ করেন, কারণ এতে ভিসা, টিকিট, হোটেল বুকিং এবং খাবারের ব্যবস্থা সহজ হয়। নির্ভরযোগ্য এজেন্সি বেছে নিন।

খোঁজ নিন তারা হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের অনুমোদিত কি না। অভিজ্ঞ মোয়াল্লিম বা আগের যাত্রীদের সঙ্গে কথা বলে যাচাই করুন। চুক্তি সই করার সময় যাবতীয় তথ্য লিখিতভাবে নিন এবং অর্থ পরিশোধের রসিদ রাখুন।

যদি একা যান, তাহলে নুসুক অ্যাপ দিয়ে হোটেল, ট্রান্সপোর্ট এবং পারমিট বুক করুন। কিন্তু নতুন যাত্রীদের জন্য এটা কষ্টসাধ্য হতে পারে, কারণ ভাষা, নিয়মাবলি এবং লোকাল ট্রান্সপোর্টের সমস্যায় পড়তে পারেন। দলবদ্ধভাবে গেলে খরচ কম হয় এবং সুবিধা বেশি পাওয়া যায়।

**ট্রাভেল অ্যারেঞ্জমেন্টস: বিস্তারিত পরিকল্পনা :** যাওয়া-আসার ফ্লাইট নিশ্চিত করুনযেমন ঢাকা থেকে জেদ্দা নাকি মদিনা। ফ্লাইট সরাসরি হলে ভালো, তরুণদের জন্য ট্রানজিট হলেও সমস্যা হয় না। কিন্তু বৃদ্ধ বা শিশু সঙ্গে থাকলে ট্রানজিট ফ্লাইট এড়ানো ভালো, কেননা, তাতে দীর্ঘ যাত্রায় তারা বিরক্ত হয়ে পড়তে পারেন।

হোটেল বুকিংয়ে মসজিদুল হারাম বা মসজিদে নববীর কাছাকাছি লোকেশন বেছে নেওয়া ভালো। একটু দূরে হলেও যোগাযোগের সুবিধার দিকে লক্ষ রাখতে হবে।

তবে যদি সৌদি প্রবাসী কাউকে দিয়ে হোটেল বুক করে থাকেন, তাহলে হোটেলটি সৌদি সরকার কর্তৃক ওমরাহ যাত্রীদের জন্য অনুমোদিত কি না, সেটা যাচাই করে নিন। কারণ ইদানীং সরকার পুরো মক্কা জুড়ে পুনর্নির্মাণের কাজ করছে বলে অনেক হোটেল উঠিয়ে দেওয়া হচ্ছে।

রুম শেয়ারিং (২ নাকি ৪ জন), খাবার (দিনে ২ বেলা নাকি ৩ বেলা) এবং জিয়ারতের তালিকা (যেমন উহুদ, তায়েফ) জেনে নিন।

ইহরামের জন্য রুট দেখুন। ঢাকা থেকে জেদ্দা হয়ে মক্কা গেলে ঢাকা বিমানবন্দরেই ইহরাম বাঁধুন, যদি সরাসরি ফ্লাইট হয়। ট্রানজিট হলে প্রথম যে বিমানবন্দরে নামবেন, সেখানেও ইহরাম পরা যেতে পারে। মদিনায় আগে যাওয়া হলে মদিনা থেকে মক্কা যাওয়ার পথে 'মিকাত' পাবেন, জুল-হুলায়ফা' সেখান থেকেই ইহরাম বাঁধতে পারবেন।

**মক্কায় প্রবেশের পর প্রথম কাজ ওমরাহ করা :** ইহরামের জন্য রুট দেখুন। ঢাকা থেকে জেদ্দা হয়ে মক্কা গেলে ঢাকা বিমানবন্দরেই ইহরাম বাঁধুন, যদি সরাসরি ফ্লাইট হয়। ট্রানজিট হলে প্রথম যে বিমানবন্দরে নামবেন, সেখানেও ইহরাম পরা যেতে পারে।

**সফরসঙ্গী, প্রশিক্ষণ এবং পড়াশোনা**

যোগ্য সফরসঙ্গী নির্বাচন করুন। পরহেজগার আলেম যিনি একাধিকবার ওমরাহ করেছেন, এমন সঙ্গী হলে ভালো হয়। প্রথম ওমরাহ তার সঙ্গে করবেন। ওমরাহর বিধান (তাওয়াফ, সাঈ, ইহরামের নিষেধাজ্ঞা) শিখতে সরাসরি প্রশিক্ষণ নিন, শুধু বই পড়ে নয়।

তবে প্রয়োজনীয় পড়াশোনার জন্য ওমরাহর গুরুত্ব, নিয়মকানুন এবং সৌদির লোকাল রুলস এসব জানা যাবে এমন বই-পুস্তক খুঁজে পাঠ করতে পারেন। প্রথম আলোর ওমরাহ গাইড আপনি ফ্রি ডাউনলোড করতে পারবেন।

**স্বাস্থ্য এবং নিরাপত্তা: অবহেলা করবেন না**

ওমরাহ সফরে দীর্ঘ সময় হাঁটতে হবে এবং এখন ভিড়ও পাবেন অনেক বেশি। তাই স্বাস্থ্যের যত্ন নিন। চিকিৎসকের সঙ্গে পরামর্শ করে প্রয়োজনীয় ওষুধ (যেমন পেইনকিলার, অ্যান্টিবায়োটিক) নিয়ে নিন। সৌদিতে প্রেসক্রিপশন ছাড়া ওষুধ পাওয়া কঠিন। অতিরিক্ত কয়েক দিনের ওষুধ নিয়ে যান।

দিনে ৩-৪ লিটার পানি পান করে হাইড্রেটেড থাকুন, হালকা খাবার খান, আরামদায়ক জুতা পরুন এবং ফার্স্ট-এইড কিট রাখুন। কোভিড বা অন্যান্য ভ্যাকসিনেশন চেক করুন-সৌদিতে আপনার সফরের সময় মেনিনজাইটিস বা অন্য কোনো ভ্যাকসিন বাধ্যতামূলক আছে কি না খবর রাখুন।

**সফরকে আরও সহজ করতে**

প্যাকিং: ইহরামের কাপড়, প্রয়োজনীয় টয়লেট্রিজ, পাওয়ার ব্যাংক নিন।

ভাষা: পারলে প্রয়োজনীয় কিছু আরবি ফ্রেজ শিখুন, বিপদে কাজে লাগবে।

বেস্ট টাইম: ইশার পর পর বা সকালের নাস্তার পর তুলনামূলক ভিড় একটু কম থাকে, তখন তাওয়াফ করুন।

সঠিক প্রস্তুতি নিয়ে ওমরাহ সফর শুধু ইবাদত নয়, জীবনের একটি অমূল্য অভিজ্ঞতা হয়ে উঠবে। আল্লাহর কাছে দোয়া করুন যেন আপনার সফর হয় মকবুল। যদি আরও বিস্তারিত জানতে চান, অফিসিয়াল সাইটস চেক করুন বা অভিজ্ঞদের সঙ্গে কথা বলুন।

# অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার খ্যাপাটে যুবক

১০ পৃষ্ঠার পর

নির্বাচনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া সহজ হয়েছে। আর নেপালের 'জেন-জি' তরুণরা নতুন প্রধানমন্ত্রীর শপথের দিনই জাতীয় নির্বাচনের তারিখ আদায় করে বিচক্ষণতা ও দায়িত্বশীলতার পরিচয় দিয়েছে। বাংলাদেশের 'জেন-জি' তরুণরা এ প্রশ্নে বিপরীত। রাজনৈতিক দলগুলোও বিভক্ত।

নেপালেও আন্দোলনকারীদের মধ্যে সুশীলাকে নতুন প্রধানমন্ত্রী করতে সমঝোতায় পৌঁছা একদম সহজ ছিল না। এ নিয়ে মত-দ্বিমত ছিল। তবে সব মতপার্থক্য ছাপিয়ে তাকে অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে মনোনীত ও শপথ নেওয়ার কাজটি তারা দ্রুত সম্পন্ন করেছে। একদিকে চলে তার শপথ ও দায়িত্ব নেওয়ার আনুষ্ঠানিকতা, অন্যদিকে আইনশৃঙ্খলা স্বাভাবিক করার আয়োজন। তা কার্যকর ফল দিয়েছে। নেপালের পর এবং বাংলাদেশের ঘটনার আগে শ্রীলঙ্কার ঘুরে দাঁড়ানোর ঘটনাও শিক্ষণীয় হতে পারত। প্রায় ধ্বংসস্তূপ থেকে উঠে দাঁড়িয়ে নেপালের স্বাভাবিকতায় ফেরা, শ্রীলঙ্কার ঘুরে দাঁড়ানোর নেপথ্য কারণ ও নীতিগুলো বাংলাদেশের জন্য পাঠপঠনের বিষয়। শ্রীলঙ্কার নতুন সরকার ও কেন্দ্রীয় ব্যাংকের কিছু নীতি তাদের পরিস্থিতির এমন নাটকীয় পরিবর্তনের পেছনে ভূমিকা রেখেছে। এর পাশাপাশি করোনা মহামারির অভিঘাত কাটিয়ে পর্যটন খাতের ঘুরে দাঁড়ানো, কৃষিতে উৎপাদন বৃদ্ধি এবং রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির বিষয়টিও ইতিবাচক পরিবর্তনে সহায়ক হয়েছে। নেপাল কিংবা শ্রীলঙ্কার দিকে তাকালে একটি চিত্র স্পষ্ট হয়ে ওঠে, অন্তর্বর্তী সরকার আসার পরপরই সেখানে নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়েছে। জনগণ জানে সামনে কী আসছে, তাই আন্দোলনের মঞ্চ থেকে তারা খুব দ্রুত নির্বাচনী মাঠে চলে গেছে। বাংলাদেশে সেই স্বচ্ছতার ঘাটতির কারণে শুধু নির্বাচন ঘিরে নয়, সরকার কাঠামো নিয়েই বড় রাজনৈতিক দ্বন্দ্ব। বৈষয়িক লাভালাভ নিয়ে প্রাপ্তি-অপ্রাপ্তির ঘেরাটোপ ব্যাপক। আন্দোলনের ফ্রন্টলাইনাররা অনিরাপদ। টার্গেটে পড়ে গেছে তারা। তার ওপর অভ্যুত্থানের এক বছরের মাথায় এসে বিভাজন ও বিভক্তি। এ পরিস্থিতির সঙ্গে তিউনিসিয়ার বেশ মিল। তিউনিসিয়ার জেসমিন বিপ্লবের ২০১০-১১ সালে ২৮ দিনের আন্দোলনে দেশটির স্বৈরশাসক বেন আলি ক্ষমতা ছেড়ে পালিয়ে গিয়েছিলেন শেখ হাসিনার মতোই। তিউনিসিয়া থেকেই আরব বসন্তের শুরু। সেখানে ক্ষোভের আগুন ছড়িয়ে দিয়েছিলেন বোয়াজিজি নামের এক তরুণ রাষ্ট্রীয় নিপীড়নের বিরুদ্ধে আত্মাহুতির মধ্য দিয়ে। এক বোয়াজিজির মৃত্যু গোটা তিউনিসিয়াকে জাগিয়ে তুলেছিল। ঠিক আবু সাঈদের মৃত্যু যেমন বাংলাদেশকে জাগিয়ে দিয়েছিল। এরপরই রাজপথ জনসাধারণের দখলে চলে আসে। ক্ষোভের আগুনে পুড়ে যায় শেখ হাসিনার অবৈধ শাসনের প্রাসাদ। তিউনিসিয়াতেও অন্য কারও বেন আলি হওয়া ঠেকাতে ২০১৪ সংবিধান সংস্কার করে প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর মধ্যে ক্ষমতা ভাগাভাগি করা হয়। কিন্তু আদতে তিউনিসিয়ায় একটি দুর্বল সরকারব্যবস্থা গড়ে তোলা হয়। যাদের জনসমর্থন ছিল না, সরকার গঠনের মতো তাদেরও ক্ষমতার ভাগীদার করা হয় অনুপাতে আসার কথা বলে। ফলে ২০১১ থেকে ২০২১ সাল পর্যন্ত ১০ বছরে দশবার সরকার পরিবর্তিত হয়েছে। মানে গড়ে প্রতি বছর একবার করে নতুন সরকার। ঘন ঘন সরকার পরিবর্তনে তিউনিসিয়ায় ব্যবসা-বিনিয়োগে ধস নামে। অর্থনৈতিক মন্দার সঙ্গে বেকারত্বও বাড়তে থাকে। এতে জনঅসন্তোষও বাড়তে থাকে। এ সুযোগ নিয়ে ২০১৯ সালে কাইস সাইদ নামের এক অধ্যাপক ক্ষমতা দখল করেন। তিউনিসের এক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। টিভি টক শোগুলোর জনপ্রিয় মুখ ছিলেন। পরবর্তী সময়ে তিউনিসিয়ার অভিজাতদের সমর্থন নিয়ে তিনি ক্ষমতা দখল করেন। ২০২১ সালে সংবিধান স্থগিত করে নতুন সংবিধান রচনা করে আবারও দেশে একনায়কতন্ত্র কায়েম করেন। তিউনিসিয়া আবার সেই বেন আলির যুগে ফিরে যায়। আর ধাপে ধাপে মৃত্যু, কারাবাস, দেশান্তরী হয়ে জীবন বাঁচানো হয়ে ওঠে সেই জেসমিন বিপ্লবের সম্মুখভাগের তরুণ-যুবকদের নিয়তিলিপি।

লেখক: সাংবাদিক-কলামিস্ট ডেপুটি হেড অব নিউজ, বাংলাভিশন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NY I
NY INSURANCE BROKERAGE

NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY CAR & LIMO SERVICES INC B02902

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


প্রবাসী সকল ভাই – বোনদেরকে
"লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল এর পক্ষ থেকে
ইংরেজি নববর্ষ ২০২৬ উপলক্ষে জানাচ্ছি
আমাদের উষ্ণ সম্ভাষণ এবং প্রানঢালা অভিনন্দন
ও শুভেচ্ছা .!!!!!!
শুভ নববর্ষ
২০২৬
জ্যাকব মিল্টন
প্রেসিডেন্ট , লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল এলএল সি
নিরু এস নিরা
ডাইরেক্টর অপারেশন, লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল এলএল সি
সকল ধরণের আইনি সহায়তার একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

# PCA HOME CARE সেবা

আমাদের স

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE** সেবা
আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব **PCA ও HHA** ট্রেনিং

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c

AGE
R E

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো



Design by: ihopeprint.com, 929-538-7903

7852
96 Text: 646-591-8396
denagehomecare.com

স্কুল আছে

FFICE
e Ave
432
320
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই'র বিজয় দিবস উদযাপন

৩ পৃষ্ঠার পর

উজ্জ্বল দিনে। এরপর শহীদ বুদ্ধিজীবীসহ মুক্তিযুদ্ধের সকল শহীদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। আলোচনা পর্বে মহান মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন, শহীদ বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তারা আত্মত্যাগের সেই গৌরবোজ্জ্বল ইতিহাস স্মরণ করিয়ে দেন, যা একটি জাতিকে মাথা উঁচু করে দাঁড়ানোর শক্তি জুগিয়েছে। বক্তারা বলেন, প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের কাছে এই ইতিহাস ও চেতনা পৌঁছে দেওয়ার দায়িত্ব আমাদেরই।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি সাবিনা শারমিন নিহার, সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল এবং সাংস্কৃতিক সম্পাদক এহসান জুয়েল -এর উপস্থাপনায়, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা অধ্যাপক এ কে আখতার হোসেন। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি শামীম আরা বেগম ও সাধারণ সম্পাদক আমান্না শবনম পাপড়ী, রাজশাহী বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি রুহেল নুর বাবু, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এম এস আলম ও সাধারণ সম্পাদক রুহুল আমিন সরকার এবং শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি মিজানুর রহমান।







এছাড়া বিশেষ বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি মোল্লা মনিরুজ্জামান ও স্বপন বড়ুয়া, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি আকতার আহমেদ রাশা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ও উপদেষ্টা মুহাম্মদ আবদুল আজিজ নঈমী, সাংবাদিক কৌশিক আহমেদ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের সাবেক চেয়ারম্যান হোসাইন কবির।

অনুষ্ঠানের এক গুরুত্বপূর্ণ পর্বে মুক্তিযোদ্ধাদের সম্মাননা জানানো হয় বীর মুক্তিযোদ্ধা, সুরকার ও গীতিকার তাজুল ইমাম, বীর মুক্তিযোদ্ধা সেনু চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা খুরশিদ আনোয়ার বাবলু এবং বীর মুক্তিযোদ্ধা জিয়াউল হাসান কিসলুকে। তাঁদের উপস্থিতি ও সম্মাননা প্রদান পুরো মিলনায়তনে গভীর শ্রদ্ধা ও নীরব গর্বের আবহ সৃষ্টি করে। অনুষ্ঠানের ফাঁকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে মুক্তনীড় ম্যাগাজিনের মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন করেন ম্যাগাজিনটির প্রধান সম্পাদক ওয়াহিদুজ্জামান বকুল। এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের কার্যনির্বাহী কমিটির সভাপতি সাবিনা শারমিন নিহার, সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল এবং সাংস্কৃতিক সম্পাদক এহসান জুয়েল।

অনুষ্ঠানের অংশ হিসেবে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার সার্বিক সহযোগিতা করেন ফারজিন রাকিবা। প্রতিযোগিতার বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন মুহাম্মদ আবদুল আজিজ নঈমী ও আকতার আহমেদ রাশা। নতুন প্রজন্মের অংশগ্রহণে আয়োজিত সাংস্কৃতিক পরিবেশনায় গানে অংশ নেন আনজান চৌধুরী, জারিন মাইশা ও রুদ্রনীল দাশ রূপাই এবং নৃত্য পরিবেশন করেন কানিজ কবির কাব্য, যা দর্শকদের মুগ্ধ করে। বীর মুক্তিযোদ্ধা, সুরকার ও গীতিকার তাজুল ইমাম পরিবেশন করেন তাঁর কথা-কবিতা ও গান "মন বিবাগী তান তরঙ্গে"। তবলায় সঙ্গত করেন বীর মুক্তিযোদ্ধা সেনু চৌধুরী। এ পরিবেশনা যেন সময়কে থামিয়ে দিয়ে দর্শকদের নিয়ে যায় স্মৃতি, আত্মত্যাগ ও মুক্তিযুদ্ধের গভীর আবেশে। সবশেষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি সাবিনা শারমিন নিহারের সমাপনী বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়।



## ২১ মুক্তিযোদ্ধাকে সম্মাননা দিল ব্রংকস বাংলাদেশি এসোসিয়েশন

৬২ পৃষ্ঠার পর

আহমেদ, জাহাঙ্গীর আলম, মোহাম্মদ শাহ জাহান, মুন্সী বশীর উদ্দীন, সৈয়দ আব্দুল মতিন, জিল্লুর রহমান, আব্দুর রৌফ মিয়া, তোফায়েল আহমেদ চৌধুরী, শহিদুল ইসলাম ও বিজয় কৃষ্ণ সাহা। বক্তব্য রাখেন এম এন মজুমদার, আব্দুর রহিম বাদশা, প্রফেসর সানাউল্লাহ, কমিউনিটি লিডার জামাল হোসেন, জামাল উদ্দীন চেয়ারম্যান, লিংকন সাইফেল্লাওয়ালা, মাকসুদা আহমেদ, কামরুন চৌধুরী, সালমা সুমি, ফারজানা ইয়াসমিন, ফার্মিন আক্তার, প্রিন্স রহমান, আব্দুল কাদের, মোহাম্মদ আর রহমান, আনোয়ার জাহিদ, সোরহাব উদ্দীন, আরিফ রেজা, মামুন আহমেদ, ফরিদা ইয়াসমীন, মাসুম আহমেদ, আহমেদ মাসুদ রহমান, জিয়াদ উদ্দীন, মোহাম্মদ আলাউদ্দীন ও ফারজানা ইয়াসমীন। ডিনার ও সংগীতের মাধ্যমে অনুষ্ঠান টি শেষ হয়। সংগীত পরিবেশন করেন নিউইয়র্কের জনপ্রিয় সংগীত শিল্পী নাফিসা রুনা, বাবলা ও শারমীন।



## সোনোগ্রাফার সোসাইটির মহান বিজয় দিবস পালন

৩ পৃষ্ঠার পর

বক্তব্য রাখেন। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন জেবুন্নেছা জোৎস্না ও কাজী নাহার সুমি।

আলোচনা সভায় বক্তারা মহান মুক্তিযুদ্ধের ইতিহাস, ত্রিশ লক্ষ শহীদের আত্মত্যাগ এবং বিজয়ের চেতনাকে নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার গুরুত্ব তুলে ধরেন। তাঁরা বলেন, প্রবাসেও জাতীয় দিবসগুলো উদযাপনের মাধ্যমে দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের আদর্শ জাগ্রত রাখা অত্যন্ত জরুরি। অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়। যা উপস্থিত দর্শকদের মাঝে গভীর আবেগ ও দেশপ্রেমের অনুভূতি সৃষ্টি করে। পুরো অনুষ্ঠানটি ছিল সুশৃঙ্খল, প্রাণবন্ত এবং ভাবগম্ভীর পরিবেশে পরিপূর্ণ।



## কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের বিজয় দিবস পালন

৩ পৃষ্ঠার পর

সদস্য হাবিবুর খান ভিকি, উপদেষ্টা আজিজুর নাহার মুকুল, এক্সিকিউটিভ কমিটির ভাইস চেয়ারম্যান জুবায়ের আহমেদ রানা, সালাহউদ্দিন আহমেদ, সমাজকল্যাণ ডাইরেক্টর মোহাম্মদ মাহফুজুল হক, ট্রেজারার বিশ্বজিত পাল সদস্য খাদিজা আক্তি প্রমুখ। প্রচণ্ড ঠান্ডা উপেক্ষা করে অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী কিশোরগঞ্জবাসী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে এবিএম ওসমান গণি বলেন, মহান মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়তে হবে। তা নাহলে শহীদদের আত্মা শান্তি পাবে না এবং আমরা স্বাধীন দেশের স্বাদও পাবো না। দেশের মানুষ ভালো না হলে দেশের উন্নয়ন হবে না। দুঃখজনক হলেও সত্য দেশের রাজনীতিবীদরা নিজের আর দলের স্বার্থ ছাড়া কিছু বুঝে না। দেশের চেয়ে দল বড় আর দলের চেয়ে ব্যক্তি বড় হয়ে পড়েছে। দেশের ৯৮ ভাগ মানুষ দুর্নীতিগ্রস্ত। ভালো লোক রাজনীতিতে আসছে না। তিনি বলেন, দেশের মানুষের চেয়ে প্রবাসীরাই বেশী দেশ প্রেমিক। মফিজুর রহমান দুলাল বলেন, আগে আমাদের ইতিহাস জানতে হবে। আমরা কিভাবে বিজয় অর্জন করেছি তা ভাবতে হবে। সবার মনে রাখতে হবে একাত্তুরে আমাদের বিজয়, গৌরবের বিজয়।

প্রফেসর মিজানুর রহমান বলেন, শহীদদের ত্যাগের বিনিময়ে অর্জিত বিজয়ের আনন্দ আজও অনুভব করি। কিন্তু দেশটা না গড়ে তিলে তিলে শেষ করে দিচ্ছি। ভালো নেতা তৈরী করতে পারছি না- এটা আমাদের ব্যর্থতা।

সভাপতির বক্তব্যে এবাদুল হক এবাদ তার বক্তব্যে স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ জাতীয় চার নেতা এবং শহীদদের স্মরণ করে তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং সবাইকে ঐক্যবদ্ধভাবে দেশ গড়ার আহ্বান জানান।

## রেকর্ড দামে বিক্রি হয়েছে বিশ্বখ্যাত 'দ্য টেলিগ্রাফ'

৬২ পৃষ্ঠার পর

কেনার জন্য এর আগে যুক্তরাষ্ট্রভিত্তিক বেসরকারি বিনিয়োগ প্রতিষ্ঠান রেডবার্ড ক্যাপিটাল পার্টনার্স চেষ্টা করেছিল। কিন্তু সম্প্রতি তারা আলোচনা থেকে সরে যায়। এর এক সপ্তাহ পরই জেনারেল ট্রাস্ট পিএলসি (ডিজিএমটি)-এর সঙ্গে এই চুক্তি চূড়ান্ত হলো। দ্য ফিন্যান্সিয়াল টাইমস-এর খবর অনুসারে, চুক্তির মূল্য নির্ধারণ করা হয়েছে রেডবার্ড নেতৃত্বাধীন কনসোর্টিয়াম কর্তৃক ব্যয় করা অর্থ পরিশোধের ভিত্তিতে। চুক্তির অন্তর্ভুক্ত বিভিন্ন পক্ষ লেনদেনের শর্ত চূড়ান্ত এবং প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের জন্য ইতোমধ্যে একক আলোচনার পর্যায়ে প্রবেশ করেছে। দ্রুত এই আলোচনা সম্পন্ন হওয়ার প্রত্যাশা করা হচ্ছে। রেডবার্ড আইএমআই-এর এক মুখপাত্র নিশ্চিত করেছেন, ডিএমজিটি ও রেডবার্ড আইএমআই শনিবার ঘোষিত চুক্তিতে পৌঁছানোর জন্য দ্রুত কাজ করেছে; যা শিগগিরই পররাষ্ট্রমন্ত্রীর কাছে জমা দেওয়া হবে। অন্যদিকে, রয়টার্সের পক্ষ থেকে মালিকানা হস্তান্তরের বিষয়ে মন্তব্যের জন্য যোগাযোগ করা হলে টেলিগ্রাফ কোনো সাড়া দেয়নি।



## হাদির মৃত্যুতে নিউইয়র্কে দোয়া ও প্রতিবাদ সমাবেশ



৬২ পৃষ্ঠার পর

কমিউনিটির সাধারণ মানুষও যোগ দেন। এ সমাবেশে বক্তব্য রাখেন জুলাই যোদ্ধা ড. শওকত আলী, সৈয়দ আল আমিন রাসেল, আব্দুল কাদের, রওশন হক ও জয়নাল আবেদীন। কোটি ছাত্র জনতার প্রিয় ব্যক্তিত্ব শরীফ ওসমান হাদির মৃত্যুর সংবাদ শোনার সাথে সাথে নিউ ইয়র্কের বাঙালি অধ্যুষিত জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় সর্বস্তরের জনসাধারণের অংশগ্রহণে এই দোয়া ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, জুলাই বিপ্লবকে কলংকিত ও নস্যাৎ করার জন্য ভারতীয় মদদ পুষ্টরা ও আওয়ামী সন্ত্রাসীরা পরিকল্পিতভাবে হাদির উপর আঘাত হেনেছে। সন্ত্রাস থেকে অতি সত্বর খুনিদের আইনের আওতায় এনে সমুচিত শাস্তি প্রদানের জন্য সরকারের প্রতি আহবান জানান বক্তারা।



# বিচারপতি হিসেবে শপথ নিলেন সোমা সাঈদ

৬৪ পৃষ্ঠার পর

নারী হিসেবে সোমা ইতিহাস রচনা করলেন। নিজের মেধা এবং কর্মনিষ্ঠার মাধ্যমে বিচারপতি সোমা একইসাথে বাংলাদেশকেও অনন্য এক উচ্চতায় নিয়ে গেলেন বলে শপথ গ্রহণের প্রাক্কালে শুভেচ্ছা বক্তব্যে মন্তব্য করেছেন স্টেট সিনেটর জন লু, সিনেটর টনি স্টাভিস্কি, এ্যাসেম্বলীম্যান ডেভিড ওয়েপ্রিন, কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ডস এবং কোর্ট অব আপিলের প্রধান বিচারপতি রোওয়ান উইলসন।

বীর মুক্তিযোদ্ধা আফতাবউদ্দিন সাঈদ এবং টাঙ্গাইলের একটি গার্লস হাই স্কুলের প্রধান শিক্ষিকা আমিনা বেগম সাঈদের কন্যা সোমা ১২ বছর বয়সে মা-বাবার সাথে ইমিগ্রান্ট হয়ে যুক্তরাষ্ট্রে আসার পর থেকেই নিউইয়র্ক সিটির কুইন্সে বাস করছেন। নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে লেখাপড়ার পর সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্ক থেকে ব্যাচেলর ডিগ্রি করেন সোমা সাঈদ। এরপর ইউনিয়ন ইউনিভার্সিটির আলবেনী ল' স্কুল থেকে কৃতিত্বের সাথে জেডি করেছেন। টানা দেড় যুগের অধিক সময় এটর্নী হিসেবে পেশাগত জীবন-যাপনের পাশাপাশি কম্যুনিটির নানা কর্মকান্ডে জড়িত থেকে সোমা নিজেকে বিশেষ এক অবস্থানে উন্নীত করতে সক্ষম হন এবং সেই সিঁড়ি বেয়েই ২০২১ সালের নির্বাচনে ডেমক্র্যাটিক পার্টির মনোনয়নে



কুইন্স কাউন্টিতে নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের বিচারক হিসেবে বিজয়ী হয়েছিলেন।

এরপরের বছর তাকে ম্যানহাটানে অবস্থিত নিউইয়র্ক কাউন্টি ক্রিমিনাল কোর্টে বিচারপতির দায়িত্ব প্রদান করা হয় এবং তিনি তা বিচক্ষণতার সাথে ২০২৩ সাল নাগাদ পালন করেছেন। ২০২৪ সালের জানুয়ারি থেকে পুনরায় কুইন্স কাউন্টি সিভিল কোর্টে বিচারপতি হিসেবে কাজ শুরু করেছিলেন। সর্বশেষ গত ৪ নভেম্বরের নির্বাচনে ডেমক্র্যাটিক পার্টির মনোনয়নে নিউইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে বিজয়ী হয়েছেন।

সোমার শপথ গ্রহণের ঘটনাকে ঐতিহাসিক হিসেবে অভিহিত করে শুভেচ্ছা বক্তব্য দিয়েছেন যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক মো. আরিফুল ইসলাম এবং মেক্সিকোতে বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিক ফজল আনসারী।

অনুষ্ঠানে ছিলেন ডেমক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এ্যাট লার্জ এটর্নী মঈন চৌধুরী। তিনি এ সংবাদদাতার কাছে নিজের অভিব্যক্তি প্রকাশকালে উচ্ছ্বসিত চিত্তে বলেন, ডেমক্র্যাটিক পার্টি থেকে মনোনয়ন লাভে সক্ষম হওয়ায় সোমাকে দলীয় প্রার্থী বাছাইয়ের নির্বাচনে অবতীর্ণ হওয়ার প্রয়োজন হয়নি। সরাসরি মূল নির্বাচনে আড়াই লক্ষাধিক ভোটে জয়ী হয়েছেন। সোমার এ বিজয় বাংলাদেশী আমেরিকানদের বিজয়। ডেমক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার ড. দীলিপ নাথ এবং অভিবাসন আইনে বিশেষভাবে পারদর্শী এটর্নী অশোক কর্মকার পৃথক পৃথক ভাবে এ সংবাদদাতার কাছে নিজের অনুভূতি প্রকাশকালে বলেছেন, সোমার এমন উত্থানে কম্যুনিটির নতুন প্রজন্ম অনুপ্রাণিত হবে এবং তারাও নিজ মেধাগুণে আরো অনেক বড় কিছু অর্জনে সক্ষম হবেন।

ডেমক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এটর্নী রোজা দিয়া এবং আয়েশা দেওয়ানের যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে মুক্তিকর্মীর প্রতি আনুগত্যের বাণী উচ্চারণ করেছে মেহেরিমনি জাহিদ সাঈদ। অনুষ্ঠানে কম্যুনিটি বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধিত্বকারি ব্যক্তিগণের মধ্যে ছিলেন মূলধারার রাজনীতিক ও বিএনপির কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ, ব্রঙ্কস কম্যুনিটি বোর্ডে ইমিগ্রেশন বিষয়ক চেয়ারপার্সন শাহজাহান শেখ, শিল্পপতি ও সমাজকর্মী হাসানুজ্জামান হাসান, , জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম শামসী আলী, কম্যুনিটি বোর্ড মেম্বার আসলান হাবিব ।




# ড. নবী ও বাবুর নেতৃত্বে ফোবানা (একাংশ) সম্মেলন' ২৬ নিউইয়র্কে

৬৪ পৃষ্ঠার পর

জ্যাকসন হাইটসে ১৯ ডিসেম্বর শুক্রবার বেলুন উড়িয়ে জয় বাংলা স্লোগানে ৪০তম ফোবানার কিকঅফ অনুষ্ঠানে এমন ধারনাই দেয়া হয়েছে। উদ্বোধন করেন বঙ্গবন্ধু পরিষদেও সভাপতি ড. নুরুন্নবী।

'চেতনায় একাত্তর- হৃদয়ে বাংলাদেশ'- এই স্লোগানকে উপজীব্য করে নিউইয়র্কে ৪০তম ফোবানার কিকঅফ অনুষ্ঠানের সভাপতি ছিলেন আসন্ন ফোবানা-২০২৬ এর কনভেনর ব্যবসায়ী-রাজনীতিক নুরুল আমিন বাবু।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট চিকিৎসক,একুশে পদকপ্রাপ্ত লেখক, বীর মুক্তিযোদ্ধা ড. নুরুন নবী। শুরুতেই তাঁর জীবনভিত্তিক প্রামান্যচিত্র ' আজীবন মুক্তিযোদ্ধা' প্রদর্শিত হয়। পিনপতন নীরবতার মধ্য দিয়ে কানায় কানায় পূর্ণ অভিবাসী সমাজ এই ডকুমেন্টারি অবলোকন করেন।

মহান মুক্তিযুদ্ধে একজন সাহসী তরুণের কর্ম পরিকল্পনা ও বাংলাদেশ-ভারতের মাঝে সংযোগ তৈরীর একটি চমৎকার বর্ণনা ফুটে উঠেছে এই তথ্যচিত্রে। প্রধান অতিথি ড: নুরুন নবী বলেন, মুক্তিযুদ্ধ আমাদের অস্তিত্ব। বিশ্ব দরবারে আমাদেরকে মাথা উঁচু করে দাঁড়াতে শিখিয়েছে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত অসাম্প্রদায়িক বাংলাদেশের মানুষ হিসাবে। আজ আমাদের সেই অস্তিত্বের মূলে আঘাত করা হচ্ছে পরিকল্পিতভাবে। এর বিরুদ্ধে এখনই প্রতিরোধ গড়ে তোলার সময়। ফোবানা আমাদের সামনে সেই সুযোগ এনে দিয়েছে। মুক্তিযুদ্ধকে ধারণ করে শুরু হবে আমাদের পথচলা এবং প্রত্যয়।




ড. নবী বলেন, ফোবানা থেকে অবসর নিয়েছিলাম। কিন্তু যখন শুনলাম এবারের ফোবানা বঙ্গবন্ধুকে উৎসর্গ করা হয়েছে তখন ঘরে বসে থাকতে পারিনি। বাংলাদেশে বিভিন্ন সময়ে রেজিমের পরিবর্তন হয়েছে। কিন্তু কখনো বঙ্গবন্ধুকে অসম্মান করা হয়নি। বত্রিশ নম্বরে কেউ হাত দেয়নি। এখন বঙ্গবন্ধুর নাম মুছে ফেলার হীন চেষ্টা করা হচ্ছে স্বাধীনতা বিরোধীদের সাথে নিয়ে। এসব প্রচেষ্টা রুখে দিতে হবে।অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ফকির ইলিয়াস, জাকারিয়া চৌধুরী, দেওয়ান মনিরুজ্জামান, ড: দিলীপ নাথ, সুব্রত তালুকদার, বিশিষ্ট রিয়েল্টর মোহাম্মদ আজাদ, আব্দুল হামিদ ও রেজাউল করিম। শেষে সংগীত পরিবেশন করেন শাহ মাহবুব, রেশমি মীর্জা ও শিমুল খান।




# ব্রঙ্কসে সিলেট জেলা সমিতির বিজয় দিবস পালন

৬৪ পৃষ্ঠার পর

ও মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান অনুষ্ঠান।

অনুষ্ঠানের মধ্যে ছিল আলোচনা সভা, ১৪ জন বীরমুক্তিযোদ্ধাকে সম্মাননা স্মারক প্রদান ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। গত ২৫ ডিসেম্বর বৃহস্পতিবার বিকেলে নিউইয়র্ক ব্রঙ্কসের স্টার্লিং বাংলাবাজারের গোল্ডেন প্যালেস মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুষ্ঠানের আহবায়ক কফিল উদ্দিন চৌধুরী। প্রধান সমন্বয়কারী গোলাম রব্বানী ও রেজা আব্দুল্লাহ এর সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট কমান্ড কাউন্সিলের কমান্ডার বীরমুক্তিযোদ্ধা




মনজুর আহমদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা তোফায়েল আহমদ চৌধুরী, রাজনীতিবিদ আব্দুর রহিম বাদশা, আব্দুল শহীদ, আব্দুল মুহিত, বীরমুক্তিযোদ্ধা মেজর অব: হাবিবুর রহমান, হাজী খলির উদ্দিন ভূঁইয়া, বীরমুক্তিযোদ্ধা আব্দুল হালিম।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন মোঃ আব্দুস সালাম এবং গীতা পাঠ করেন শ্রী বিজয় কৃষ্ণ সাহা।



এরপর বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশনের সাথে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করা হয়।

দ্বিতীয় পর্বে মহান মুক্তিযুদ্ধের সকল শহীদদের স্মরণে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়।

আলোচনার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষ্ঠানের সদস্য সচিব সাজন খান,বক্তব্য রাখেন মূল ধারার রাজনীতিবিদ শেখ জামাল হোসেন,বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জামাল হোসেন, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি সোহেল আহমেদ টিটুল, আমেরিকান ওয়েলকেয়ার অর্গানাইজেশনের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম মিলন, সাবেক ক্রীড়াবিদ মাখন মিয়া, সাবেক বন কর্মকর্তা রেজাউল করিম, অধ্যক্ষ সানাউল্লাহ মিয়া, হাদেকুর রহমান, ব্যবসায়ী জামাল আহমেদ মামুন, আখতার হোসেন, হাসনেওয়া সময় মিয়া প্রমুখ। মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন বীরমুক্তিযোদ্ধা ক্যাপ্টেন ড.শাহজাহান, যুক্তরাষ্ট্র মুক্তিযোদ্ধা মেজর অব: হাবিবুর রহমান, বীরমুক্তিযোদ্ধা আব্দুস সালাম, বীরমুক্তিযোদ্ধা বিজয় কৃষ্ণ সাহা, ডেপুটি কমান্ডার বীরমুক্তিযোদ্ধা আবু জাফর। বক্তারা বলেন আজ আমাদের বাংলাদেশের স্বাধীনতা সংকটে নিমজ্জিত ।এই সংকট থেকে উত্তরণের জন্য স্বাধীনতার স্বপক্ষের সকল শক্তিকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন জনপ্রিয় সংগীতশিল্পী শশী, রুনা এবং বাবলা।

## যে রোগে সারাক্ষণ ক্লান্ত লাগে

২০ পৃষ্ঠার পর

না। কাইব্রোমায়ালজিয়ার ক্ষেত্রে সারা শরীরে ব্যথা হতে পারে। সকালে শরীরে জড়তা বা স্টিফনেস তৈরি হয়। ঘাড়, কাঁধ, পিঠে টেন্ডার পয়েন্ট, মানে কিছু বিন্দুতে ব্যথা বেশি হয়ে থাকে। মাথাব্যথা, ঘুমের সমস্যা ও ইরিটেবল বাওয়েল সিনড্রোম বা আইবিএসের মতো উপসর্গ থাকতে পারে।

এ দুই অবস্থায় বড় ধরনের শারীরিক সমস্যা না থাকলেও মস্তিষ্ক ব্যথাকে বেশি তীব্রভাবে অনুভব করে। ভয় বা দুশ্চিন্তা ব্যথা আরও বাড়ায়।

**চিকিৎসা ও ফিজিয়াট্রিক ব্যবস্থাপনা**

ধীরে ধীরে কাজের পরিমাণ বাড়ানো।

নিয়মিত হাঁটা, স্ট্রেচিং, হালকা ব্যায়াম করা।

গরম পানিতে ব্যায়াম উপকারী।

এমিট্রিপটাইলিন, ডুলোক্সেটিন বা প্রিগাবালিনের মতো ওষুধ সেবন।

হিট থেরাপি, স্ট্রেচ, ম্যানুয়াল থেরাপি নেওয়া যেতে পারে।

শ্বাসপ্রশ্বাস ব্যায়াম ও রিল্যাক্সেশন সংক্রান্ত ব্যায়াম করুন।

**প্রতিরোধে করণীয়**

২০ থেকে ৩০ মিনিট কাজের পর ৫ মিনিট করে বিশ্রাম নিন। ভারী কাজ করুন সকালের দিকে। পর্যাপ্ত পানি পান করতে হবে। নিয়মিত ঘুম হওয়া খুব জরুরি। স্ট্রেস কমানোর অভ্যাস করতে হবে। ব্যথা বাড়লে পুরো বিশ্রাম দরকার হয় না। এ সময় হালকা কাজ করা অব্যাহত রাখুন।

ক্রনিক ফ্যাটিগ সিনড্রোম বা ফাইব্রোমায়ালজিয়া চিকিৎসাযোগ্য। সঠিক শিক্ষা, ধীরে ধীরে ব্যায়াম, বিশ্রাম ও মানসিক স্বস্তি একসঙ্গে মিলেই রোগী ধীরে ধীরে স্বাভাবিক জীবনে ফিরতে পারেন।

লেখক: সহকারী অধ্যাপক, ফিজিক্যাল মেডিসিন বিভাগ, গ্রিন লাইফ মেডিকেল কলেজ, ঢাকা।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)







MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## শহীদ হাদির জন্য শ্রদ্ধাঞ্জলি

১২ পৃষ্ঠার পর

উপলব্ধির জগতে কোনো শূন্যতা নেই। মানুষের প্রত্যাশায় নেই কোনো বিভ্রান্তি। তবে একটি জিনিসের ঘাটতি আছে। আর তা হলো, ত্যাগের ও সাহসের চরম পরাকাষ্ঠা প্রদর্শনকারী নেতৃত্ব ও এমন নেতৃত্বের কমান্ডের অধীনে একটি সুশৃঙ্খল আদর্শবাদী রাজনৈতিক সংগঠন বা শক্তি। যে শক্তি জাতিকে দুর্দিনের দুর্গ শিরে বিজয় কেতন উড়িয়ে দেওয়ার সাহস জোগাবে। আমরা যদি সে রকম কিছু করতে পারি, তাহলেই শুধু একটি সুখী, সমৃদ্ধ, শান্তিপূর্ণ ও আত্মসম্মান বাংলাদেশ তৈরি করতে পারব। আমাদের শত্রুদের দ্বারা প্ররোচিত হওয়া চলবে না। খোঁপে-ঝাড়ে শত্রু খুঁজতে গিয়ে বিভ্রান্ত ও উতলা হওয়া চলবে না। আমরা যদি সে রকম অবিমৃশ্যকারিতায় লিপ্ত হই, তাহলে আমাদের ললাটে আরেকটি পলাশীর মৃত্যুরেখা অঙ্কিত হয়ে যাবে। আমাদের কোনো ফাঁদে পা দেওয়া চলবে না। জানতে হবে, কারা আমাদের শত্রু এবং কারা মিত্র। এটি চিহ্নিত করতে ব্যর্থ হলে, মহাদুর্যোগ নেমে আসবে। আমাদের মন্ত্র হবে, টিতবান প্রধান শত্রু, উৎখাতও প্রধান অর্থ। শত্রুর বৃত্ত যতি ছোট করে আনা যায়, ততেই মঙ্গল। ততেই বিজয়। জুলাই অভ্যুত্থানে এমনটি হয়েছিল বলেই ভারতের সেবাদাসী ফ্যাসিস্ট শেখ হাসিনার পতন সম্ভব হয়েছিল। তেমন ঐক্য ধরে রাখতে হবে। ১৮ ডিসেম্বর রাতে একদল দুর্বৃত্ত প্রথম আলো ও ডেইলি স্টার পত্রিকার ভবনে অগ্নিসংযোগ করে বড় ধরনের ক্ষতি করে। অগ্নিসংযোগে আক্রান্ত ডেইলি স্টারের সাংবাদিকরা ভবনের ছাদে উঠেছিলেন প্রাণরক্ষার জন্য। ভাগ্যক্রমে তারা এখনো বেঁচে আছেন। ডেইলি স্টার ভবনের সামনে সাংবাদিক ও সম্পাদক নূরুল কবীরকে হেনস্থা করা হয়েছে। নূরুল কবীর শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসন ও ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে অত্যন্ত সাহসী প্রতিবাদী কণ্ঠ হয়ে দাঁড়িয়েছিলেন। তাকে কেন অপমান করা হলো, কোন বিচারে এবং কোন স্বার্থে, তা বোধগম্য নয়। একথা সত্য, পত্রিকা দুটির সম্পাদকীয় নীতিমালার বিরুদ্ধে অনেকেরই ঘোর আপত্তি আছে। অনেকেই মনে করেন, পত্রিকা দুটি আধিপত্যবাদের স্বার্থের ধারক ও বাহকের ভূমিকায় অবতীর্ণ। কিন্তু পত্রিকা দুটির অফিস জ্বালিয়ে দেওয়াই কি সমস্যার সমাধান? কেন আমরা ওই পত্রিকা দুটির চেয়েও অনেক বেশি জোরালো ধারণাসম্পন্ন দেশভক্ত পত্রিকা প্রকাশ করতে পারি না? এ ব্যর্থতার গ্লানি কি আমাদের লজ্জিত করে না? শহীদ শরিফ ওসমান হাদি আমাদের কাছে সেই জিজ্ঞাসাই রেখে গেছেন। যে কেউ অনলাইনে তল্লাশি চালালে, হাদির কথাগুলো শুনতে পারবেন। গণতন্ত্রে বহু মত ও পথের প্রতিযোগিতা হয়। এ প্রতিযোগিতার মধ্য দিয়েই গণতন্ত্র প্রাণবন্ত হয়ে ওঠে। একজন মার্কিন প্রেসিডেন্ট বলেছিলেন, রাষ্ট্র ও স্বাধীন সংবাদপত্রের মধ্যে বাছাই করতে হলে, আমি রাষ্ট্রহীন স্বাধীন সংবাদপত্রই পছন্দ করব।

দুটি সংবাদপত্র অফিসে অগ্নিসংযোগের পর কে বা কারা লাভবান হয়েছে? আমার দৃষ্টিতে মনে হয়, এতে ভারতীয় আধিপত্যবাদই লাভবান হবে। কারণ, তারা বিশ্বময় প্রচার করবে, বাংলাদেশে একটি সভ্যতা-ভব্যতাহীন অপশক্তির অভ্যুদয় ঘটেছে এবং এদের কাছে কোনোরকম সৌন্দর্যবোধ ও সুকুমারবৃত্তির মূল্য নেই। এরা সভ্যতাবিরোধী বর্বর একটি গোষ্ঠী, ভারতীয় আধিপত্যবাদের এ প্রচারণা আমাদের জন্য খুবই ক্ষতিকর হবে। বুঝতে হবে, সম্ভবত একই অপশক্তি হাদিকে হত্যা করেছে এবং দুটি পত্রিকার অফিসে অগ্নিসংযোগ করেছে। এ অপশক্তির একটি মাত্র লক্ষ্য এবং তা হলো, বাংলাদেশে তাদের হারানো স্বর্গ পুনরুদ্ধার। এটি আমরা কোনো মতেই ঘটতে দিতে পারি না।

আততায়ীর হাতে হাদির মৃত্যু আমাদের মনে সেই আশঙ্কাই জাগায়, যা আরও অনেক দেশপ্রেমিককে গুপ্তহত্যার শিকার হওয়ার সম্ভাবনা। এখন চিরন্তন সচেতনতা ছাড়া আমরা আমাদের স্বাধীনতা রক্ষা করতে পারব না। তবে হামলার সময় সরকারের নীরবতা ছিল বিস্ময়কর। দেশের এ সংকটকালে রাষ্ট্রশক্তি যদি দোদুল্যমান থেকে ফেলে সঠিক অবস্থান নিতে না পারে, তাহলে দেশের জন্য সমূহ বিপদ অপেক্ষা করছে। আল্লাহ আমাদের সব দুর্বিপাক থেকে রক্ষা করুন, এটাই সময়ের প্রার্থনা।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## গর্ভাবস্থায় চুলকানি হলে করণীয়

২০ পৃষ্ঠার পর

ঠান্ডা পানি দিয়ে গোসল করবেন। অতিরিক্ত গরম পানি শুষ্কতা বাড়ায়।

অ্যালার্জির কিছু ওষুধ যেমন অ্যান্টি হিস্টামিন গর্ভাবস্থায় নিরাপদ কিন্তু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী খেতে হবে।

গর্ভাবস্থায় রোগ প্রতিরোধক্ষমতা কমে যায়। তাই ছোঁয়াচে বা সংক্রামক রোগ সহজেই আক্রমণ করে। ত্বকের সংক্রামক রোগ যেমন স্ক্যাবিস প্রতিরোধে অন্যের ব্যবহার্য জিনিস ব্যবহার করবেন না। ভিড় এড়িয়ে চলবেন।

তীব্র চুলকানি ও মৃদু জন্ডিস বা ফ্যাকাশে প্রস্রাব দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন।

চুলকানি বেশি হলে যকৃতের বিভিন্ন পরীক্ষা করতে হতে পারে।

লেখক: বিভাগীয় প্রধান, চর্মরোগ বিভাগ, গ্রিন লাইফ মেডিকেল কলেজ, ঢাকা।

## ডায়েট করতে চাইলেও নারীরা কেন প্রায়ই বেশি খেয়ে ফেলেন?

২০ পৃষ্ঠার পর

অন্যদিকে মানসিক চাপে থাকা ব্যক্তির দেহে কর্টিসল হরমোনের মাত্রা বেশি থাকে, যার প্রভাবে তিনি বেশি খেয়ে ফেলতে পারেন। নারীর ক্ষেত্রে এসব বিষয় বেশি ঘটতে দেখা যায়। কারণ, হরমোনের প্রভাবে নারীর আবেগের ধরন বেশ বৈচিত্র্যময় হয়ে থাকে। আবার অধিকাংশ পরিবারে নানা ধরনের কাজের চাপ একজন নারীর ওপরই বেশি থাকে।

সেখানে রান্নাবান্না, ঘর গোছানো, সন্তান পালন, বয়োজ্যেষ্ঠদের দেখভাল করার মতো কাজগুলোর দায়িত্ব থাকে নারীর ওপরই। এমনকি গৃহকর্মী থাকলে সেই দিকটার তত্ত্বাবধান করতে হয় তাঁকে।

আবার এত কাজের জন্য অনেক পরিবারে নারীর কোনো স্বীকৃতিও থাকে না। সব মিলিয়ে মানসিক চাপ এবং বিষণ্নতার ঝুঁকি অনেক বেশি থাকে একজন নারীর।

এ ছাড়া অনেক নারীর পর্যাপ্ত ঘুমও হয় না। কম ঘুমালেও বেশি খাওয়ার প্রবণতা সৃষ্টি হতে পারে।

**সামাজিক চাপে ভুল ডায়েট অনুসরণ**

স্থূলতার জন্য একজন নারী অনেক সময়ই সামাজিকভাবে তুলনামূলক বেশি হেয়প্রতিপন্ন হন। এই চাপে পড়ে অনেকে নিজের মতো করে একটা ডায়েট অনুসরণ করতে শুরু করেন, যা তাঁর উপযোগী না-ও হতে পারে। কেউ আবার এক বা একাধিক বেলার খাবার একেবারে বাদও দিয়ে দেন।

এসব ভুলের কারণে যে কারও দেহে খাবারের বাড়তি চাহিদা সৃষ্টি হতে পারে। হুট করে বেশি খেয়ে ফেলতে পারেন তিনি। আবার বেশি খাওয়ার পর অনুশোচনায়ও ভুগতে পারেন। অনুশোচনার মতো কষ্টদায়ক অনুভূতি সামলাতে আবার তিনি বেশি খেয়ে ফেলতে পারেন। একটা চক্রের মতো চলতে পারে বিষয়টা।

**সমাধান কী**

একজন বিশেষজ্ঞের তত্ত্বাবধানে ডায়েট অনুসরণ করা উচিত। ডায়েট অনুসরণ করতে গিয়ে কার ক্ষেত্রে ঠিক কোন কারণে অতিরিক্ত ক্যালরি গ্রহণ হচ্ছে, তা জেনে নিয়ে সেই অনুযায়ী ব্যবস্থা দেবেন তিনি।

তবে যিনিই একটি ডায়েট অনুসরণ করা শুরু করবেন, তাঁর জন্যই খুব গুরুত্বপূর্ণ বিষয় হলো মানসিকভাবে নিজেকে স্থির রাখার চেষ্টা করা। কারও চাপে পড়ে নয়, মন থেকে নিজের সুস্থতার জন্য ডায়েট অনুসরণ করা শুরু করলে তা ধরে রাখা সহজ হয়।

## শীতে নবজাতকদের উষ্ণ রাখা এত গুরুত্বপূর্ণ কেন, করণীয় কী

২০ পৃষ্ঠার পর

নবজাতকের গায়ে র‍্যাশ বা অ্যালার্জি হতে পারে। খসখসে কিংবা শক্ত কাপড়ে ক্ষতি হতে পারে তাদের সংবেদনশীল ত্বকের। নবজাতকের ওপর কম্বল দেওয়া যেতে পারে।

নবজাতকের মাথায় টুপি পরানোর কথা ভুললে চলবে না, হাত ও পায়ে মোজা পরিয়ে রাখতে হবে।

যে পোশাকই পরানো হোক না কেন, সেটি যাতে অতিরিক্ত না হয়ে যায়, সেদিকে খেয়াল রাখা জরুরি। শিশু যেন ঘেমে গিয়ে ঠান্ডা লেগে না যায়, সেদিকেও লক্ষ রাখতে হবে। শিশুকে পোশাক পরিয়ে দেওয়ার পর তার কাপড়ের নিচে হাত দিয়ে দেখতে হবে শিশুর শরীর গরম আছে কি না। অতিরিক্ত গরম বা ঘেমে গেছে বলে মনে হলে কাপড়ের পরিমাণ কমিয়ে দিতে হবে।

**পোশাকের ধরন**

নবজাতকের শীতের পোশাক নির্বাচনের ক্ষেত্রে দেখতে হবে পোশাকটি যেন বেশি ভারী অথবা খসখসে না হয়। শীতের পোশাকের কাপড় সুতি, নরম উল, ফ্লানেল কাপড়ের হলে পরে আরাম পাবে।

হালকা শীত থেকে শুরু করে তীব্র শীতে পরার উপযোগী বাহারি নকশা ও আকারের সোয়েটার, জ্যাকেট, হুডি জ্যাকেট, হুডি সোয়েটার, পায়জামাসহ নানা ধরনের পোশাক শীতে নবজাতকদের জন্য বেশ উপযোগী ও আরামদায়ক।

মেয়ে ও ছেলেশিশুর জন্য ভিন্ন ভিন্ন নকশার শীত পোশাক পাওয়া যায়। এ ছাড়া চাইলেই নির্দিষ্ট সেট, কম্বল ইত্যাদিও ব্যবহার করা যেতে পারে।

**পোশাক পরিষ্কারের সময় যা খেয়াল রাখবেন**

নবজাতকের শীতের পোশাক, কম্বল যেন সহজে পরিষ্কার করা যায়, সেদিকে খেয়াল রাখতে হবে। শীতে এমনিতেই বাতাসে ধুলাবালির পরিমাণ বেশি থাকে। তাই শীতের জামা কাপড় প্রতি সপ্তাহে এবং প্রয়োজন হলে আরও অল্প সময় ব্যবধানে ভালোভাবে সাবান দিয়ে ধুয়ে পরিষ্কার করতে হবে। ধুয়ে রোদে শুকিয়ে নেওয়া উত্তম। একই পোশাক যেন না পরিষ্কার করে টানা বেশি দিন ব্যবহার না করা হয়, সেদিকে খেয়াল রাখতে হবে।

অবশ্যই নজর রাখতে হবে নবজাতকের মুখ যেন খোলা থাকে, পোশাকের অংশবিশেষ বা কম্বল দিয়ে নাকমুখ ঢেকে রাখা যাবে না। এতে শ্বাসপ্রশ্বাসের সমস্যা হতে পারে।

নবজাতককে কিছুক্ষণ পরপরই খেয়াল রাখতে হবে, দেখতে হবে কোনো অসুবিধা হচ্ছে কি না। কোনো সমস্যা হলে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে চিকিৎসকের শরণাপন্ন হোন।

লেখক: বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর।


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ব প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
হোটেল বুকিং
HOTEL
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH
AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com



## বাংলার লুথার কিং'র ঐক্যের ডাক

১ পৃষ্ঠার পর

বাংলাদেশের মাটিতে দাঁড়িয়ে বিএনপির একজন সদস্য হিসেবে আপনাদের সকলের সামনে আমি বলতে চাই- 'আই হ্যাভ অ্যা প্ল্যান ফর দ্য পিপল অব মাই কান্ট্রি, ফর মাই কান্ট্রি।' তাঁর এই পরিকল্পনায় দেশের মানুষের স্বার্থে, দেশের উন্নয়নের জন্য, দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন জন্য বাস্তবায়ন করতে প্রত্যেক মানুষের সহযোগিতা লাগবে উল্লেখ করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান আরও বলেন, 'আপনারা যদি আমাদের পাশে থাকেন, আমাদের সহযোগিতা করেন, ইনশাআল্লাহ আমরা 'আই হ্যাভ আ প্ল্যান' বাস্তবায়ন করতে সক্ষম হবো। আমরা সকলে যদি ঐক্যবদ্ধ হই, যদি সকলে প্রতিজ্ঞাবদ্ধ হই, তাহলে লাখ-কোটি মানুষের প্রত্যাশাগুলো পূরণ করতে পারি ইনশাআল্লাহ। আমরা চাই সকলে মিলে এমন একটি বাংলাদেশ গড়ে তুলবো, যে বাংলাদেশের স্বপ্ন একজন মা দেখেন। একটি নিরাপদ বাংলাদেশ আমরা গড়ে তুলতে চাই। যে বাংলাদেশে একজন নারী, একজন পুরুষ, একজন শিশু- সেই হোক না কেন নিরাপদে ঘর থেকে বের হলে যেন নিরাপদে ইনশাআল্লাহ ঘরে আবার ফিরে আসতে পারে'।

জননেতা তারেক রহমান বলেন, 'বাংলাদেশের মানুষ আজ তাদের মৌলিক অধিকার পুনরুদ্ধার করতে চায়। কথা বলার অধিকার ফিরে পেতে চায়। গণতান্ত্রিক অধিকার ফিরে পেতে চায়। মানুষ চায় তারা তাদের যোগ্যতা অনুযায়ী ন্যায্য অধিকার পাবে। আজ আমাদের সময় এসেছে সকলে মিলে দেশ গড়ার। এই দেশে যেমন পাহাড়ের মানুষ আছে, একইভাবে সমতলের মানুষ আছে। এই দেশে মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান, হিন্দুসহ বিভিন্ন ধর্মের মানুষের বসবাস।'

গত ২৫ ডিসেম্বর তারেক রহমান লন্ডন থেকে সরাসরি বাংলাদেশ বিমানের নিয়মিত একটি ফ্লাইটে সিলেটে যাত্রাবিরতী করে ঢাকায় অবতরণ করেন। এদিন ভোর থেকে রাজধানী ঢাকা লাখ লাখ মানুষের পদচারণায় স্থির হয়ে দাঁড়িয়েছিল





তাদের প্রিয় নেতার অপেক্ষায়। তিনি বিমানবন্দরে অবতরণ করার পর খালি পায়ে হেঁটে হাত দিয়ে বাংলাদেশের মাটি স্পর্শ করে নীরবে বসেছিলেন। এ সময় আবেগঘন এক পরিবেশের সৃষ্টি হয়। এই মাটিতেই ৬০ বছর আগে তাঁর জন্ম ও বেড়ে উঠা। মিথ্যা মামলা ও রাজনৈতিক বেড়াজালে বন্দি অবস্থায় নির্যাতন করে তারেক রহমানকে দেশ ছাড়তে বাধ্য করা হয়। অন্যদিকে আপসহীন নেত্রী তাঁর মা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে কারাগারে নিক্ষেপ করা হয়। তিনি দীর্ঘদিন কারাভোগ শেষে গুরুতর অসুস্থ অবস্থায় এখন ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধিন রয়েছেন।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অদূরে আয়োজিত ঐতিহাসিক এই গণসংবর্ধনা বাংলাদেশে নজিরবিহীন এক ঘটনা। আন্তর্জাতিক মহল অত্যন্ত ঘনিষ্ঠভাবে পরিস্থিতি পর্যবেক্ষণ করেছে। বিশেষ করে ভারতের প্রভাবশালী মিডিয়া 'দি হিন্দু', এনডিটিভি, আনন্দবাজার পত্রিকা তারেক রহমানকে মার্টিন লুথার কিং-এর বিখ্যাত বক্তব্য 'আই হ্যাভ এ ড্রিম' এর মতো 'আই হ্যাভ এ প্ল্যান' বলে উল্লেখ করে রিপোর্ট প্রকাশ করেছে। 'দি হিন্দু' তারেক রহমানের ভাষণের প্রশংসা করে তাদের অন লাইনে লিড নিউজ প্রকাশ করেছে। ভারতের মিডিয়া তারেক রহমানের প্রত্যাবর্তনকে ইতিবাচকভাবে প্রকাশ করেছে যা আগে কোনদিন হয়নি।

মৌলিক অধিকার পুনরুদ্ধার, গণতন্ত্র প্রতিষ্ঠা এবং সব ধর্ম ও শ্রেণি-পেশার মানুষকে সঙ্গে নিয়ে নিরাপদ রাষ্ট্র গঠনের আহ্বান জানিয়ে তারেক রহমান বলেন, 'শহীদদের রক্তের ঋণ শোধ করার একমাত্র পথ হলো ঐক্যবদ্ধ হয়ে প্রত্যাশিত বাংলাদেশ গড়ে তোলা। ১৯৭১ সালে এই দেশের মানুষ যেমন স্বাধীনতা অর্জন করেছিল, ২০২৪ সালে ছাত্র-জনতা, কৃষক, শ্রমিক, গৃহবধূ, নারী-পুরুষ, মাদ্রাসার ছাত্রসহ দলমত ও শ্রেণি-পেশা নির্বিশেষে সব মানুষ ৫ আগস্ট দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষা করেছিল'। মুক্তিযুদ্ধ ও সাম্প্রতিক আন্দোলনের শহীদদের কথা স্মরণ করে তারেক রহমান বলেন, '১৯৭১ সালে আমাদের শহীদরা নিজের জীবন উৎসর্গ করেছিলেন একরকম একটি বাংলাদেশ গঠনের জন্য।' তিনি অভিযোগ করেন, ১৫ বছরের স্বৈরাচারের আমলে হাজারো মানুষ গুম-খুনের শিকার হয়েছে। শুধু রাজনৈতিক দলের সদস্য নয়, নিরীহ মানুষও প্রতিবাদ করতে গিয়ে অত্যাচার ও নির্যাতনের শিকার হয়েছে, জীবন দিয়েছেন। ২০২৪ সালে আমরা দেখেছি তরুণ প্রজন্মের সদস্যরা কীভাবে নিজের জীবন উৎসর্গ করেছে দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষা করার জন্য।' সম্প্রতি শহীদ শরিফ ওসমান হাদির প্রসঙ্গ টেনে তারেক রহমান বলেন, 'কয়েক দিন আগে এই বাংলাদেশের ২৪-এর আন্দোলনের সাহসী প্রজন্মের সাহসী সদস্য ওসমান হাদিকে হত্যা করা হয়েছে। ওসমান হাদি শহীদ হয়েছেন। ওসমান হাদি চেয়েছিল এই দেশের মানুষের জন্য গণতন্ত্র প্রতিষ্ঠিত হোক। এই দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত হোক। এই দেশের মানুষ তাদের গণতান্ত্রিক এবং অর্থনৈতিক অধিকার ফিরে পাক।' সব শহীদের রক্তের ঋণ শোধ করার আহ্বান জানিয়ে তিনি বলেন, '২৪-এর আন্দোলনে যারা শহীদ হয়েছেন ওসমান হাদিসহ, ৭১-এ যারা শহীদ হয়েছেন, বিগত স্বৈরাচারের সময় বিভিন্নভাবে খুন-গুমের শিকার হয়েছেন। এই মানুষগুলোর রক্তের ঋণ শোধ করতে আসুন আমরা প্রত্যাশিত বাংলাদেশ গড়ে তুলবো। যেখানে আমরা সকলে মিলে কাজ করবো। যেখানে আমরা সকলে মিলে আমাদের প্রত্যাশিত বাংলাদেশ গড়ে তুলবো।' তারেক রহমান বলেন, 'আধিপত্যবাদী শক্তির অপচরেরা বিভিন্নভাবে ষড়যন্ত্রে এখন লিপ্ত রয়েছে। আমাদের ধৈর্যশীল হতে হবে, ধৈর্য ধারণ করতে হবে।' তরুণ প্রজন্মের উদ্দেশে তিনি বলেন, 'আপনারাই আগামী দিনে দেশকে নেতৃত্ব দেবেন, দেশকে গড়ে তুলবেন। এই দায়িত্ব তরুণ প্রজন্মের সদস্যদের আজ গ্রহণ করতে হবে। যাতে করে এই দেশকে আমরা সুন্দরভাবে গড়ে তুলতে পারি। শক্ত গণতান্ত্রিক ও শক্তিশালী অর্থনৈতিক ভিত্তির ওপর গড়ে তুলতে পারি।'

এসময় মঞ্চে উপস্থিত নেতাদের কথা উল্লেখ করে তারেক রহমান বলেন, 'আমার সঙ্গে আজ মঞ্চে বহু জাতীয় নেতৃবৃন্দ বসে আছেন। আসুন আমরা দুহাত তুলে আল্লাহর দরবারে দোয়া করে আল্লাহর রহমত চাই। যে জাতীয় নেতৃবৃন্দ মঞ্চে আছেন, বাইরে আছেন, আমরা সকলে মিলে নেতৃত্ব দিয়ে জনগণের প্রত্যাশিত বাংলাদেশ গড়ে তুলতে চাই। আমাদের যে কোনো মূল্যে দেশের শান্তিশৃঙ্খলা রক্ষা করতে হবে। যে কোনো উস্কানির মুখে ধীর-শান্ত থাকতে হবে। আমরা দেশের শান্তি চাই, আমরা দেশের শান্তি চাই, আমরা দেশের শান্তি চাই।' 'আসুন আমরা সকলে মিলে প্রতিজ্ঞা করি, ইনশাআল্লাহ আগামী দিনে দেশের দায়িত্বে যারা আসবে, আমরা সকলে নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যে ন্যায়পরায়ণতা সেই ন্যায়পরায়ণতার আলোকে দেশ পরিচালনার সর্বোচ্চ চেষ্টা করবো'। তাঁর মা খালেদা জিয়া সম্পর্কে তারেক রহমান বলেন, 'এই একটি মানুষ, যে মানুষটি এই দেশের মাটি, এই দেশের মানুষকে নিজের জীবনের থেকেও বেশি ভালোবেসেছেন। তার সাথে কী হয়েছে আপনারা প্রত্যেকে সে সম্পর্কে অবগত আছেন। সন্তান হিসেবে আপনাদের কাছে চাইবো, আজ আল্লাহর দরবারে আপনারা দোয়া করবেন যাতে আল্লাহ উনাকে তৌফিক দেন, উনি যাতে সুস্থ হতে পারেন।' বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, 'আমরা যে ধর্মেরই মানুষ হই, যে শ্রেণিরই মানুষ হই, যে রাজনৈতিক দলের সদস্যই হই, অথবা একজন নির্দলীয় ব্যক্তি হই- আমাদের নিশ্চিত করতে হবে- যে কোনো মূল্যে দেশের শান্তিশৃঙ্খলা ধরে রাখতে হবে। যে কোনো মূল্যে যে কোনো বিশৃঙ্খলা পরিত্যাগ করতে হবে। যে কোনো মূল্যে নিশ্চিত করতে হবে মানুষ যাতে নিরাপদ থাকতে পারে। এই হোক আমাদের আজকের চাওয়া।'

তারেক রহমান ঢাকায় ফেরার পর প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূসকে ফোন করে ধন্যবাদ জানান তাঁর এবং পরিবারের জন্য সুশৃঙ্খল নিরাপত্তার আয়োজন করার জন্য। বিমানবন্দর থেকে শতশত সেনা সদস্য তাঁকে বহনকারী বাসটিকে ঘিরে হেঁটে রাজপথ পাড়ি দিয়েছেন। বিজিবি, পুলিশ, আনসারসহ বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যরা কঠোর নিরাপত্তা বলয় তৈরি করেছিলেন। রাজধানী ঢাকা ছিল তিনস্তরের নিরাপত্তা চাদরে ঢাকা। সংবর্ধনা শেষে তারেক রহমান হাসপাতালে তাঁর মায়ের সঙ্গে দেখা করে বাসায় ফেরেন বলে জানা যায়।

## জানুয়ারি থেকে নিউইয়র্কে আবারও বাড়ছে বেতন

১ পৃষ্ঠার পর

ওয়েস্টচেস্টার কাউন্টিতে রাজ্যের সর্বনিম্ন মজুরি প্রতি ঘণ্টায় ১৬.৫০ ডলার থেকে বেড়ে ১৭ ডলার হবে। রাজ্যের বাকি অংশের জন্য, এটি প্রতি ঘণ্টায় ১৫.৫০ ডলার থেকে বেড়ে ১৬ ডলার হবে। এই সমন্বয়টি ২০২৩ সালে গভর্নর ক্যাথি হোকুল এবং রাজ্য আইনসভার মধ্যে মুদ্রাস্ফীতির সাথে সর্বনিম্ন মজুরিকে যুক্ত করার একটি চুক্তির অংশ। আইন অনুসারে, ২০২৬ সালে সর্বনিম্ন মজুরি আরও ৫০ সেন্ট বাড়বে এবং তারপর ২০২৭ সাল থেকে প্রতি বছর উত্তর-পূর্ব অঞ্চলের শহুরে মজুরি উপার্জনকারী এবং কেরানি কর্মীদের জন্য ভোক্তা মূল্য সূচক দ্বারা নির্ধারিত হারে বৃদ্ধি পাবে, যা মুদ্রাস্ফীতির একটি আঞ্চলিক পরিমাপ। তবে, বেকারত্ব বাড়লে সর্বনিম্ন মজুরি বাড়বে না। সোমবার এক বিবৃতিতে হোকুল বলেন, "মন্টকের শীর্ষ থেকে নায়াগ্রা জলপ্রপাত পর্যন্ত, এই বৃদ্ধি নিউইয়র্কবাসীদের পকেটে টাকা ফিরিয়ে দেওয়ার এবং আমাদের কঠোর পরিশ্রমী কর্মীদের উন্নত করার আমাদের প্রতিশ্রুতির প্রতিফলন। "এই বিনিয়োগগুলো অব্যাহত রেখে এবং মজুরিকে মুদ্রাস্ফীতির সাথে যুক্ত করার মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে নিউইয়র্কবাসীরা আরও বেশি অর্থ ঘরে নিয়ে গিয়ে ক্রমবর্ধমান ব্যয়ের সাথে তাল মিলিয়ে চলতে পারবে। মার্কিন যুক্তরাষ্ট্রে ফেডারেল সর্বনিম্ন মজুরি ২০০৯ সাল থেকে প্রতি ঘণ্টায় ৭.২৫ ডলারে স্থির রয়েছে, তবে রাজ্য এবং কিছু স্থানীয় কর্তৃপক্ষ এর চেয়ে বেশি পরিমাণ নির্ধারণ করতে পারে। নিউইয়র্ক রাজ্য শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ার্ডন এক বিবৃতিতে বলেছেন, 'ব্যয় বৃদ্ধির সাথে সাথে, এই বৃদ্ধিটি কর্মীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যারা সংসার চালাতে হিমশিম খাচ্ছেন। আমি গভর্নর হোকুল এবং আইনসভাকে নিউইয়র্কের শ্রমশক্তিকে সমর্থন করার জন্য তাদের চলমান প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই।'

## হাদি'র জন্য লিগ্যাল নেটওয়ার্ক এর দোয়া মেহফিল

৩ পৃষ্ঠার পর

রাজনীতিতে বহুদিন থেকে পরিবারতন্ত্র প্রভাব বিস্তার করে চলছে, যেমন নেতার সন্তানই নেতা হবে অথবা মন্ত্রীর সন্তান মন্ত্রী হবে এটাই দীর্ঘদিন ধরে চলে আসছে। তার ধারণা হাদি হত্যার পিছনে এটাই সবচেয়ে বড় কারণ হতে পারে, কারণ ব্যাখ্যা করতে গিয়ে জ্যাকসন মিল্টন বলেন, হাদি কোনো মন্ত্রী অথবা বড় রাজনীতিবিদের পরিবার থেকে আসেননি। হাদি অত্যন্ত সাধারণ পরিবার থেকে উঠে এসে অল্প সময়ের মধ্যে তার মেধা, পরিশ্রম, বিনয়ী ও প্রকৃত খাঁটি দেশপ্রেমের মাধ্যমে কোটি জনতার হৃদয়ে স্থান করে নিয়েছিলেন। হতে পারে এটাই ছিল তাকে হত্যা করার মূল টার্গেট। কেননা আমাদের লোভী ও অসৎ অনেক রাজনীতিবিদ এবং নেতাদের এটা মেনে নেয়া কষ্ট হচ্ছিলো। তাই তারা ভেবেছে হাদিকে শেষ করে দিতে পারলে তাদের পথের কাটা দূর হয়ে যাবে। কিন্তু তাদের এই ন্যাক্কারজনক ভূমিকায় জাতি একজন মেধাবী, দুর্দান্ত সাহসী, বিপ্লবী নেতা ও সমাজ সংস্কারককে হারালো। এই অভাবনীয় ক্ষতি কোনো দিন পূরণ হবার নয়। তিনি তার আত্মার শান্তি ও জান্নাত কামনা করেন। সেই সাথে দেশের সমস্ত নেতৃবৃন্দকে সৎ থেকে দেশের কল্যাণে কাজ করার আহবান জানান এবং পতিত ফ্যাসিস্ট সরকার ও নেতাদের লুটপাট ও শেষ পরিণতির প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

## ভারতের অরুণাচলকে যুক্ত করতে চায় চীন

৩ পৃষ্ঠার পর

অক্টোবর মাসে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) বরাবর অবশিষ্ট সংঘাতপূর্ণ এলাকা থেকে সেনা প্রত্যাহারে দুই দেশ একটি সমঝোতায় পৌঁছানোর ঘোষণা দেয়। এই ঘোষণার দু'দিন পর ব্রিকস সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের বৈঠক হয়। ওই বৈঠকের পর সীমান্ত ব্যবস্থাপনা, সরাসরি ফ্লাইট, ভিসা সহজীকরণ এবং শিক্ষাবিদ ও সাংবাদিক বিনিময়সহ বিভিন্ন বিষয়ে মাসিক উচ্চপর্যায়ের আলোচনা শুরু হয়।

পেন্টাগনের মূল্যায়নে বলা হয়েছে, এলএসি বরাবর উত্তেজনা কমিয়ে ভারত-চীন সম্পর্ক স্থিতিশীল রাখতে এবং যুক্তরাষ্ট্র-ভারত ঘনিষ্ঠতা আরও গভীর হওয়া ঠেকাতে চাইছে বেইজিং। তবে পারস্পরিক অবিশ্বাসের কারণে ভারত সতর্ক অবস্থানেই থাকবে এবং এই অবিশ্বাস সম্পর্কের ওপর প্রভাব ফেলবে বলে প্রতিবেদনে ধারণা দেওয়া হয়েছে।

পেন্টাগনের মূল্যায়ন অনুযায়ী, চীন তিনটি বিষয়কে আপসহীন 'মূল স্বার্থ' হিসেবে চিহ্নিত করেছেচীনা কমিউনিস্ট পার্টির নিয়ন্ত্রণ বজায় রাখা, অর্থনৈতিক উন্নয়ন এবং ভূখণ্ড ও সার্বভৌমত্ব সংক্রান্ত দাবির প্রতিরক্ষা ও সম্প্রসারণ।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, চীনা কমিউনিস্ট পার্টি এ বিষয়ে অত্যন্ত সংবেদনশীল যে, তারা যদি চীনের স্বার্থ রক্ষায় ব্যর্থ হচ্ছেএমন কোনো ধারণা তৈরি হয়, তবে তা তাদের বৈধতার জন্য হুমকি হয়ে দাঁড়াতে পারে।

## যুক্তরাষ্ট্রের স্টুডেন্ট ভিসা হঠাৎ করেই হ্রাস

১ পৃষ্ঠার পর

সংখ্যা একবারে হতে গোনা। এর সংখ্যা মাত্র ৩৩৫। যুক্তরাজ্যেও বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশি ছাত্র ভর্তি বন্ধ করে দিয়েছে। বাংলাদেশি শিক্ষার্থীদের স্বর্গ ছিল অস্ট্রেলিয়া। স্টুডেন্ট ভিসা প্রাপ্তিতে অস্ট্রেলিয়াতে বাংলাদেশ ছিল ২ নম্বরে। কিন্তু হঠাৎ করেই তা বন্ধের উপক্রম। ডিসেম্বরের প্রথম ২ সপ্তাহে প্রায় ২ শতাধিক শিক্ষার্থীর ভিসা আবেদন নাকচ হয়েছে। সংশ্লিষ্টরা ধারণা করছেন, বাংলাদেশের রাজনৈতিক ও আইন শৃংখলার চরম অবনতির কারণেই এমন ঘটনা ঘটছে।

মার্কিন সংবাদমাধ্যমের এক প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ থেকে ২০২৫ সালের শরৎকালের মধ্যে দেশটির বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন বিদেশি শিক্ষার্থীদের ভর্তি ১৭ শতাংশ কমে গেছে। ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল এডুকেশনের এক প্রতিবেদনের বরাতে বিশ্লেষণধর্মী সংবাদমাধ্যম ইউএসনিউজ তাদের এক নিবন্ধে লিখেছে, মার্কিন বিশ্ববিদ্যালয়গুলোতে বিদেশি শিক্ষার্থীদের ভর্তি কমছে দ্রুত। আন্তর্জাতিক শিক্ষাবিদদের সমিতির ধারণা, এতে প্রায় ১১ বিলিয়ন ডলার রাজস্ব এবং প্রায় ২৩,০০০ কর্মসংস্থানের সুযোগ হারানোর সম্ভাবনা।

ইমিগ্রান্ট এক্সপার্টদের ধারণা, প্রেসিডেন্ট ট্রাম্পের ইমিগ্রেশন বিরোধী অবস্থানের কারনে নেতিবাচক প্রভাব পড়ছে সর্বত্র। মার্কিন বিশ্ববিদ্যালয় ও কলেজগুলো বিদেশি ছাত্র সংকটে পড়ছে। অর্থনৈতিক চাপের মধ্যে পড়ছে তারা। বিদেশী ছাত্ররা দ্বিগুন টিউশন ফি দিয়ে যুক্তরাষ্ট্রের শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করে। এতে তাদের আয় কমে যাচ্ছে।

## অবৈধ অভিবাসীদের গুদামে রাখতে চান ট্রাম্প

৬৪ পৃষ্ঠার পর



সত্যতা নিশ্চিত করতে পারছেন না এবং গুদাম পরিকল্পনা নিয়ে কোনো প্রশ্নের উত্তর দিতেও রাজি হননি। তবে এর আগে এনবিসি এবং ব্লুমবার্গ নিউজ গুদামগুলোকে আটক কেন্দ্র হিসেবে ব্যবহারের বিষয়ে আইসিই-এর অভ্যন্তরীণ আলোচনার খবর দিয়েছিল।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের লাখ লাখ অভিবাসীকে আটক ও বিতাড়ন অভিযানের পরবর্তী পদক্ষেপ হলো এই গুদাম পরিকল্পনা। এ বছর কংগ্রেস অভিবাসীদের আটকে রাখার জন্য ৪৫ বিলিয়ন ডলার বরাদ্দ দিয়েছে। সেই অর্থ ব্যবহার করে প্রশাসন পরিত্যক্ত কারাগার সচল করেছে, সামরিক ঘাঁটির অংশ বিশেষ সংস্কার করেছে এবং রিপাবলিকান গভর্নরদের সঙ্গে মিলে দুর্গম এলাকায় অভিবাসীদের জন্য তাঁবু শিবির তৈরি করেছে। বর্ডার জার টম হোমান সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে জানিয়েছেন, চলতি বছর প্রশাসন ৫ লাখ ৭৯ হাজারেরও বেশি মানুষকে নিজ দেশে ফেরত পাঠিয়েছে। আইসিই-এর ভারপ্রাপ্ত পরিচালক টড এম লিয়নস গত এপ্রিলে এক সম্মেলনে বলেছিলেন, 'আমাদের এটাকে ব্যবসার মতো পরিচালনা করতে শিখতে হবে।' প্রশাসনের লক্ষ্য হলো অ্যামাজন যেভাবে তাদের প্যাকেজ পৌঁছে দেয়, ঠিক সেভাবেই অভিবাসীদের দ্রুত ফেরত পাঠানো।

তবে রিয়েল এস্টেট বিশেষজ্ঞরা বলছেন, গুদামে বিপুলসংখ্যক মানুষকে রাখা লজিস্টিক সমস্যা তৈরি করবে। এসব স্থাপনা মূলত মালামাল রাখার জন্য তৈরি, মানুষের বসবাসের জন্য নয়। সেখানে বাতাস চলাচলের সুব্যবস্থা বা সঠিক তাপমাত্রা নিয়ন্ত্রণের অভাব থাকে। এ ছাড়া আবাসিক এলাকা থেকে দূরে হওয়ায় হাজার হাজার মানুষের জন্য প্রয়োজনীয় পানি ও পয়োনিষ্কাশন ব্যবস্থা সেখানে নাও থাকতে পারে।

নিউ অরলিন্সের একজন অধিকারকর্মী তানিয়া উলফ বলেন, 'এটি অমানবিক। মানুষকে পশুর মতো বিবেচনা করা হচ্ছে।' আইসিই অবশ্য বলছে, তারা এই কাঠামোতে অনেক পরিবর্তন আনবে। সেখানে গোসলখানা, টয়লেট, রান্নাঘর, ডাইনিং এরিয়া, মেডিকেল ইউনিট এবং বিনোদন কেন্দ্রসহ প্রশাসনিক অফিস তৈরি করা হবে। কোনো কোনো কেন্দ্রে পরিবারের জন্য বিশেষ আবাসন ব্যবস্থাও থাকবে।

পরিকল্পিত গুদামগুলোর বেশির ভাগই রিপাবলিকান শাসিত এলাকায় হলেও দুটি বড় গুদাম ডেমোক্র্যাট শাসিত ভার্জিনিয়ার স্ট্যাফোর্ড এবং মিজৌরির ক্যানসাস সিটিতে করার কথা রয়েছে। আইসিই-এর তথ্য অনুযায়ী, চলতি মাসের শুরুতে আটক অভিবাসীর সংখ্যা ছিল ৬৮ হাজারেরও বেশি, যা এযাবৎকালের রেকর্ড। তাদের মধ্যে প্রায় ৪৮ শতাংশের বিরুদ্ধে কোনো অপরাধের সাজা বা অভিযোগ নেই।

অভিজ্ঞ কর্মকর্তারা বলছেন, এত বড় স্থাপনা পরিচালনা করা কঠিন হবে। বিশেষ করে প্রশিক্ষিত নিরাপত্তা কর্মী ও চিকিৎসা কর্মী পাওয়া বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে। যেমন, ফোর্ট ব্লিস সাইটে বর্তমানে প্রয়োজনীয় নিরাপত্তা কর্মীর মাত্র দুই-তৃতীয়াংশ নিয়োগ দেওয়া সম্ভব হয়েছে। সাবেক আইসিই চিফ অব স্টাফ জেসন হাউজারের মতে, 'গুদাম হয়তো অনেক পাওয়া যাবে, কিন্তু সেগুলো নিরাপদে চালানোর সক্ষমতা সব সময়ই জনবলের ওপর নির্ভর করে।'

## স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ছাড়লে ৩ হাজার ডলার

৬৪ পৃষ্ঠার পর

অভিবাসীদের নিজ দেশে ফেরার জন্য বিনা মূল্যে বিমান টিকিটও দেওয়া হবে।

এ বিষয়ে কড়া হুঁশিয়ারি দিয়ে হোমল্যান্ড সিকিউরিটি সচিব ক্রিস্টি নোম এক বিবৃতিতে বলেন, 'অবৈধ অভিবাসীদের উচিত এই উপহারটি গ্রহণ করে স্বেচ্ছায় দেশত্যাগ করা। তারা যদি তা না করেন, তাহলে আমরা তাদের খুঁজে বের করে গ্রেপ্তার করব। সেক্ষেত্রে তারা আর কখনোই যুক্তরাষ্ট্রে ফেরার সুযোগ পাবেন না।'

ট্রাম্প প্রশাসন চলতি বছরের মার্চে 'সিবিপি হোম' নামে একটি অ্যাপ চালু করে, যার মাধ্যমে অভিবাসীরা সহজেই স্বেচ্ছায় দেশত্যাগের আবেদন করতে পারেন। উল্লেখযোগ্য বিষয় হলো, জো বাইডেনের প্রশাসনের সময় একই অ্যাপ 'সিবিপি ওয়ান' নামে পরিচিত ছিল এবং তখন এটি অভিবাসীদের যুক্তরাষ্ট্রে আইনিভাবে প্রবেশের কাজে ব্যবহৃত হতো।

ডিএইচএসের হিসাব অনুযায়ী, একজন অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার, আটক রাখা এবং জোরপূর্বক বহিষ্কার করতে সরকারের গড়ে প্রায় ১৭ হাজার ডলার ব্যয় হয়। সে তুলনায় ৩ হাজার ডলার দিয়ে স্বেচ্ছায় ফেরত পাঠানো সরকারের জন্য অনেক বেশি সাশ্রয়ী।

প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার সময় ট্রাম্প প্রতি বছর ১০ লাখ অভিবাসীকে প্রত্যাবাসনের প্রতিশ্রুতি দিয়েছিলেন। চলতি বছর এখন পর্যন্ত তার প্রশাসন প্রায় ৬ লাখ ২২ হাজার অভিবাসীকে প্রত্যাবাসিত করেছে। আগামী ২০২৬ সাল থেকে এ অভিযান আরও জোরদার করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

এই লক্ষ্যে হাজার হাজার নতুন এজেন্ট নিয়োগ, নতুন ডিটেনশন সেন্টার (আটক কেন্দ্র) নির্মাণ এবং অবৈধ অভিবাসীদের শনাক্ত করতে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে কাজ করার উদ্যোগ নিচ্ছে মার্কিন সরকার।



# প্লাস্টিকের চেয়ারে বসলেন তারেক

১ পৃষ্ঠার পর

এ সময় তাঁর জন্য নির্ধারিত চেয়ার ছেড়ে প্লাস্টিকের চেয়ার আনিয়ে তাতে বসেন তারেক রহমান। বেলা ১১টা ৩৯ মিনিটে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে তারেক রহমানকে বহনকারী উড়োজাহাজটি। পূর্বাচলে গণসংবর্ধনাস্থলে যাওয়ার জন্য বিমানবন্দর থেকে তাঁর গাড়িবহর রওনা দেয় দুপুর ১২টা ৪১ মিনিটে। সেখানে পৌঁছে মঞ্চে উঠে অভ্যর্থনা জানাতে আসা মানুষের উদ্দেশে হাত নেড়ে তাঁদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন তারেক রহমান। একই সঙ্গে মঞ্চে উপস্থিত বিএনপির শীর্ষ নেতা এবং সমমনা রাজনৈতিক দলের শীর্ষ নেতাদের সঙ্গে কুশল বিনিময় করেন তিনি। এর মধ্যে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বক্তব্য দেওয়া শুরু করেন।

মির্জা ফখরুলের বক্তব্য চলাকালে মঞ্চে উপস্থিত বিএনপির শীর্ষ নেতারা এবং আমন্ত্রিত অন্যান্য দলের নেতারা আসন গ্রহণ করতে থাকেন। তারেক রহমানসহ সব শীর্ষ নেতাদের বসার জন্য আগে থেকেই মঞ্চে বড় চেয়ার সাজানো ছিল। সবাই নির্ধারিত চেয়ারে বসলেও বসেননি তারেক রহমান, একটি প্লাস্টিকের চেয়ার আনিয়ে তাতে বসেন তিনি। সেখানে থেকেই হাস্যোজ্জ্বল মুখে মঞ্চের সামনে থাকা নেতা-কর্মী ও সমর্থকদের উদ্দেশে হাত নাড়তে থাকেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান।

তারেক রহমানের বাঁ পাশে বসেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, ডান পাশে মির্জা ফখরুল। তাঁর পাশে নজরুল ইসলাম খান বসেন। নজরুল ইসলামের পাশে বসেন দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। মির্জা আব্বাসের পাশে ছিলেন গয়েশ্বর চন্দ্র রায়।

# তারেক রহমান দিলেন বার্তা বিএনপি দেখাল জনসমর্থন

১ পৃষ্ঠার পর

জাতি একটি ক্রান্তিকাল অতিক্রম করছে। পিঠ দেয়ালে ঠেকে গেছে। পেছনে যাবার কোন যায়গা নেই। তারেকের আগমনে জাতির মধ্যে একটি আস্থার যায়গা তৈরি হয়েছে। তাকে সফল হবার বিকল্প নেই। সাধারণ মানুষ তাকে স্বাগত জানিয়ে বলেছেন, তার প্রত্যাবর্তন বহুলনীয় গণতন্ত্রের চর্চাকে আরও সুসংহত করবে। আর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দুই মাস আগে সারাদেশ থেকে বিপুল সংখ্যক নেতাকর্মীকে ঢাকায় জড়ো করে বিএনপি দেখাল তাদের জনসমর্থন। জানিয়ে দিল, তারাই এখন দেশের বড় দল। ইতিহাসের সবচেয়ে মানুষ সমবেত হয়েছিল তারেকের এ সংবর্ধনায়।

সংবর্ধনা সভায় মানবাধিকার আন্দোলনের কিংবদন্তি নেতা মার্টিন লুথার কিংয়ের সেই অমর বাণীর শরণ নিয়ে তারেক বলেন, "আই হ্যাভ এ প্ল্যান; ফর দি পিপল অফ মাই কান্ট্রি, ফর মাই কান্ট্রি। "আজ এই পরিকল্পনা দেশের মানুষের স্বার্থে, দেশের উন্নয়নের জন্য, দেশের মানুষের ভাগ্যের পরিবর্তনের জন্য; যদি সেই প্ল্যান, সেই কার্যক্রম, সেই পরিকল্পনাকে বাস্তবায়ন করতে হয়-প্রিয় ভাই-বোনেরা, এই জনসমুদ্রে যত মানুষ উপস্থিত আছেন, এই সারা বাংলাদেশে গণতন্ত্রের শক্তি যত মানুষ উপস্থিত আছেন-প্রত্যেকটি মানুষের সহযোগিতা আমার লাগবে।"

সংবর্ধনায় আসা আবু তালেব সাংবাদিকদের সাথে আলাপকালে বলেছেন,। সকাল ১০টায় কুড়িল ফ্লাইওভারে ওঠার মুখে খিলক্ষেত থানার উল্টোদিকের একটি রোড ডিভাইডারে দাঁড়িয়ে আছি। ৪ ঘণ্টা ধরে অপেক্ষা করছি।

হাঁটার গতিতে চলার বাসের ভেতর থেকে তারেক যখন হাত নাড়ছিলেন, তখন ডিভাইডারের ওপর থেকে তালেবসহ অনেকে চিৎকার করে উল্লাস করছিলেন।

কেন উল্লাস করছিলেন জানতে চাইলে আবু তালেবের সোজা উত্তর, 'উনি আসছেন। দেখবেন এখন দেশটা ঠান্ডা হইয়া যাইব। চারদিকে এত প্যাঁচাম ভালো লাগে না।'

# বিশ্ব গণমাধ্যমে তারেককে 'সম্ভাব্য প্রধানমন্ত্রী' বলে উল্লেখ

১ পৃষ্ঠার পর

লাখো সমর্থকের উদ্দেশে তারেক রহমান বলেন, যেকোনো মূল্যে দেশের শান্তিশৃঙ্খলা রক্ষা করতে হবে। তাঁর দেশে ফেরা নিয়ে বৃহস্পতিবার বেশ গুরুত্বের সঙ্গে প্রতিবেদন প্রকাশ করেছে রয়টার্স, এএফপি, নিউইয়র্ক টাইমসসহ বিশ্বের বিভিন্ন গণমাধ্যম। অধিকাংশ গণমাধ্যমে তাঁকে 'সম্ভাব্য প্রধানমন্ত্রী' বলে উল্লেখ করা হয়েছে। উল্লেখযোগ্য কয়েকটি গণমাধ্যমে তাঁর দেশে ফেরার খবর নিচে তুলে ধরা হলো।

**রয়টার্স**

বার্তা সংস্থা রয়টার্সের শিরোনাম-'নির্বাচনের আগে নির্বাসন থেকে ফিরলেন বাংলাদেশের সম্ভাব্য প্রধানমন্ত্রী প্রার্থী'। খবরে বলা হয়েছে, প্রায় ১৭ বছর নির্বাসনে থাকার পর বৃহস্পতিবার দেশে ফিরেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তাঁর এই প্রত্যাবর্তন সমর্থকদের মধ্যে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে, এমন প্রত্যাশা দলটির। আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় নির্বাচনে তারেক রহমানকে প্রধানমন্ত্রী পদের অন্যতম প্রতিদ্বন্দ্বী বলে মনে করা হচ্ছে।

৬০ বছর বয়সী তারেক রহমান সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছেলে। খালেদা জিয়া বর্তমানে অসুস্থ। তারেক রহমান ২০০৮ সাল থেকে লন্ডনে বসবাস করছেন। ২০১৮ সাল থেকে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দলের নেতৃত্ব দিয়ে আসছেন।

তারেক রহমান বিমানবন্দর থেকে বের হয়ে জুতা খুলে খালি পায়ে দেশের মাটিতে পা রাখেন এবং একমুঠো মাটি হাতে তুলে নেন। এরপর সংবর্ধনাস্থলে যাওয়ার সময় তাঁকে বহনকারী বাসে চালকের আসনের পাশেই দাঁড়িয়ে থাকতে দেখা যায়। এ সময় তিনি হাসিমুখে হাত নেড়ে মানুষের অভিবাদনের জবাব দেন। ভিড়ের মধ্যেও নেতাকে একনজর দেখার জন্য উন্মুখ হয়ে ওঠেন সমর্থকেরা।

**এএফপি**

বার্তা সংস্থা এএফপির শিরোনাম-'সম্ভাব্য প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশে পৌঁছেছেন'। খবরে বলা হয়েছে, ১৭ বছর নির্বাসনে থাকার পর বিপুলসংখ্যক উচ্ছ্বসিত সমর্থকের সংবর্ধনার মধ্য দিয়ে বাংলাদেশে ফিরেছেন সম্ভাব্য প্রধানমন্ত্রী ও প্রভাবশালী রাজনৈতিক নেতা তারেক রহমান।

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছেলে এবং বিএনপির উত্তরাধিকারী হিসেবে বিবেচিত তারেক রহমান ঢাকার বিমানবন্দরে অবতরণের পর দলের নেতাদের সঙ্গে হাত মেলান। এ সময় তাঁর স্ত্রী ও মেয়ে সঙ্গে ছিলেন।

**বিবিসি**

যুক্তরাজ্যের প্রভাবশালী সংবাদমাধ্যম বিবিসির শিরোনাম-'১৭ বছর নির্বাসনে থাকার পর দেশে ফিরেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী পদপ্রার্থী'। খবরে বলা হয়েছে, ১৭ বছর নির্বাসনে থাকার পর জাতীয় সংসদ নির্বাচনের আগে দেশে ফিরেছেন বাংলাদেশের পরবর্তী প্রধানমন্ত্রী হওয়ার পথে এগিয়ে থাকা তারেক রহমান। তারেক রহমানের নেতৃত্বে আগামী বছর অনুষ্ঠেয় জাতীয় নির্বাচনে অংশ নেওয়ার মধ্য দিয়ে ক্ষমতায় ফিরতে চায় বিএনপি। ২০০৮ সাল থেকে লন্ডনে বসবাস করা তারেক রহমান দেশের নতুন নেতা হতে পারেন বলে মনে করা হচ্ছে।

**আল-জাজিরা**

আল-জাজিরার শিরোনাম-'বাংলাদেশের বিরোধীদলীয় নেতা তারেক রহমান ১৭ বছর নির্বাসনে থাকার পর দেশে ফিরেছেন'। খবরে বলা হয়েছে, দীর্ঘদিন বাংলাদেশের ক্ষমতায় থাকা পরিবারের উত্তরাধিকারী এবং দেশের প্রভাবশালী বিরোধী দলের নেতা তারেক রহমান প্রায় ১৭ বছর নির্বাসনে থাকার পর দেশে ফিরেছেন। ৬০ বছর বয়সী তারেক রহমান বাংলাদেশের সম্ভাব্য প্রধানমন্ত্রী। ২০০৮ সালে দেশ ছাড়ার পর থেকে তিনি লন্ডনে ছিলেন। রাজনৈতিক উদ্দেশ্যে তাঁর ওপর নিপীড়ন চালানো হয়েছিল বলে অভিযোগ করেছিলেন তিনি।

**দ্য নিউইয়র্ক টাইমস**

যুক্তরাষ্ট্রের প্রভাবশালী দ্য নিউইয়র্ক টাইমসের শিরোনাম-'১৭ বছর নির্বাসনে থাকার পর বাংলাদেশের সম্ভাব্য প্রধানমন্ত্রীর প্রত্যাবর্তন'। খবরে বলা হচ্ছে, বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে শীর্ষ প্রতিদ্বন্দ্বীদের একজন তারেক রহমান বৃহস্পতিবার ঢাকায় ফিরেছেন। তিনি প্রায় দুই দশক ধরে নির্বাসনে ছিলেন। দেশে তাঁকে একাধিক মামলা মোকাবিলা করতে হয়েছিল। পুরোদমে নির্বাচনী মৌসুম শুরুর প্রাক্কালে তিনি দেশে ফিরলেন।

**দ্য হিন্দু**

ভারতের প্রভাবশালী দৈনিক দ্য হিন্দুর শিরোনাম-'বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঢাকায় অবতরণ'। প্রতিবেদনে বলা হয়েছে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান জাতীয় সংসদ নির্বাচনের কয়েক সপ্তাহ আগে ঢাকায় ফিরেছেন।

প্রতিবেদনে বলা হয়, ১৭ বছর পর এমন এক সময় তারেক রহমান বাংলাদেশে প্রত্যাবর্তন করেছেন, যখন নতুন করে অশান্তি ও রাজনৈতিক অস্থিরতা দেশকে গ্রাস করেছে। জনপ্রিয় তরুণ নেতা শরিফ ওসমান বিন হাদির হত্যাকাণ্ড ঘিরে বাংলাদেশে সহিংস প্রতিবাদের ঘটনা ঘটেছে।

**ডন**

পাকিস্তানের প্রভাবশালী সংবাদমাধ্যম ডনের শিরোনাম-'১৭ বছর নির্বাসনের পর নির্বাচনের আগে দেশে ফিরলেন বাংলাদেশের সম্ভাব্য প্রধানমন্ত্রী প্রার্থী'।

প্রতিবেদনে বলা হয়েছে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রায় ১৭ বছর নির্বাসনে থাকার পর বৃহস্পতিবার ঢাকায় ফিরেছেন। দলটির আশা, তাঁর এই প্রত্যাবর্তন সমর্থকদের মধ্যে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে। ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় নির্বাচনে তারেক রহমানকে প্রধানমন্ত্রী পদে শীর্ষ প্রতিদ্বন্দ্বী হিসেবে দেখা হচ্ছে।

হ্যান্ডস অন
ফিসিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* ঘাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## ‘হৃদয়ে বাংলাদেশ’র বিজয় দিবস উৎযাপন

৩ পৃষ্ঠার পর

জাতীয় সংগীতসহ স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গান পরিবেশন করেন তানজিন জাহান তনু, শারমিন তানিয়া, মার্গারেট মল্লিক, সনচিতা ঠাকুর, তাহমিনা পারভীন, ফাহমিনা পারভীন, কুসুম খান, সৈয়দ ফয়েজ, অমি, আহনাব মুকুল, আরিফ আলী, মঈন রাজা। সারগাম বৃন্দাবন এর শিল্পীরা অনুষ্ঠানে সংগত করেন। শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

আয়োজক সংগঠনের সভাপতি লাইজুর রহমান লিংকনের সভাপতিত্বে ও রেজা আব্দুল্লাহর উপস্থাপনায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা, কাউন্সিলম্যান ড. নুরুন নবী। বিশেষ অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল ইমাম, কমিউনিটি এক্টিভিস্ট আব্দুর রহিম বাদশা, আব্দুল শহীদ প্রমুখ। আগত বীরমুক্তিযোদ্ধাদের উত্তরীয় পরিয়ে সম্মান জানান সংগঠনের সদস্যরা।

স্বাগত বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সৈয়দ ফয়েজ ও বিজয় উৎসবের আহ্বায়ক নুরাইয়া আলম শাকি। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কমিউনিটি এক্টিভিস্ট জামাল হোসাইন, সহ-সভাপতি পপুল সরকার, মোশাররফ শিকদার, আল-মামুন সরকার, রুপচান মিয়া, মাহবুবুল হাসান, ফাহমিনা পারভীন, জামাল আহমেদ, মেহেদী কাবুল, শারমিন রহমান, মার্গারেট মল্লিক, নুরুল ইসলাম মিলন, আদম মিয়া প্রমুখ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি বীরমুক্তিযোদ্ধা আব্দুল ইমাম চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

## নির্বাচন বানচালের ষড়যন্ত্র ও উগ্রবাদের চ্যালেঞ্জ: কোন পথে বাংলাদেশ

১২ পৃষ্ঠার পর

রাজনৈতিক শক্তিগুলো কতটা ঐক্যবদ্ধ হতে পারবে?

প্লেটো বলেছিলেন, লাগামহীন স্বাধীনতা শেষ পর্যন্ত স্বৈরতন্ত্রের জন্ম দেয়। আজ বাংলাদেশে আমরা যেন সেই চক্রেই প্রবেশ করছি-রাষ্ট্র দুর্বল হলে মব শক্তিশালী হয়, আইন পিছু হটলে উগ্রতা সামনে আসে। গণতন্ত্রের নামে সহিংসতা যদি বৈধতা পায়, তবে সেই গণতন্ত্র নিজেই আত্মঘাতী হয়ে ওঠে।

বাংলাদেশের সামনে এখন তিনটি মৌলিক চ্যালেঞ্জ স্পষ্ট-অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করা, ধর্ম বা মতাদর্শের নামে উগ্র সহিংসতার বিরুদ্ধে জিরো টলারেন্স দেখানো এবং সংবাদমাধ্যম ও সাংস্কৃতিক পরিসরের নিরাপত্তা নিশ্চিত করা। এই তিন ক্ষেত্রেই ব্যর্থতা মানে শুধু একটি নির্বাচন নয়, বরং পুরো রাষ্ট্রকাঠামোর জন্য হুমকি।

ছেঁড়া আয়শার পুড়ে যাওয়া শরীর, দিপু দাসের ঝুলন্ত মরদেহ, পত্রিকা অফিসে আগুন-এসব কেবল সংবাদ নয়, এগুলো ভবিষ্যতের অশনিসংকেত। নির্বাচন বানচাল হোক বা না হোক, যদি সহিংসতার এই রাজনীতি থামানো না যায়, বাংলাদেশ হারাবে তার সবচেয়ে বড় অর্জন-মানবিকতা ও সহাবস্থান।

প্রশ্ন এখন একটাই-রাষ্ট্র কি সময়মতো সাহসী হবে, নাকি ইতিহাস আবারও লিখবে আমাদের ব্যর্থতার গল্প?

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING



জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
184-02 Hillside Ave, 1st Fl, Jamaica, NY 11432
Jackson Heights Office
37-18 74th St, Suit 203, Jackson Heights, NY 11372

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# নিউ ফাইভ স্টার

## কাচ্চি বিরিয়ানি হাউস




নতুন স্বাদের, নতুন মানের দক্ষতার সাথে তৈরি হালাল ও প্রতিদিনের টাটকা খাবার

**পরিবার-পরিজন নিয়ে আপনাদের সবাইকে স্বাগত**

১৪৫৫-১৪৫৭ ইউনিয়নপোর্ট রোড
ব্রঙ্কস, নিউ ইয়র্ক ১০৪৬২
newfivestarkbh@gmail.com
Phone: 718-409-6840

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation







Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

Amader Service.com

Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট

১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস

১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী

১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IT ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410

www.amaderservice.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO

917-476-6628, 718-371-8334

www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved



# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**

ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

## আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

## CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

**Sarwar Chaudri, CPA, MBA**

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন



ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অ্যালামনাই'র অভিষেক

৬২ পৃষ্ঠার পর

শিক্ষার্থী, তাঁদের পরিবার-পরিজন ও স্বজনরা অংশগ্রহণ করেন।

শপথ অনুষ্ঠান শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জুয়ানা সভাপতি মেহেরুন নাহার মাজেদা ও পরিচালনা করেন সাধারণ সম্পাদক জিয়াউল হক জিয়া। সভায় বক্তব্য রাখেন জুয়ানা সহ-সভাপতি ও সাবেক সাধারণ সম্পাদক সায়েম আহমেদ সোহেলসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে নতুন কমিটির সভাপতি হিসেবে মেহেরুন নাহার মাজেদা এবং সাধারণ সম্পাদক হিসেবে জিয়াউল হক জিয়া আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করেন। জুয়ানার নবগঠিত কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দকে শপথ বাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার মোজাম্মেল হক দুলাল। অভিষেক ও পিঠা উৎসব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশী বংশোদ্ভূত নিউইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের বিচারপতি সোমা এস সাঈদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিবিদ মিজান চৌধুরী, মির্জাপুর ক্যাডেট কলেজের অবসরপ্রাপ্ত প্রিন্সিপাল নুরুল হোসেন, জুয়ানার সাবেক সভাপতি ও বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মুজিব উর রহমান, জুয়ানার সাবেক সভাপতি রানা রায়হান, বিশিষ্ট ব্যবসায়ী সায়েম আমিন হোসেন কামাল, বাপননিউজ এডিটর ও সিনিয়র সাংবাদিক সায়েম হাকিকুল ইসলাম খোকনসহ আরোও অনেক বিশিষ্ট ব্যক্তি।

অনুষ্ঠানের এক পর্যায়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন উপস্থিত অতিথিরা। পাশাপাশি মুখরোচক খাবার ও নানা রকম ঐতিহ্যবাহী পিঠার মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ও তাঁদের পরিবারবর্গ এক আনন্দময় সন্ধ্যা কাটান অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন জনপ্রিয় সংগীতশিল্পী রোজী আজাদ। তিনি দর্শকদের গান গেয়ে বিমহিত করেছেন।

## জোহরান মামদানির সমর্থন ডায়ানা মোরেনোকে

৬২ পৃষ্ঠার পর

এবং আমাদের প্রতিবেশীদের জন্য অক্লান্তভাবে লড়াই করেছেন। তার প্রতি আমার পূর্ণ সমর্থন রয়েছে। তিনি আমার মতোই একজন গণতান্ত্রিক সমাজতন্ত্রী "।

বাংলাদেশি বংশোদ্ভূত মেরি জোবায়দা একই ডিস্ট্রিক্টে এসেমব্লিতে প্রার্থী। উচ্চ শিক্ষিত ও ৩ সন্তানের জননী মেরি একজন ডেমোক্র্যাটিক সোশালিস্ট। মেয়র নির্বাচনে মামদানির জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন। ডোর টু ডোর ক্যাম্পেইন করেছেন। কিন্তু মামদানি এনডোর্স করলেন ডায়ানাকে। এ ব্যাপারে মেরির দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, মামদানিকে বাংলাদেশি কমিউনিটি সৃষ্টি করেছে। যখন তাকে অনেকেই চিনতো না, আমরা তখন ডোর টু ডোর গিয়ে তার জন্য কাজ করেছি। আমার, টাইম ভিভি ও আবু তাহেরের অবদান কম নয়। মামদানি প্রতিদ্বন্দ্বি ডায়ানাকে এনডোর্স করায় আমার কোন অস্বস্তি নেই। তাকে এনডোর্স এর আগে মামদানির সাথে আমার কথা হয়েছে। সে সংগঠনের বাইরে আসতে পারেনি। মামদানির সমর্থন মেরি না পাওয়ায় বাংলাদেশি কমিউনিটিতে নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অনেকেই মামদানির প্রতি অসন্তোষ প্রকাশ করেছেন। মামদানির এ সিদ্ধান্তে হতাশ হয়েছেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। তিনি মেরির জন্য সবাইকে একযোগে কাজ করার আহবান জানিয়েছেন ফেসবুকে।

২০ জিনের একাধিক কমিউনিটি ও ধর্মীয় নেতৃবৃন্দ এক যৌথ বিবৃতিতে তাঁদের সমর্থন স্পষ্ট করে সবাইকে মেরি জোবাইদার পক্ষে এগিয়ে আসার আহ্বান জানান। বিবৃতিতে স্বাক্ষর করেছেন আব্দুল আজিজ ভূঁইয়া, আকতার মান্নান, ডা. মাহবুবুর রহমান তুহিন, ডা. ওয়াহেদুর রহমান, আরমান চৌধুরী, জয়নাল আবেদিন, এস এম এ রহমান সেলিম, আমিন মেহদি, ফখরুল ইসলাম দেলোয়ার, মোহাম্মদ আলী, জুবাইদ চৌধুরী, আব্দুর রহিম হাওলাদার, বদরুন নাহার খান মিতা, ইমাম শামস ই আলী, মি. আলো, ইমাম কামাল, শাহাব উদ্দিন আহমেদ, সোহেল আহমেদ, মো. জাবেদ উদ্দিন, নার্গিস আহমেদ, শফি উদ্দিন কামাল, আজিবুর রহমান বুরহান, আব্দুল হাসিম হাসনু, আহবাব হুসাইন চৌধুরী, আব্দুল শহীদ, সেলিনা উদ্দিন, আলহাজ্ব সুলেমান ভূঁইয়া, নাসের উদ্দিন লাল, আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকি, দেওয়ান শাহেদ চৌধুরী, এম এ কাইয়ুম, রানা ফেরদৌস চৌধুরী, শাহেদ দেলোয়ার চৌধুরী, জামাল উদ্দিন লিটন, মোহাম্মদ আকামোল হুসাইন খান, শামসের আলী, মাসুদুল হক সাদু, আবু তাহের চৌধুরী চান্দু, সৈয়দ ফয়সাল, আব্দুর রহমান, ডা. নমিতা দাস, রশিদুল মান্নান চৌধুরী বেগম, মোহাম্মদ শাহ নেওয়াজ, ফখরুল আলম, বেলাল চৌধুরী, জে মোল্লা সানি, এ বি এম উসমান গনি, শেখ সিরাজুল ইসলাম, মজিবুর রহমান সুমন, মঈনুজ্জামান চৌধুরী, সৈয়দ ইলিয়াস খসরু, বদরুল ইসলাম মিন্টু, জাকারুল চৌধুরী, রহিমা বেগম, জাহাঙ্গীর আহমেদ, মোশাহিদ জে রাশেদ, কবির চৌধুরী, নাসিমা আক্তার এবং ডা. কর্ণালী হাসান।

নির্বাচন প্রশ্নে মেরি বলেন, ২০০১ সাল থেকে আমি এস্টোরিয়ায় বাস করছি। এই কমিউনিটির সাথে আমার আত্মার সম্পর্ক। আত্মার সম্পর্ক। আত্মার জায়গাটি আমার। আমার ক্যাম্পেইন টিম রেডি। জয়ী হবো ইনশাল্লাহ।

ইকুয়েডরিয়ান বংশোদ্ভূত ডায়ানার (৩৮) বেড়ে ওঠা ফ্লোরিডায়। ২০১৬ থেকে এস্টোরিয়ায় বসবাস। এক সন্তানের জননী ডায়ানা মামদানি ও কাউন্সিলওম্যান টিফানি কোবানসহ মূলধারার অনেকের এনডোর্সমেন্ট পেয়েছেন। আগামী ৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত একটি বিশেষ নির্বাচনে তাকে আরও ৩ জন প্রতিদ্বন্দ্বির বিরুদ্ধে লড়তে হবে। তারা হলেন মেরি জোবাইদা, রানা আবদেল হামিদ ও শিবানী দীর। আগামী ১ জানুয়ারি মামদানি মেয়র হিসেবে শপথ নিলে এস্টোরিয়ার এই এসেমব্লি আসনটি শূন্য হবে।

## সাউথ জার্সি মেট্রো আ. লীগের বিজয় দিবস উদযাপন

৩ পৃষ্ঠার পর

একাত্তরের সকল শহীদ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ পনেরো আগস্টের সকল শহীদ, জাতীয় চার নেতা ও শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশিত হয়।

আওয়ামী লীগ নেতা আব্দুর রকিবের সভাপতিত্বে ও বেলাল হোসেনের সঞ্চালনায় সভায় বক্তব্য করেন বেলাল উদ্দিন, সিরাজুল ইসলাম সিরাজ, নুর মোহাম্মদ, আব্দুর রহিম, জামিলা বকুল, রওশন উদ্দিন, মিজানুর রহমান, আবদুল গফুর, জাকিরুল ইসলাম খোকা, মনিরুজ্জামান মনির, আবু নসর, মুক্তাদির রহমান, শেখ কামাল মনজু, নুরন্নবী চৌধুরী শামীম প্রমুখ। আলোচনা সভায় বক্তারা দেশের বর্তমান পরিস্থিতির কঠোর সমালোচনা করেন। তারা বলেন, বাংলাদেশের জনগণ একটি ভয়াবহ পরিস্থিতির মধ্যে দিন পার করছে। যেখানে মুক্তিযোদ্ধাদের স্বপরিবারে গলা কেটে হত্যা করা হচ্ছে, যেখানে মুক্তিযোদ্ধার গলায় জুতার মালা পরিয়ে দেওয়া হচ্ছে। তাঁরা বলেন, ইউনুসের হাত থেকে দেশকে বাঁচাতে হবে।

অনুষ্ঠানে স্বরচিত কবিতা পাঠ করেন লেখক- সাংবাদিক নুরুল চৌধুরী। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় সংগীত শিল্পী গোলাম মোস্তফা, জলি দাশ, ফারুক হোসেন ও স্বপন দাশ।

## নিউইয়র্কে মাসুদ রানাকে বিদায় সংবর্ধনা

৬২ পৃষ্ঠার পর

কর্মকাণ্ডের জন্য শুভকামনা জানান। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) যুবদল, যুক্তরাষ্ট্র শাখার উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মাসুদ রানাসহ বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ মিজানুর রহমানের সভাপতিত্বে জাকির এইচ. চৌধুরী, আবু সাইদ আহমেদ, মাকসুদ চৌধুরী, সাইফুর খান হারুন, আতিকুল হক আহাদ, মাসুদ রানা, সারোয়ার খান বাবু, জাহাঙ্গীর সরোওয়ার্দী প্রমুখ। প্রবাসে থেকেও দলীয় আদর্শ ও আন্দোলন-সংগ্রামে মাসুদ রানার ভূমিকা ছিল প্রশংসনীয়। দেশে ফিরে তিনি দলের জন্য আরও কার্যকর ভূমিকা রাখবেন বলে তাঁরা আশাবাদ ব্যক্ত করেন।

## ১২৬টি গাড়ী চুরির ঘটনায় ২০ জন অভিযুক্ত

৬২ পৃষ্ঠার পর

কুইন্স-এ গাড়ি চুরির একটি বিস্তৃত পরিকল্পনায় ২০ জনকে অভিযুক্ত করা হয়েছিল।

কিছু গাড়ি মালিকদের ড্রাইভওয়ে থেকে চুরি করা হয়েছিল। কিছু গাড়ির ভিতরে চাবি ছিল। চুরি হওয়া গাড়িগুলি প্রায়শই ফেসবুক এবং ইনস্টাগ্রামের মতো সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে বিজ্ঞাপনের মাধ্যমে বিক্রি করতো অপরাধিরা। কুইন্স জেলা অ্যাটর্নি ঘোষণা করেছেন, মোট ৩৭৫টি অভিযোগের জন্য বিবাদীদের বিরুদ্ধে নয়টি পৃথক অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। 'এটি নিউইয়র্ক সিটিতে আমাদের আবিষ্কৃত সবচেয়ে বিস্তৃত এবং সংগঠিত গাড়ি চুরির চক্রগুলির মধ্যে একটি। এই অভিযোগগুলির মাধ্যমে, আমরা একটি অপরাধমূলক উদ্যোগকে ধ্বংস করেছি যা আমাদের রাস্তা এবং ড্রাইভওয়ে থেকে কমপক্ষে ৪.৬ মিলিয়ন ডলার মূল্যের যানবাহন চুরি করেছে। আমাদের কঠোর তদন্ত এই দুঃসাহসিক গাড়ি চোরদের ধ্বংস করার জন্য গোপন অফিসার এবং আদালত-অনুমোদিত ওয়্যারট্যাপ নিয়োগ করা হয়েছে।

ওজোন পার্কের জাস্টিন 'কাপকেক' সাভিয়াগোকে প্রায় এক দশকের মধ্যে শহরের অন্যতম সফল অটো-চুরি চক্রের নেতা হিসেবে চিহ্নিত করা হয়েছিল। কাউন্ড ওজোন পার্কের ৮৬তম রাস্তার ৩৩ বছর বয়সী জাস্টিন 'কাপকেক' সাভিয়াগোকে সময়ের সাথে সাথে বিবর্তিত সাথিদের "একজন রিংলিডারের চেয়ে বেশি পরামর্শদাতা হিসাবে চিহ্নিত করেছিলেন। তিনি ১৪ জন আসামীর মধ্যে একজন। আসামীদের বিরুদ্ধে ১২৬টি গাড়ি চুরি ও অপরাধমূলকভাবে রাখার অভিযোগও আনা হয়েছে। যার মধ্যে ৪৪টি তদন্ত চলাকালীন গোপন কর্মকর্তাদের দ্বারা কেনা হয়েছিল।

এনওয়াইপিডি কমিশনার জেসিকা টিশ্চ ডিএর অফিসে সংবাদ সম্মেলনে বলেন, 'আজকের অভিযোগটি নিউইয়র্ক শহর জুড়ে পরিচালিত একটি পরিশীলিত গাড়ি চুরির চক্রটি ভেঙে ফেলার ক্ষেত্রে একটি বড় বিজয়কে চিহ্নিত করে। এই অপরাধীরা শত শত যানবাহন চুরি করেছে। তাদের রাষ্ট্রীয় সীমা অতিক্রম করে পাচার করে এবং নিরাপত্তাকে পাশ কাটিয়ে যাওয়ার জন্য প্রযুক্তি ব্যবহার করে।'

টিশ্চ যোগ করেছেন যে সাভিয়াগোর নেতৃত্বে, গাড়ি চুরির চক্রটি উচ্চমানের বিলাসবহুল গাড়িগুলিকে লক্ষ্যবস্তু করেনি বরং প্রতিদিনের নিউ ইয়র্কবাসীদের দ্বারা চালিত নিয়মিত যানবাহনগুলিকে লক্ষ্যবস্তু করেছিল। যারা কাজে যাওয়ার জন্য তাদের ওপর নির্ভর করত, তাদের বাচ্চাদের স্কুলে নিয়ে যেত এবং কেবল তাদের সাধারণ জীবনযাপন করত।

তদন্তকারীরা নির্দিষ্ট দক্ষতা এবং দক্ষতার অধিকারী ব্যক্তিদের সাথে একটি অত্যন্ত সমন্বিত উদ্যোগ আবিষ্কার করেছেন-একটি চুরি গোষ্ঠী, সোশ্যাল মিডিয়া দালাল যারা গাড়ির বিজ্ঞাপন ও বিক্রয় করে, এবং কালোবাজারি ব্যবসায়ী এবং ক্রেতারা, যাদের সবাই গাড়ি লক্ষ্য এবং চুরি করার জন্য একে অপরের উপর নির্ভর করে। চুরির পর তারা গাড়ির নেভিগেশন সিস্টেম অচল করে এবং যে কোনও ট্র্যাকিং ডিভাইস নিষ্ক্রিয় করে যাতে মালিক গাড়ির অবস্থান নির্ধারণ করতে না পারে। কখনও কখনও, আসামীরা স্কাউটদের ব্যবহার করত যারা চুরি করার জন্য উচ্চমানের গাড়িগুলি চিহ্নিত করত। স্কাউটরা একটি ডিজিটাল মানচিত্রে গাড়ির অবস্থান চিহ্নিত করে এবং সেই তথ্য চুরি করা দলের কাছে পাঠায়। তারপরে অপরাধি দলের সদস্যরা তিন থেকে পাঁচ জনের দলে গাড়ি চুরি করতে বেরিয়ে যায়। চুরি হওয়া কিছু গাড়ি জনসাধারণের রাস্তায় অল্প সময়ের জন্য পার্ক করা ছিল, যাতে ট্র্যাকিং সিস্টেম কার্যকর থাকে এবং পুলিশ গাড়িটি খুঁজে পায়।

কুইন্স-এ বাইশটি, ব্রুকলিনে ২৪টি, নাসাউ কাউন্টিতে ১৪টি, ব্রঙ্কসে ১০টি, ওয়েস্টচেস্টার কাউন্টিতে ১০টি, স্ট্যাটেন আইল্যান্ডে নয়টি, সাফোক কাউন্টিতে ৩টি, ম্যানহাটনে একটি গাড়ি চুরি হয়েছে।


LIBERTY REAL ESTATE SCHOOL
NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন
বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে
কল করুন +1 (929) 393-8620

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com

জব জব হেল্প জব
Job Help Application Processing Service
917-500-3937

* পোষ্টাল জব
* ফেডারেল জব
* স্টেট জব
* এম. টি. এ জব
* সিটি জব
* রেজুমী তৈরী
* কভার লেটার
* সিটিজেনশীপ এপ্লিঃ প্রঃ
* নিউ পাসপোর্ট/রিনুয়েল
* ডুয়েল সিটিজেনশীপ
* ফুড স্ট্যাম্প
* ডিজএবিলিটি (SSI)
* সসিয়াল সিকিউরিটি (SS)
* রিটারম্যান্ট বেনিফিড



Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamica, NY 11435
Phone/Fax: 917-300-6160

# নির্বাচনে আলোচিত মেঘনা আলম

## ঢাকা-৮ আসন থেকে গণ অধিকার পরিষদের প্রার্থী হিসেবে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন

আজকাল বিনোদন



ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করছেন সাবেক মিস আর্থ বাংলাদেশ ও বহু আলোচিত মেঘনা আলম। তিনি ঢাকা-৮ আসন থেকে গণ অধিকার পরিষদের প্রার্থী হিসেবে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন।
গত বুধবার নিজেই মেঘনা আলম বিষয়টি নিশ্চিত করেছেন।
এই আসনে সম্ভাব্য আরেক প্রার্থী ছিলেন ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহীদ ওসমান হাদি। ১২ ডিসেম্বর পল্টনের বক্স কালভার্ট রোডে গুলিবিদ্ধ হওয়ার পর তিনি ঢাকা মেডিকেল ও পরে এভারকেয়ার হাসপাতালে ভর্তি হন। অবস্থার অবনতি হওয়ায় তাকে এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ১৮ ডিসেম্বর রাতে তার মৃত্যু ঘটে।
ফেসবুকে মেঘনা আলম জানান, তিনি ঢাকা-৮ আসনকে নারীদের জন্য সবচেয়ে নিরাপদ এলাকা হিসেবে গড়ে তুলবেন। তিনি আরও বলেন, নারীদের সুরক্ষার জন্য আধুনিক ও কার্যকর সিসিটিভি ব্যবস্থা স্থাপন করা হবে, যাতে রাস্তায় চলাফেরার সময় কোনো নারী হ্যারাসমেন্ট বা অনাকাঙ্ক্ষিত স্পর্শের শিকার না হন।
মেঘনা এও উল্লেখ করেছেন, এই এলাকায় বিশেষ ট্রাফিক ব্যবস্থা গড়ে তোলা হবে, যাতে মানুষ নিরাপদে হেঁটে চলতে এবং সাইকেল ব্যবহার করতে পারে। এছাড়া ঢাকা-৮ এলাকার মানুষের পুষ্টি, পরিচ্ছন্ন জীবনযাপন, সামাজিক ও আইনগত জ্ঞানের উন্নয়নকে তার অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হবে।



## রিয়াজ জীবিত, সুস্থ আছেন

আজকাল বিনোদন

ঢালিউড অভিনেতা রিয়াজ আহমেদের মৃত্যুর খবরটি সত্য নয়। তার স্ত্রী মুশফিকা তিনা জানিয়েছেন রিয়াজ জীবিত আছেন, যেখানেই থাকুন সুস্থ আছেন। তার মৃত্যুর খবরটি ভুয়া। গতকাল রাত থেকে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে অভিনেতা রিয়াজের মৃত্যুর খবর। বেশ কয়েকটি অনলাইন পোর্টাল কোনো সূত্র ছাড়াই সেখবর প্রচার করলে বিভ্রান্তির সৃষ্টি হয়। অনেক এরপর ২৭ পৃষ্ঠায়



## বিয়ের আগেই শেষ ব্যাচেলর হানিমুনে বিজয়-রাশমিকা

আজকাল বিনোদন

দক্ষিণী সিনেমা ইন্ডাস্ট্রির জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানা ও অভিনেতা বিজয় দেবেরাকোন্ডা দীর্ঘ সাত বছর সম্পর্কে থাকার পর গোপনে বাগদান সেরে ফেলেন। কিন্তু এরপরও সম্পর্ক নিয়ে কোনো কথা বলেননি এ তারকা জুটি। এর মধ্যেই সামাজিক মাধ্যমে গুঞ্জন ছড়িয়েছেড় গত ৩ অক্টোবর হায়দরাবাদের বাড়িতে একদম ঘরোয়া পরিবেশে আনুষ্ঠানিকভাবে আংটিবদল করেছেন তারা। খুব শিগগির নাকি চারহাত এক হতে চলেছে তাদের। এমন খবরই ছড়িয়ে পড়ে সামাজিক মাধ্যমে। তবে এবার সেই গুঞ্জন বাস্তবে রূপ নিতে যাচ্ছে বলে খবর চাউর হয়েছে সিনেপাড়ায়। জানা গেছে, আগামী বছরের ফেব্রুয়ারিতে রাজস্থানের এক রাজপ্রাসাদে বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন এ তারকা জুটি। আর সেই রাজকীয় বিয়ের আগে এবার 'ব্যাচেলর হানিমুনে' বিদেশে পাড়ি জমালেন তারা।
গণমাধ্যম সূত্রে জানা গেছে, বুধবার গভীর রাতে হায়দরাবাদ বিমানবন্দর থেকে অজানার উদ্দেশ্যে উড়াল দিয়েছেন বিজয় ও রাশমিকা। পাপারাজ্জিদের নজর এড়াতে বেশ সতর্ক ছিলেন তারা। দুজনের পরনেই ছিল ধূসর রঙের হুডি ও মুখে কালো মাস্ক। একেবারে সাদামাটা বেশে বিমানবন্দরে পৌঁছালেও শেষ এরপর ২৭ পৃষ্ঠায়



## তারেক রহমানকে নিয়ে ন্যান্সির নতুন গান

আজকাল বিনোদন

দীর্ঘ ১৭ বছর পর বৃহস্পতিবার দেশে ফিরেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তার এই প্রত্যাবর্তনকে ঘিরে রাজনীতির পাশাপাশি সাংস্কৃতিক অঙ্গনেও আলাদা অনুভূতির সৃষ্টি হয়েছে।
এই আবেগ থেকেই প্রকাশ পেয়েছে নতুন গান 'নেতা আসছে'। গানটিতে কণ্ঠ দিয়েছেন জনপ্রিয় শিল্পী নাজমুন মুনিরা ন্যান্সি ও সালমান রাজ। গানের কথায় ফুটে উঠেছে প্রত্যাবর্তনের অপেক্ষা, আশা ও উচ্ছ্বাসতত্রযেখানে নেতার ফিরে আসাকে ঘিরে মা, মাটি ও মানুষের কথা বলা হয়েছে। গানটির কথা লিখেছেন মিজানুর রহমান। পলক হাসান সুমনের সুরে সংগীতায়োজন করেছেন এ এন ফরহাদ। পুরো প্রকল্পের গ্রন্থনা, পরিকল্পনা ও তত্ত্বাবধান করেছেন চিত্রনায়ক হেলাল খান।
'নেতা আসছে' গানটি বিএনপির অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশ করা হয়েছে। প্রকাশের পর থেকেই দলীয় নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে ব্যাপক সাড়া লক্ষ্য করা যাচ্ছে। সামাজিক মাধ্যমে অনেকে মন্তব্যের মাধ্যমে তারেক রহমানকে স্বাগত জানাচ্ছেন এবং গানটির প্রশংসা করছেন। সব মিলিয়ে, তারেক রহমানের দেশে ফেরাকে কেন্দ্র করে রাজনৈতিক আলোচনার পাশাপাশি সাংস্কৃতিক পরিসরেও এই গান নতুন করে দৃষ্টি আকর্ষণ করেছে।

## নতুন কার প্রেমে পড়লেন বিল গেটস কন্যা?

আজকাল বিনোদন






বিশ্বের শীর্ষ ধনকুবের ও মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটসের কনিষ্ঠ কন্যা ফোবি অ্যাডেল গেটস। ২৩ বছর বয়সী এই তরুণী তার ব্যক্তিগত জীবন আর পেশাগত কর্মকাণ্ড নিয়ে প্রায়ই থাকেন আলোচনায়। এবার ফের শিরোনামে এলেন প্রেমের খবর নিয়ে।
সম্প্রতি সামাজিক মাধ্যমে নতুন সম্পর্কের ইঙ্গিত দিয়েছেন ফোবি। তবে এই প্রেম একেবারে নতুন নয়; শৈশব থেকেই গড়ে উঠেছে তাদের সম্পর্কটি। ইনস্টাগ্রামে একটি ছবি পোস্ট করেন ফোবি। ছবিতে দেখা যায়, তার শৈশবের বন্ধু চ্যাজ ফ্রিনের সঙ্গে ঘনিষ্ঠ মুহূর্তে ধরা দিয়েছেন বিল গেটস কন্যা। ক্যাপশনে শুধু একটি লাভ ইমোজি! আর তাতেই নেটদুনিয়ায় শুরু আলোচনা।
পোস্টটি প্রকাশের পরই অনুরাগীদের মন্তব্যে ভরে ওঠে কমেন্ট বক্স। কেউ অভিনন্দন জানাচ্ছেন, কেউ আবার মজা করে লিখেছেন, 'পুরনো ভালোবাসা যেন এবার স্থায়ী হয়।' টাইমস অব ইন্ডিয়ার একটি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ফোবি ও চ্যাজ একই স্কুলে পড়াশোনা করেছেন। সেই সময় তাদের মধ্যে বন্ধুত্বের পাশাপাশি স্বল্প সময়ের জন্য সম্পর্কও ছিল। দীর্ঘ বিরতির পর এবার সেই পুরনো সম্পর্কই নতুন রূপে ফিরে এসেছে। এক সাক্ষাৎকারে ফোবি বলেছিলেন, ১৫ বছর বয়স থেকে চ্যাজকে চেনেন তিনি।
এর আগে ব্রিটিশ সংগীত কিংবদন্তি পল ম্যাককার্টনির নাতি আর্থার এরপর ২৪ পৃষ্ঠায়



## জ্যাকুলিনকে ফের চমকে দিলেন সুকেশ!

আজকাল বিনোদন

২০০ কোটি টাকার আর্থিক প্রতারণার মামলায় দিল্লির মান্ডোলি সংশোধনাগারে বন্দি সুকেশ চন্দ্রশেখর। তবে চার দেয়ালের বন্দিজীবনও যেন তার 'প্রেম' প্রকাশের পথে বাধা হয়ে দাঁড়াতে পারছে না। বড়দিন উপলক্ষে বলিউড অভিনেত্রী জ্যাকুলিন ফার্নান্দেজকে ফের চমকে দিলেন এই চর্চিত প্রেমিক।
এবার কোনো সাধারণ উপহার নয়, সরাসরি ক্যালিফোর্নিয়ার বেভার্লি হিলসে একটি বিলাসবহুল বাড়ি উপহার দিলেন তিনি। 'লাভ নেস্ট' ও সুকেশের চিঠি এরপর ২৪ পৃষ্ঠায়

প্রবাসে বসবাসরত মুসলমান , হিন্দু , বৌদ্য , খ্রিষ্টান সকল
ভাই-বোনদের
শুভ বড়দিন ও নতুন ২০২৬ বৎসরের জন্য
আমাদের পক্ষ থেকে অনেক অনেক ভালোবাসা
ও শুভেচ্ছা জানাচ্ছি।



ডাঃ টমাস দুলু রায়
ডাঃ হেলেন রায়
ডাঃ জোনার্থন রায়
শার্লা শম্পা রায়

প্রবাসী বাংলাদেশী সহ সকলকে আমাদের পক্ষ থেকে ইংরেজি
নব বর্ষ ২০২৬ সালের প্রাণ ঢালা শুভেচ্ছা ও অভিনন্দন !
সে সাথে সকলের সুখ ও সাফল্য কামনা করছি

# শুভ নব বর্ষ .......... ২০২৬



ইঞ্জিনিয়ার মোঃ ফজলুল হক

**Hoque Medical Office , PC**

540 McDonald Ave
Brooklyn, NY 11218
**Telephone :**
718-633-5883 / 347-715-7593



ডাঃ সায়েরা হক , এম ডি

First Time in NY

# COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

**Speakers**

**The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)**

**Quazi M. Ahmed**
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

**Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community**

**Mahbub Rahman**
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC

Refreshments will be served

Hosted by: MAJESTIC TOUCH

Organizing Partners: BOND, SUSTAIN SECURE, QUAZI consultants, GLOBAL, EAGLES BOOST, triplezero, CXO GLOBAL ALLIANCE, America TECH

# পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান







যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



**EARN 100K TO 200K PER YEAR**

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: **www.wust.edu**

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by: ACCET, BPSS

**If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:**

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

**US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.**

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized e-file Provider

*One Stop Services*
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

# আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

**Dream Cottage Realty Inc**

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle **Shohag Khan**
Licensed Real Estate Sales

Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com



DFC TV
DREAM FRAME CREATIVE

Video & Photo
**PRODUCTION SERVICES**

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও—সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



We Speak বাংলা, English, हिन्दी العربية

**ALAM MEDICAL**

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

**Dr. Rehana Alam**
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



WIN ZONE Realty Inc.
**WIN ZONE** REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
**646-597-1760**

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
**Low Income, No Problem**

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

**646-920-4799**

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেষ্ট রেট কম
- ফাষ্ট ক্লোজিং
- ইনভেষ্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain




## মঈন চৌধুরী'র বইয়ের মোড়ক উন্মোচন

৬৪ পৃষ্ঠার পর

'রোড টু আমেরিকা ইমিগ্রেশন হার্ডশিপ' এর মোড়ক উন্মোচন হলো গত ২৩ ডিসেম্বর মঙ্গলবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে।

ইউএস কংগ্রেসের প্রভাবশালী সদস্য গ্রেস মেং সহ বিশিষ্টজনদের উপস্থিতিতে আয়োজন করা হয় এক অনুষ্ঠানের । নব উন্মোচিত তার বই 'দ্যা রোড টু আমেরিকা' ইমিগ্রেশন হার্ডশিপ, একটি সময়োচিত উপহার। ইমিগ্রেশন বরাবরই একটি চ্যালেঞ্জিং ও কঠিন প্রক্রিয়া। যার মধ্য দিয়ে মানুষের একটি জীবন প্রবাহিত হয় দু'টি ভিন্ন ধারায়। অনুষ্ঠানে বক্তাগণ
















মঈন চৌধুরীর প্রতিভার ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে নিউইয়র্কের সকল মিডিয়ার সম্পাদক ও সাংবাদিকদের উপস্থিতি ছিলো লক্ষনীয়। বর্ণাঢ্য এই অনুষ্ঠানে তার দু'সন্তান ছাড়াও পরিবারের সদস্যরা অংশ নেন।

মঈন চৌধুরীর প্রশংসা করে বক্তারা বলেন, যুক্তরাষ্ট্রের অভিবাসীদের জন্য 'দ্যা রোড টু আমেরিকা' ইমিগ্রেশন হার্ডশিপ,বইটি একটি গুরুত্বপূর্ণ বই। প্রকৃতিতে বিভিন্ন সমস্যা ও সমাধানের কথা লিপিবদ্ধ হয়েছে যা অনেক অভিবাসীর কাজে লাগবে। উল্লেখ্য, এটর্নী মঈন চৌধুরী কুইন্স ডেমোক্রেটিক পার্টির লীডার এবং আমেরিকান বার এসোসিয়েশনের ডাইরেক্টর।

ব্যতিক্রমী এই প্রকাশনা অনুষ্ঠানে ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং সহ আরো অতিথি হিসেবে ছিলেন নিউইয়র্ক সিটির কুইন্স কাউন্টির জাস্টিন ক্যাসান্ড্রা এ জনসন, নিউইয়র্ক সিটি সুপ্রীম কোর্টের জাস্টিন কারমান ভেলেজকুইজ ও জজ স্যান্দ্রো মুনজ, কুইন্স ক্রিমিনাল কোর্টের ভারপ্রাপ্ত জাস্টিন এডউইন নাভিলো, স্টেট অ্যাসেম্বলীম্যান ডেভিড ওয়েপ্রিন ও স্টিভেন রাগা, নিউইয়র্ক সিটি এসোসিয়েশন অব রিয়েলটর্স-এর বোর্ড অব ডাইরেক্টর রব চৌধুরী, সাবেক স্টেট এ্যাসেম্বলীম্যান মাইকেল ম্যানফেকার, এটর্নী মাইকেল অস্টিন ও বীর মুক্তিযোদ্ধা মুকিত চৌধুরী।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি ও আজকালের কন্ট্রিবিউটিং এডিটর মনোয়ারুল ইসলাম, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, মদিনা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট নাসির উদ্দিন, সাংবাদিক আকবর হায়দার কিরণ, আওয়াজ বিডি'র শাহ আহমেদ, নিউইয়র্কের অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৬ এর আগামী নির্বাচনে অ্যাসেম্বলী মেম্বার পদপ্রার্থী মেরি জোবাইদা, বিশিষ্ট ব্যবসায়ী হাসানুজ্জামান হাসান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট কাজী আজম, এডভোকেট আব্দুল ওয়াহিদ, এডভোকেট মাহবুবুর রহমান বকুল, মোহাম্মদ চিশতি সিপিএ, অভিনেতা তরিকুল ইসলাম মিঠু, মঈন চৌধুরীর পুত্র রোনাল চৌধুরী ও অতিজা সামিয়া চৌধুরী ও ঈশাত চৌধুরী । উপস্থাপনায় ছিলেন সোনিয়া সিরাজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে এটর্নি মঈন চৌধুরী বলেন, দীর্ঘদিন অভিবাসন আইন নিয়ে কাজ করার অভিজ্ঞতা থেকেই এই বই লেখার অনুপ্রেরণা পেয়েছেন। তিনি আশা প্রকাশ করেন, বইটি নতুন ও পুরোনো অভিবাসীদের জন্য দিকনির্দেশনা ও সচেতনতা তৈরিতে সহায়ক হবে। অনুষ্ঠানের বক্তারা এটর্নী মঈন চৌধুরী বইটির বিষয়বস্তুর ভূয়সী প্রশংসা এবং যুক্তরাষ্ট্রে অভিবাসীদের বাস্তব জীবনের সংগ্রাম ও আইনি জটিলতা তুলে ধরার ক্ষেত্রে বইটি একটি গুরুত্বপূর্ণ দলিল বলে মন্তব্য করেন। এছাড়াও বক্তারা কমিউনিটি সেবায় মঈন চৌধুরীর অবদানের কথাও স্মরণ করেন। অনুষ্ঠানের শুরুতে এটর্নী মঈন চৌধুরী অতিথিদের নিয়ে তার ইংরেজী ভাষায় প্রকাশিত 'রোড টু আমেরিকা ইমিগ্রেশন হার্ডশিপ' এর মোড়ক উন্মোচন করেন এবং সবশেষে কেক কাটেন। বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



## মানিকগঞ্জ কল্যাণ সমিতির কবরের সনদ বিতরণ

৬৪ পৃষ্ঠার পর

আলোচনা ও ১৮৫ টি কবরের সনদ বিতরণী সমাবেশ হয়। এ সময় কল্যাণ সমিতির সদস্যদের নিকট সনদসমূহ হস্তান্তর করা হয়। এ উপলক্ষে গঠিত কমিটির আহ্বায়ক মোহাম্মদ হাফিজুর রহমান পিন্টু, যুগ্ম আহ্বায়ক মনজুর হাসান মিন্টু,



সদস্য সচিব সাজ্জাদ হোসেন বিশ্বাস সেলিম, যুগ্ম সদস্য সচিব মো শাজ্জু মিয়া, সমন্বয়ক গাজী আলতাফ হোসেন, যুগ্ম সমন্বয়ক রাশেদ মিয়ার সার্বিক তত্ত্বাবধানে এ আলোচনায় সভাপতিত্ব করেন লুৎফর রহমান মুরাদের এবং সঞ্চালনা করেন সজীব চৌধুরী। অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইমিগ্রেশন ও দুর্ঘটনা ইনজুরিতে ক্ষতিপূরণ আদায়ে বিশেষ পারদর্শী ল' ফার্মের সদস্য এটর্নী মঈন চৌধুরী। আলোচনায় আরো অংশ নেন কল্যাণ সমিতির উপদেষ্টা পরিষদের অন্যতম সদস্য সাংবাদিক আনিসুর রহমান।

## জামায়াতের সাথেই এনসিপির নির্বাচনী জোট

৬৪ পৃষ্ঠার পর

জোটের ঘোষণা আসতে পারে। আর এর মধ্য দিয়ে কার্যত এনসিপি জামায়াতের গর্ভে বিলীন হয়ে যাবে

এ বিষয়ে বৃহস্পতিবার রাতে জামায়াতে ইসলামের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের সাংবাদিকদের বলেন, "এনসিপির সঙ্গে দীর্ঘ দিন ধরেই জোট গঠনের বিষয়ে আলাপ-আলোচনা চলছে। এখন দেখা যাক কি হয়, জোট হলে আপনাদের আনুষ্ঠানিকভাবে জানিয়ে দেওয়া হবে।" এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব বলেছেন, জোট গঠনের ঘোষণা 'দুয়েক দিনের মধ্যেই' আসতে পারে।



# Empire Care Agency

**LHCSA Licensed Home Health Care**

## PCA / HHA SERVICE

**WHY CHOOSE US?**

**We Pay The Highest Rate**

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

**OUR SERVICES**

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping



**$23** Per Hour Giver to **PCA & HHA** Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



**NURUL AZIM**
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com

---



ঈদ উপলক্ষে **10% DISCOUNT**

# DUO NEST
**REAL ESTATE TUTORING CENTER**

## নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
## কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

**কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?**

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

**শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?**
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

**আমাদের সুযোগ ও সুবিধা**

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-536-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# শঙ্কা নিয়েই শুরু হচ্ছে বিপিএল

আজকাল স্পোর্টস

বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) দ্বাদশ আসর শুরু হতে আর মাত্র একদিন বাকি। নতুন নেতৃত্ব, নতুন পরিকল্পনা আর 'পরিচ্ছন্ন শৃঙ্খল' বিপিএলের প্রতিশ্রুতি- সব মিলিয়ে এবারের আসরকে আলাদা করে সাজাতে চেয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। তবে মাঠের প্রস্তুতির চেয়েও বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে নিরাপত্তা ও সার্বিক পরিস্থিতি। দেশের চলমান রাজনৈতিক বাস্তবতা, নির্বাচনকে ঘিরে সতর্কতা এবং খেলোয়াড়দের পারিশ্রমিক নিয়ে জটিলতা- সব মিলিয়ে বিপিএল কি সত্যিই শঙ্কাহীনভাবে শুরু হচ্ছে?




শুক্রবার সিলেটে পর্দা উঠছে বিপিএলের। বর্তমান পরিস্থিতিতে ঢাকার বাইরে সিলেটকে উদ্বোধনী ভেন্যু হিসেবে বেছে নেওয়ার পেছনেও রয়েছে নিরাপত্তাজনিত কারণ। যদিও বিসিবি আশার বার্তাই দিচ্ছে। বুধবার দীর্ঘ বৈঠক শেষে বোর্ড জানিয়েছে, আইনশৃঙ্খলা বাহিনীর সর্বাত্মক সহযোগিতা নিয়েই মাঠে নামছে বিপিএল।

বিসিবির মিডিয়া বিভাগের চেয়ারম্যান আমজাদ হোসেন জানান, 'আইনশৃঙ্খলা বাহিনী সর্বাত্মক সহযোগিতা করছে। সবার সহযোগিতাতেই আমরা এই টুর্নামেন্ট সামনে এগিয়ে নিয়ে যাচ্ছি।'

তবে দেশের পরিস্থিতি দ্রুত বদলাচ্ছে। জাতীয় নির্বাচন সামনে থাকায় প্রার্থীদের নিরাপত্তা এখন সরকারের প্রধান অগ্রাধিকার। এ অবস্থায় ঢাকায় বিপিএলের ম্যাচ আয়োজন করা সম্ভব হবে কি না- এ নিয়ে গুঞ্জনও শোনা যাচ্ছে বিভিন্ন মহলে। যদিও এসব আলোচনা পুরোপুরি নাকচ করেছেন আমজাদ হোসেন। তার ভাষায়, 'এ ধরনের কোনো সিদ্ধান্ত বা আলোচনাই হয়নি। আমরা এমন কোনো আভাসও পাইনি।'

নিরাপত্তা ইস্যুর পাশাপাশি আলোচনায় এসেছে ফ্র্যাঞ্চাইজিগুলোর পারিশ্রমিক পরিশোধ। নিয়ম অনুযায়ী টুর্নামেন্ট শুরুর আগেই খেলোয়াড়দের প্রথম ধাপের অর্থ দেওয়ার কথা থাকলেও এখন পর্যন্ত তিনটি দল আংশিক পরিশোধ করেছে, বাকি তিনটি দল দেয়নি। এমন অবস্থায় কিছু বিদেশি ক্রিকেটারের না আসার গুঞ্জনও শোনা যাচ্ছে। তবে এ বিষয়ে বিসিবির এরপর ৫৩ পৃষ্ঠায়



## ভুল বোঝাবুঝির অবসান
# নোয়াখালীতেই ফিরলেন সুজন

আজকাল স্পোর্টস

বিপিএল শুরুর আগের দিন ছিল চরম নাটকীয়তায় ভরা। বৃহস্পতিবার দিনের শুরুতেই আলোচনায় আসে চট্টগ্রাম রয়্যালসের মালিকানা পরিবর্তনের খবর। এর রেশ কাটতে না কাটতেই দুপুরের মধ্যেই নেতিবাচক সংবাদের শিরোনামে উঠে আসে নোয়াখালী এক্সপ্রেস। দলের অনুশীলনে নানা ধরনের অব্যবস্থাপনার অভিযোগ তুলে ক্ষোভ প্রকাশ করে অনুশীলন ছেড়ে যান নোয়াখালী এক্সপ্রেসের দুই কোচড় এরপর ৫৩ পৃষ্ঠায়



# আইসিসি টেস্ট র‍্যাঙ্কিংয়ে কামিন্সের উন্নতি

আজকাল স্পোর্টস

ইনজুরির কারণে অ্যাশেজের প্রথম দুই টেস্ট খেলতে না পারা প্যাট কামিন্স তৃতীয় টেস্টে ফিরে দারুণ পারফর্ম করেছেন। তার এই পারফরম্যান্সের ফলে আইসিসি টেস্ট র‍্যাঙ্কিংয়ে বড় উত্থান হয়েছে। বোলারদের র‍্যাঙ্কিংয়ে চার ধাপ এগিয়ে দুই নম্বরে উঠে এসেছেন অস্ট্রেলিয়ার অধিনায়ক কামিন্স।

ব্যাট হাতে অ্যাডিলেড টেস্টে শতক হাঁকানো ট্রাভিস হেড ও অ্যালেক্স ক্যারিও র‍্যাঙ্কিংয়ে উল্লেখযোগ্য উন্নতি করেছেন। হেড চার ধাপ এগিয়ে স্টিভ স্মিথের সঙ্গে যৌথভাবে চার নম্বরে আছেন। ক্যারি ছয় ধাপ উন্নতি করে প্রথমবারের মতো সেরা দশে পৌঁছেছেন, বর্তমানে নবম স্থানে অবস্থান করছেন।

মিচেল স্টার্ক এক ধাপ পিছিয়ে তিন নম্বরে অবস্থান করছেন, তবে ভারতের পেসার বুমরাহ শীর্ষস্থান ধরে রেখেছেন। জো রুটের পয়েন্ট ৮৮৭ নিয়ে টেস্ট র‍্যাঙ্কিংয়ে প্রথম স্থানে আছেন।

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে মাউন্ট মঙ্গানুই টেস্টে ডেভন কনওয়ের দুই ইনিংসে যথাক্রমে ২২৭ ও ১০০ রান করার ফলে তার র‍্যাঙ্কিং ১৭ ধাপ উন্নতি পেয়েছে। নিউজিল্যান্ড অধিনায়ক টম ল্যাথামও দুই এরপর ৫৩ পৃষ্ঠায়



# মোস্তাফিজ-তাসকিন দেশে ফিরছেন

আজকাল স্পোর্টস

